The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 897 | 21 November 2025 | শুক্রবার ০৬ অগ্রহায়ণ ১৪৩২

Police Commissioner Jessica Tisch to remain NYC's top cop with Mamdani → Page 19

Mehazabien gets bail hours after warrant sparks online renzyOctober → Page 18

Govt going full steam ahead with polls preparation → Page 19

Trump Unveils 'FIFA PASS' to Help World Cup Travellers to Get Visas Faster → Page 18

# হাসিনার মৃত্যুদণ্ডে চ্যালেঞ্জে আ.লীগ

মাসুদ করিম, *ঢাকা থেকে*



নাটকের শেষ দৃশ্য এখনও বাকি। চব্বিশের জুলাইয়ে এক অভাবনীয় অভ্যুত্থানে তদানীন্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশত্যাগ করে ভারতে আশ্রয় নিলে একের পর এক নাটকীয় ঘটনা ঘটতে থাকে। ছাত্রদের নেতৃত্বে পরিচালিত আন্দোলন জয়ী হবার পর বাংলাদেশ কোন পথে হাঁটবে জুলাই সনদে তৈরী হয় তার রূপরেখা। বাংলাদেশের 'ইন্টারন্যাশনাল ক্রাইম ট্রাইব্যুনাল' (আইসিটি) দেয় শেখ হাসিনার বিরুদ্ধে মৃত্যুদন্ডের রায়। তারপরেই ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভালের আমন্ত্রণে দিল্লি যান বাংলাদেশের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা খলিলুর রহমান। এই ধারাবাহিকতায় নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনূসের অর্ন্তবর্তি সরকারের এরপর ১৪ পৃষ্ঠায়

## তত্ত্বাবধায়ক পুনর্বহাল ইউনূসের অধীনেই এবারের নির্বাচন

আজকাল প্রতিনিধি, *ঢাকা থেকে*

বহুল আলোচিত নির্বাচনকালীন নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বাতিলের এরপর ৩৪ পৃষ্ঠায়



## মামদানির আসনে লড়বেন ৩ নারী

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক স্টেট অ্যাসেম্বলি ডিস্ট্রিক্ট ৩৬ নির্বাচনে জোহরান মামদানির শূন্য আসনে লড়বেন ৩ নারী। তারা সকলেই মামদানির অনুসারি। ডেমোক্র্যাটিক সোশালিস্ট। তারা মেয়র নির্বাচনে এরপর ১৫ পৃষ্ঠায়

মামদানির শপথের আগেই

## নিউইয়র্ক সিটিতে আইস পুলিশের ক্র্যাকডাউন





আজকাল রিপোর্ট

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সীমান্ত-নীতির প্রধান কর্মকর্তা (বর্ডার জার) টম হোম্যান বলেছেন, ফেডারেল অভিবাসন-প্রয়োগকারী দল এরপর ৩৪ পৃষ্ঠায়

## ট্রাম্প-মামদানি বৈঠক আজ

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচনের সময় পরস্পর বিরোধী অবস্থান থাকলেও নির্বাচনের পর আজ শুক্রবার ২১ নভেম্বর দেখা হতে যাচ্ছে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও নিউইয়র্কের নব-নির্বাচিত মেয়র জোহরান মামদানির। নিজের সামাজিক এরপর ১৪ পৃষ্ঠায়

## বাংলাদেশি পুলিশ অফিসার আতিক গ্রেপ্তার

■ আইস পুলিশের পরিচয় ব্যবহারের অভিযোগ ■ রোমান্টিক সম্পর্কের প্রস্তাব ■ টক অব দ্যা বাংলাদেশি কমিউনিটি

হাসান মাহমুদ



'বাংলাদেশি-আমেরিকান এনওয়াইপিডির অফিসার (সার্জেন্ট) আতিকুল ইসলামকে ফেডারেল এজেন্টরা গত মঙ্গলবার (১৮ নভেম্বর) নিউইয়র্ক থেকে গ্রেপ্তার করে আদালতে হাজির করে। ২৯ বছর বয়স্ক সার্জেন্ট আতিক একজন দক্ষ পুলিশ অফিসার হিসেবে তার এরপর ৫০ পৃষ্ঠায়

আরবি শিখুন, বাচ্চাদের শেখান
Contact Us
আপনার জন্য থাকবে একজন একান্ত নিবেদিত শিক্ষক, যিনি কেবল আপনাকেই শেখাবেন। বাংলা বা ইংরেজিতে শিখতে পারবেন। সন্তুষ্টি গ্যারান্টি ও সাশ্রয়ী মাসিক ফি। যোগাযোগ: (646) 400-0786
TWO FREE SESSIONS!

Real Estate
New York, Dubai & Dhaka
Mijan Rahman
Chairman & CEO
Mijan Real Estate Limited
Mijan Multi Services Inc.
Mijan Home Care Inc.
Mijan Travel Inc.
M&F Trading Inc.
ঢাকার বসুন্ধরা, পূর্বাচল, উত্তরা, ধানমন্ডি, বনানী, গুলশানে বাড়ি, প্লট ও ফ্ল্যাট ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন।
+1 917-631-5050 RealtorMijan@gmail.com

সরকারী অনুদানে বাসা ও ব্যবসা প্রতিষ্ঠানে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?
GREE MECHANICAL YONKERS
সরকারী অনুদান $8000-$10000 ডলার
বিস্তারিত জানতে কল করুন
914-222-9477, 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers NY 10710
তোফায়েল চৌধুরী

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায়
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1313056

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবাধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
TAX Liens Charge Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসের
বিনামূল্যে পরামর্শ
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury, Attorney at Law

MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR
ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
RAJIB AHMED, PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স | পেরোল | বিজনেস সেটআপ | ইমিগ্রেশন | নোটারী পাবলিক
Mohammed Hasem, EA, MBA
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

GOLDEN AGE HOME CARE
PCA SERVICE
সর্বাধিক জনপ্রিয় হোম হেলথ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA, President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
elderplan
a participating agency of MJHS Health System
Anthem
Hamaspik
MANAGED CARE
RiverSpring Living
MetroPlus Health
S W H
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ
GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416

# বাতিলের পথে বহুল আলোচিত এইচ-১বি ভিসা পদ্ধতি!

আজকাল রিপোর্ট




প্রযুক্তি খাতে বিদেশি দক্ষ কর্মী আনতে যুক্তরাষ্ট্রে বিশেষ ভিসা প্রকল্প এবার বাতিল হবার পথে রয়েছে। এই প্রক্রিয়ার অংশ হিসেবে কংগ্রেসে একটি বিল আনা হয়েছে। প্রযুক্তিখাতের বহুল আলোচিত এইচ-১বি ভিসার ফি ব্যাপকভাবে বাড়াবার পরও এবার ওই ভিসা প্রকল্পই বাতিল করতে চাইছেন ট্রাম্প প্রশাসন। ইতোমধ্যে কংগ্রেসে এ সংক্রান্ত একটি বিলও জমা পড়েছে। গত সেপ্টেম্বর থেকে ১ হাজার ৫শ ডলারের পরিবর্তে ১ লাখ ডলার ভিসা ফি ধার্য আছে এইচ-১ বি ভিসার জন্য। কংগ্রেসের নিম্নকক্ষ প্রতিনিধি পরিষদের (হাউস অব রিপ্রেজেন্টেটিভস) সদস্য মার্জোরি টেইলর গ্রিন গত ১৩ নভেম্বর বিলটি উত্থাপন করেছেন।

প্রতিনিধি পরিষদে বিল জমা দেওয়ার আগে সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে একটি ভিডিও বার্তা শেয়ার করেন মার্জোরি। সেখানে তিনি বলেন, 'এইচ-১বি ভিসা বাতিল করতে আমি হাউস অব রিপ্রেজেন্টেটিভসে একটি বিল জমা দিয়েছি। প্রতারণা এবং অপব্যবহারে পরিপূর্ণ এই ভিসার কারণে দশকের পর দশক ধরে যুক্তরাষ্ট্রের কর্মীরা গুরুতর বঞ্চনার শিকার হচ্ছে। এই ভিসার সুযোগ নিয়ে এতদিন বড় বড় টেক এবং আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স জায়ান্ট কোম্পানি, হাসপাতাল ও বিভিন্ন শিল্পকারখানা আমাদের নাগরিকদের বঞ্চিত করে বিদেশিদের চাকরি দিয়েছে।'

'বিলটি পাস হলে দুর্নীতিগ্রস্ত এইচ-১বি ভিসা বাতিল হবে এবং যুক্তরাষ্ট্রের বিজ্ঞান ও প্রযুক্তি, স্বাস্থ্যসেবা, প্রকৌশলী, ম্যানুফ্যাকচারিংসহ সব খাতে এরপর ২৪ পৃষ্ঠায়



## খানের জ্যাকসন হাইটস-ব্রঙ্কস অ্যাওয়ার্ডস ম্যানিয়া উদযাপন

আজকাল রিপোর্ট

খান টিউটোরিয়াল গত সপ্তাহান্তে দুটি অবিশ্বাস্য উদযাপনের মধ্যদিয়ে অ্যাওয়ার্ডস মেনিয়া ২০২৫ অব্যাহত রেখেছে। একটি শনিবার খান টিউটোরিয়াল-এর জ্যাকসন হাইটস সেন্টারে এবং অন্যটি রোববার খানের ব্রঙ্কস সেন্টারে ছিল। পরিবার, ছাত্র এবং প্রশিক্ষকরা এই বছরের শীর্ষ নিউইয়র্ক স্টেট পরীক্ষায় অর্জনকারীদের সম্মান জানাতে উভয় স্থানে জড়ো হয়েছিল। এটি সকলের উপস্থিতিতে এক মিলন মেলায় রূপান্তরিত হয়েছিল। নাঈমা খান, ড. ইভান খান অনুষ্ঠানে শিক্ষার্থী ও তাদের পরিবারের সাথে উপস্থিত ছিলেন। এরপর ১৫ পৃষ্ঠায়

## চোখ থেকে বিচারকের চশমা ছিনতাই

আজকাল রিপোর্ট

অরুনাভ চক্রবর্তী একজন সিনিয়র জেলা ও দায়রা জজ। তিনি বুধবার ঢাকার সংসদ ভবন এলাকায় ছিনতাইকারীদের কবলে পড়েন। সংসদ ভবন এলাকায় হাঁটাহাঁটি করার সময় ছিনতাইকারীদের সামনে পড়লে বিচারককে ভয়ভীতি দেখানো হয়। এ সময় ছিনতাইকারীরা তাঁর চোখে থাকা চশমাসহ মোবাইল ফোন নিয়ে পালিয়ে যায়। তারা সংখ্যায় তিনজন ছিলেন। রাত পৌনে ৯টার দিকে শেরেবাংলা নগর থানা এলাকা সংসদ ভবনের সামনে এ ঘটনা ঘটে। পুলিশ জানায়, বিচারক অরুনাভ চক্রবর্তী রাতে হেঁটে সংসদ ভবন এলাকা দিয়ে যাচ্ছিলেন। এসময় তিন ছিনতাইকারী তার পথরোধ করে হুমকি-ধমকি দিয়ে চশমা ও মোবাইল ফোন নিয়ে যায়। বিষয়টি নিশ্চিত করেছেন তেজগাঁও বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) ইবনে মিজান। তিনি বলেন, সংসদ ভবন এরপর ১৫ পৃষ্ঠায়

## এমসি কলেজ এলামনাই'র নির্বাচন ২৮ ডিসেম্বর

আজকাল রিপোর্ট

সিলেট এম সি এন্ড গভঃ কলেজ এলামনাই এসোসিয়েশন ইউএসএ এর নির্বাচন অনুষ্ঠিত হবে। এ উপলক্ষ্যে সংগঠনের চূড়ান্ত ভোটার তালিকা নির্বাচন কমিশনের নিকট হস্তান্তর করেন এলামনাই এসোসিয়েশনের সভাপতি সফিক চৌধুরী, সাধারণ সম্পাদক রেজাউল করিম রেজু ও সহসভাপতি আজিমুর রহমান বুরহান। ভোটার তালিকা গ্রহন করেন প্রধান নির্বাচন কমিশনার ময়নুল হক চৌধুরী হেলাল ও নির্বাচন কমিশনার আসিফ চৌধুরী এবং তোফায়েল আহমদ চৌধুরী। আগামী ২৮ ডিসেম্বর সিলেট এম সি এন্ড গভঃ কলেজ এলামনাই এসোসিয়েশনের নির্বাচন অনুষ্ঠিত হবে। সুষ্ঠ ভোটার তালিকা ও সংশোধিত সংবিধানের কপি হস্তান্তরের জন্য কার্যকরী এরপর ১৫ পৃষ্ঠায়



## ব্রঙ্কসে মনোয়ারুল ইসলামকে ফুলেল শুভেচ্ছা

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি হিসেবে পূনঃনির্বাচিত হওয়ায় মনোয়ারুল ইসলামকে ব্রঙ্কস কমিউনিটি নেতৃবৃন্দের ফুলেল শুভেচ্ছা জানান। গত ১৫ নভেম্বর স্টার্লিন বাংলাবাজারে একটি রেস্টুরেন্টে আয়োজিত অনুষ্ঠানে তাকে ব্রঙ্কস কমিউনিটির নেতৃবৃন্দের পক্ষ থেকে এ শুভেচ্ছা জানানো হয়। নেতৃবৃন্দের মধ্যে ছিলেন ব্রঙ্কস কমিউনিটি বোর্ড-৯ সভাপতি মাষ্টার অফ ল মোহাম্মাদ এন মজুমদার, বিবিএ সভাপতি এম ইসলাম মামুন, এনওয়াইপিডির সাবেক সিনিয়র ডিটেকটিভ মাসুদ রহমান, হৃদয়ে এরপর ১৫ পৃষ্ঠায়

## মুনা সেন্টার অফ জ্যাকসন হাইটসের ফান্ড রেইজিং ডিনার

আজকাল রিপোর্ট

মুনা সেন্টার অফ জ্যাকসন হাইটসের (মসজিদ নামিরাহ) বার্ষিক ফান্ড রেইজিং ডিনার ও দোয়া মাহফিল গত ১৫ নভেম্বর মসজিদ মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নর্থ আমেরিকান হিউম্যানিটারিয়ান এইড এন্ড রিলিফের (নাহার) চেয়ারম্যান ডা. আতাউল গনি ওসমানী। প্রধান আলোচক ছিলেন মসজিদে নামিরাহ এর ইমাম ও খতিব মাওলানা অলিউর রহমান সিরাজী।

অনুষ্ঠানে বক্তারা বলেন, মসজিদ নির্মাণ অত্যন্ত সওয়াবের কাজ। আল্লাহর প্রিয় হওয়ার অন্যতম মাধ্যম। কিন্তু শর্ত হলো, এতে কোনো রকমের অহমিকা, গৌরবের বিষয় অনুপ্রবেশ করতে দেওয়া যাবে না। মসজিদ নির্মাণ করতে এরপর ৩৬ পৃষ্ঠায়




## আমেরিকান-বাংলাদেশী ওয়েলফেয়ার অর্গানাইজেশন'র অভিষেক

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের ব্রঙ্কসে আমেরিকান বাংলাদেশী ওয়েলফেয়ার অর্গানাইজেশন ইনকের নতুন কার্যনির্বাহী কমিটির অভিষেক অনুষ্ঠান সফল করতে এক সভা অনুষ্ঠিত হয়েছে। গত ১৩ই নভেম্বর বৃহস্পতিবার সন্ধ্যায় ব্রঙ্কসের স্টার্লিং বাংলাবাজারের এশিয়ান ড্রাইভিং স্কুল মিলনায়তনে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি আব্দুস শহীদ।

নবনির্বাচিত সাধারণ সম্পাদক নুরুল ইসলাম মিলনের সঞ্চালনায় বক্তব্য রাখেন অভিষেক উদযাপন কমিটির আহ্বায়ক সোহান আহমেদ এরপর ১৪ পৃষ্ঠায়


GRAND OPENING!
JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911


Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

• Do you want apply for a green card? • Are you being deported? • Are you having credit card problems?
• Are you unable to pay your debts? • Has your bank account been sealed?
• Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।


Suryia Rahman, Esq

# NY INSURANCE BROKERAGE INC

NY I
NY INSURANCE BROKERAGE

## আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২) প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি, তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**




Design & Print by: ihopeprint.com, 929-538-7903

**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

সম্পাদকীয়

# হাসিনার মৃত্যুদণ্ডের রায় শতায়ু হয়ে থাকবে

বাংলাদেশে অধিকাংশ বড় অপরাধ এবং রাষ্ট্রবিরোধী কর্মকাণ্ড বহু সময় চাপা পড়ে গেছে রাজনৈতিক প্রভাবে। বহু পরিবার বিচারহীনতার কষ্ট বয়ে বেড়িয়েছে। ইলিয়াস পরিবারের দীর্ঘশ্বাস বাতাসে অভিশাপের মাত্র বাড়িয়েছে। মানবতা ও বিচারহীনতার উলঙ্গ নৃত্যে জাতি ১৭টি বছর ছিল নির্বাক। হাসিনার বিকলাঙ্গ বাক্যবাণীতে মানুষ বধির ছিল। ৫ আগস্ট তা ভেংগে জনতার চিৎকারে একজন ফ্যাসিস্ট শাসকের পতন ঘটেছিল। সে চিৎকারের নাম ছিল বিপ্লব। অভ্যুত্থান। ১৮ মাস পরও স্বৈরশাসকের বিচার হলো। রায় এলো মৃত্যুদণ্ড। সাবেক একজন সরকারের মৃত্যুদণ্ড বাংলাদেশের ইতিহাসে প্রথম। সারা বিশ্ব এই রায়ের খবর ছড়িয়েছে। বার্তা একটাই ১৭টি বছর ক্ষমতায় থাকা একজন সরকার প্রধানের মৃত্যুদণ্ড। বাংলাদেশের এই রায় তাদের কাছে একটি উদাহরণ। রাষ্ট্র আর অপরাধকে ছায়া দেয় না। রাষ্ট্র অপরাধীকে নাম, পদ, ক্ষমতা দিয়ে রক্ষা করে না। এই দৃষ্টান্ত নিশ্চয় ভবিষ্যৎ প্রজন্মকে আশার বার্তা দেবে। যুগে যুগে থাকবে আলোচনায়। তা শত কিংবা হাজার বছর জুড়ে।

> এই রায় হয়তো সেই পথই তৈরি করে দেবে। রায় নিয়ে অবশ্যই উত্তেজনা, বিতর্ক থাকবে, সেটাই স্বাভাবিক। কিন্তু ইতিহাস প্রমাণ করে, আইনের শাসন ও ন্যায়বিচারই শেষ পর্যন্ত স্থিরতা এনে দেয়। এই রায় নিয়ে দেশে আলোড়ন সৃষ্টি হয়েছে নিঃসন্দেহে। কিন্তু এরপরে কী হবে, তা মূলত নির্ভর করবে পরবর্তী ঘটনাপ্রবাহের ওপর। ভবিষ্যতের বাংলাদেশ এখন কোন পথে হাঁটবে। সেই সিদ্ধান্ত আমাদের সবার।রাষ্ট্রের, রাজনীতির এবং নাগরিকের

হাসিনার মৃত্যুদণ্ড কার্যকরের সুযোগ হয়তো হবে না। তারপরও হয়তো হাসিনা বিরোধী সরকারের হাতে তাকে তুলে দেবে না। হয়তোবা একদিন আওয়ামী লীগ ফিরে এলে বিজয়িনীর বেশে হাসিনা ফিরবেন। অনেক রায়ের মতো এই রায়টিও বাতিল হতে পারে। কিংবা তিনি আর জীবদ্দশায় দেশে ফিরতে নাও পারেন। আগামীর ছায়াপথ যাই হোক না কেন। এই রায় একটি বার্তা শক্তভাবে দিয়েছে- ক্ষমতা ও দম্ভ চিরস্থায়ী নয়।

রায়ে যারা সন্তুষ্ট তারা উল্লসিত।তারা বলছেন, অবিচার ও অত্যাচারের কড়া জবাব আছে রায়ে। যারা এই রায় মেনে নেন নি। তারা প্রতিশোধের আগুনে শপথ নিচ্ছেন। বিচারকের হাত কেটে ফেলার হুমকি দিচ্ছেন। অন্তর্বর্তিকালীন সরকার প্রধান ড. ইউনূসকে পদ্মা, যমুনা কিংবা বুড়িগঙ্গায় ডুবিয়ে মারার হুমকি দিচ্ছেন। এটা ভবিষ্যতের রাজনৈতিক প্রতিশোধের যাত্রারম্ভ। পরিস্থিতি যা-ই হোক, এখন সরকারের এবং বিচারব্যবস্থার প্রধান দায়বোধ হওয়া উচিত। সেটা হলো জনগণের শান্তি, নিরাপত্তা ও সংহতির দিকে নজর দেওয়া। দেশের জন্য নতুন একটি রাজনৈতিক অধ্যায় গড়তে চাইলে ন্যায্যতা, আইনি স্বচ্ছতা এবং সংলাপ অপরিহার্য। দেশের জনগণকে মনে রাখতে হবে, বিচার শেষ হলে প্রকৃত কাজ শুরু হবে, যেখানে রাজনৈতিক বিরোধিতা শুধু ক্ষমতায় যাওয়ার প্রতিদ্বন্দ্বিতা নয়, দেশের উন্নয়নপ্রক্রিয়ার অংশ হিসেবেও দেখা।

রাজনীতিতে মতভেদ থাকা স্বাভাবিক। কিন্তু মানবতাবিরোধী অপরাধের মতো গুরুতর অভিযোগ কখনোই রাজনৈতিক মতাদর্শের সীমানায় আটকে থাকতে পারে না।

বাংলাদেশের ইতিহাসে একটি যুগান্তকারী দৃষ্টান্ত-একজন সাবেক প্রধানমন্ত্রীর বিচার। এ রায় রাষ্ট্রকে বার্তা দেয় যে নিরঙ্কুশ ক্ষমতা কারও জন্যই চিরস্থায়ী রক্ষাকবচ হতে পারে না। আবার একই সঙ্গে এটি ভয়ও তৈরি করে। রায়ের পর থেকে দেশের রাজনৈতিক অঙ্গনে যে স্নায়ুচাপ সৃষ্টি হয়েছে, তা বলে দেয়-এটি রাজনীতির পরবর্তী পথরেখা তৈরির অন্যতম নিয়ামক।

রাজনীতিতে স্থিতিশীলতা কখনো অন্যায়কে ধামাচাপা দিয়ে আসতে পারে না; বরং অন্যায়ের বিচার হলেই কেবল অতীতের ক্ষত শুকানো, বিভাজন কমানো এবং রাষ্ট্রকে নতুন পথে এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব। এই রায় হয়তো সেই পথই তৈরি করে দেবে। রায় নিয়ে অবশ্যই উত্তেজনা, বিতর্ক থাকবে, সেটাই স্বাভাবিক। কিন্তু ইতিহাস প্রমাণ করে, আইনের শাসন ও ন্যায়বিচারই শেষ পর্যন্ত স্থিরতা এনে দেয়।

এই রায় নিয়ে দেশে আলোড়ন সৃষ্টি হয়েছে নিঃসন্দেহে। কিন্তু এরপরে কী হবে, তা মূলত নির্ভর করবে পরবর্তী ঘটনাপ্রবাহের ওপর। ভবিষ্যতের বাংলাদেশ এখন কোন পথে হাঁটবে। সেই সিদ্ধান্ত আমাদের সবার।রাষ্ট্রের, রাজনীতির এবং নাগরিকের।

# শেখ হাসিনার ফাঁসির রায় এবং তাঁর রাজনৈতিক মৃত্যু

জাহেদ উর রহমান



জাতি হিসেবে এটা আমাদের জন্য ভীষণ দুর্ভাগ্যের এবং কলঙ্কের-সাম্প্রতিক সময়ের ইতিহাসে এই রাষ্ট্রের মাটিতে মানবতাবিরোধী অপরাধ সংঘটিত হয়েছে। আবার আমাদের জন্য এটা ভীষণ গৌরবেরও-একটা সত্যিকার গণ-অভ্যুত্থানের মাধ্যমে আমরা সেই অপরাধকারীদের পতন ঘটিয়ে দেশ ছাড়তে বাধ্য করতে পেরেছি।

অপরাধকারীদের পতনের পর জাতি হিসেবে আমাদের ওপরে সেই অপরাধের ন্যায়বিচার নিশ্চিত করার দায়িত্ব ন্যস্ত হয়েছে। প্রতিটি ন্যায়বিচার ভবিষ্যতে একই ধরনের অপরাধের ক্ষেত্রে নিবৃত্তকারী হিসেবে কাজ করে। শেখ হাসিনার অপরাধ এবং বিচার যেহেতু আন্তর্জাতিক মনোযোগ পেয়েছে, তাই একই ধরনের অপরাধ নিবৃত্তকারী হিসেবে এটার আন্তর্জাতিক প্রভাবও আছে।

শেখ হাসিনার বিরুদ্ধে যে অভিযোগ ছিল, সেগুলো নেহাত হত্যা কিংবা নির্যাতন না, এগুলো মানবতাবিরোধী অপরাধ। শুধু জুলাই গণ-অভ্যুত্থানের সময়ই না, তার শাসনামলের পুরোটা সময় গুম, বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের মতো অপরাধ সংঘটিত হয়েছে নিয়মিতভাবেই। এর বাইরেও বিএনপি নেতা-কর্মীদের ওপরে এবং একটা সময় পর্যন্ত জামায়াতে ইসলামীর কর্মীদের ওপরেও পরিকল্পিতভাবে হেফাজতে নির্যাতন, গায়েবি মামলাসহ নানা রকম নিপীড়নও মানবতাবিরোধী অপরাধের আওতায় পড়বে।

> মানুষ রাষ্ট্র তৈরি করেছিল এমন একটা ব্যবস্থা নিশ্চিত করতে, যার মাধ্যমে সব মানুষ কিছু নিয়মনীতির মধ্যে বসবাস করবে এবং এর ব্যত্যয় হলে ন্যায়বিচার নিশ্চিত করার মাধ্যমে রাষ্ট্র ও সমাজে নজির স্থাপিত হবে। কোনো রাষ্ট্র যদি ন্যায়বিচার করতে ব্যর্থ হয়, বিশেষ করে মানবতাবিরোধী অপরাধের মতো ক্ষেত্রে, সেটা সেই রাষ্ট্রের আর যেকোনো বিচার করার অধিকারকেই প্রশ্নবিদ্ধ করে। আমরা স্মরণ রাখব মার্টিন লুথার কিং এর বিখ্যাত উক্তি-'যেকোনো অবিচারই সব ক্ষেত্রে ন্যায়বিচারের জন্য হুমকি

শেখ হাসিনার বিরুদ্ধে দায়ের করা মামলার প্রথম মামলাটির রায়ে প্রত্যাশিতভাবেই পাঁচটি অভিযোগের মধ্যে তিনটির জন্য তিনি সর্বোচ্চ শাস্তি, মৃত্যুদণ্ড পেয়েছেন। বাকি দুটির জন্য পেয়েছেন আমৃত্যু কারাদণ্ড।

শেখ হাসিনার বিরুদ্ধে গণ-অভ্যুত্থান এক অভাবনীয় উদাহরণ হয়ে থাকবে পৃথিবীর ইতিহাসে। কোনো রকম মারণাস্ত্র ছাড়া রাষ্ট্রীয় বাহিনীর বিরুদ্ধে শুধু নৈতিক শক্তিকে পুঁজি করে নেমে যাওয়া মানুষের ওপরে অকল্পনীয় বর্বরতা চালানো হয়েছে। সেই বিক্ষোভ দমনে শেখ হাসিনা ঠান্ডা মাথায় মারণাস্ত্র ব্যবহার করতে নির্দেশ দিয়েছেন এমন ফোন রেকর্ড আছে।

আল-জাজিরা এবং বিবিসির মতো প্রতিষ্ঠান তাদের ডকুমেন্টারিতে সেই অডিও ব্যবহার করার জন্য নিজেরা ফরেনসিক টেস্ট করে নিশ্চিত হয়েছে সেটা তাঁরই কল রেকর্ড; কোনো প্রযুক্তির সহায়তায় তৈরি করা নয়।

শেখ হাসিনার প্রতিষ্ঠিত মাফিয়াতন্ত্রের বিরুদ্ধে লড়াইয়ে যাঁরা কোনো না কোনোভাবে যুক্ত ছিলেন, বিশেষ করে নিহত ব্যক্তিদের স্বজন, অঙ্গ-বিকলাঙ্গ মানুষ, আহত ব্যক্তিদের নিশ্চয়ই বেশি নজর ছিল এই বিচারের প্রতি। তবে আমরা স্মরণ করব, এই গণ-অভ্যুত্থান শুধু নয়, আওয়ামী শাসনের দীর্ঘ ১৫ বছর (বিশেষ করে অবৈধভাবে ক্ষমতায় থাকার সাড়ে দশ বছর) বিরুদ্ধাচরণ করে নিপীড়নের শিকার অসংখ্য রাজনৈতিক নেতা-কর্মী ও অরাজনৈতিক ব্যক্তি এবং লুণ্ঠিত গণতন্ত্রের দেশে মানবাধিকার ও নাগরিক অধিকার বঞ্চিত হয়ে রীতিমতো প্রজায় পরিণত হওয়া কোটি কোটি মানুষেরও এই রায়ের প্রতি নজর ছিল। এই রায় নিশ্চয়ই ন্যায়বিচার নিশ্চিত করেছে। তবে প্রশ্ন আসতেই পারে, এই রায় কি শেষ পর্যন্ত প্রতীকী বিষয়ে পরিণত হবে?

শেখ হাসিনার জীবদ্দশায় তাঁকে দেশে এনে রায় কার্যকর করা যাবে, এই সম্ভাবনা এখনো দেখা যাচ্ছে না। ভারত সরকার যেভাবে তাঁর আশ্রয় ও নিরাপত্তা বিধান করছে তাতে এটা প্রায় নিশ্চিত যে ভারত শেখ হাসিনাকে ফেরত দেবে না। ভারতের মানসিকতার প্রমাণ পেতে পারি স্বয়ং প্রধান উপদেষ্টাসহ বাংলাদেশ বারবার আপত্তি জানানোর পরও ভারত শেখ হাসিনাকে ক্রমাগত বাংলাদেশের বিরুদ্ধে উসকানিমূলক কথা বলায় বাধা দিচ্ছে না। এমনকি রায় ঘোষণার আগের দিনও তিনি তাঁর বক্তব্যে গণ-অভ্যুত্থানের শক্তিগুলোর বিরুদ্ধে মারাত্মক সব হুমকি দিয়েছেন।

বাংলাদেশ সরকারের উচিত হবে সরাসরি ভারত সরকারের ওপর শেখ হাসিনাকে হস্তান্তরের জন্য চাপ তৈরি করা। ভারত সরকারকে ভাবতে হবে, তারা যদি শেখ হাসিনার সময়ের মতো শুধু একজন ব্যক্তি বা একটি দলের সঙ্গে সম্পর্ক না করে একটি টেকসই দ্বিপক্ষীয় সম্পর্ক এরপর ২৬ পৃষ্ঠায়

# শেখ হাসিনার রাজনীতির 'ডিএনএ' টেস্ট এবং নিয়তির ঘড়ি

নিয়াজ মাহমুদ

১৭ নভেম্বর-বাংলাদেশের রাজনীতির আকাশে এই দিনটি যেন বারবার ফিরে আসে,বারবারই অনিবার্য এক নাটকের পর Curtain Call টানতে চায়। ১৯৬৭ সালের ১৭ নভেম্বর ড. ওয়াজেদ মিয়া আর শেখ হাসিনার বিয়ের দিন। ২০২৫ সালে একই দিনে ঘোষণা হলো হাসিনার বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধে মৃত্যুদণ্ডের রায়। ইতিহাস কি কাকতাল? নাকি নিয়তি এতটাই নির্মম? হাসিনা একসময় বলেছিলেন-"মানুষের নিয়তি সে নিজেই লেখে।" আজ আদালতের কাঠগড়ায় দাঁড়াতে না পারলেও, সেই "লেখা" যেন তার দিকে ফিরে এল ঘূর্ণিঝড় হয়ে।

এই রায় শুধু একটি বিচারিক ঘোষণা নয়-এটি বাংলাদেশের রাজনৈতিক স্মৃতিকে টেনে নিয়ে গেল বিচারালয়ের কাঠের বেঞ্চে। আর সেই বেঞ্চে, আজ বিচারাধীন হলো পুরো একটি যুগ, একটি শাসনদর্শন এবং রাষ্ট্রক্ষমতার হুক। ট্রাইব্যুনাল বলেছে-হাসিনার তিনটি অভিযোগ প্রমাণিত। দুটি অভিযোগে মৃত্যুদণ্ড। আর সেই অভিযোগগুলো? এগুলো কোনও সাধারণ রাজনৈতিক দুর্নীতি নয়-এগুলো নিরস্ত্র নাগরিকের ওপর রাষ্ট্রীয় দমন, গণহত্যার আয়োজন, হত্যা বা হত্যার অনুমোদনের অভিযোগ।

হাসিনা পালিয়ে গেছেন দিল্লিতে। দেশ তাকে ডাকছে আদালতে, কিন্তু আদালতের রায় তাকে টেনে নিয়ে যাচ্ছে ইতিহাসের এমন এক পাতায়, যেখান থেকে ফিরতি পথ খুব কম মানুষই খুঁজে পায়।

বাংলাদেশের আধুনিক ইতিহাসে রাষ্ট্রীয় দমন-পীড়ন নতুন কিছু নয়। কিন্তু ২০২৪ সালের গণঅভ্যুত্থান-যেখানে ছাত্র, শ্রমিক, সাধারণ মানুষ মিলে গড়েছিল এক ঈষৎ বিস্ফোরিত তরুণ-বিদ্রোহ-সে বিদ্রোহকে স্তব্ধ করতে যে নৃশংসতা চালানো হয়েছিল, সেগুলোর ছবি, ভিডিও, লাশের ওপর আঘাত, হাসপাতালের দরজায় পুলিশি চেকপোস্ট-সবই ফিরে এসেছে আজকের রায়ে ভূত হয়ে। হাসিনা একসময় বলতেন-

"বাংলাদেশের মানুষের চোখে চোখ রেখে চলার ক্ষমতা আমার আছে।" আজ সেই চোখের ভাষাই রায়ের মূলে, যেখানে আছে একেকটি লাশের নীরব সাক্ষ্য, হাসপাতালের করিডরে মায়ের কান্না, এবং তরুণদের ছিন্নভিন্ন অস্থির দেহ।



এখানেই বিতর্ক সবচেয়ে জটিল। বিচার কি সত্যিই নিরপেক্ষ? নাকি এই রায় রাজনৈতিক প্রতিশোধের সুরে বাজছে? হাসিনার পক্ষ বলছে-"এই ট্রাইব্যুনাল নাকি একটি রাজনৈতিক অস্ত্র।" আন্তর্বর্তী সরকারের ওপর অভিযোগ-"ইউনূসের নেতৃত্বে দলটিকে নিশ্চিহ্ন করার চেষ্টা।" সজীব ওয়াজেদ জয়ের হুমকি-"আওয়ামী লীগের ওপর নিষেধাজ্ঞা বহাল থাকলে দেশে সহিংসতা হবে।"

অন্যদিকে সরকারের মুখপাত্র বলছে- "রাজনৈতিক প্রভাব নেই। এটি ন্যায়বিচার, accountability।"

তবু একটি সত্য অস্বীকার করা যায় না-স্বাধীনতার ৫৪ বছরে প্রথমবার, বাংলাদেশের কোনও সাবেক ক্ষমতাধর প্রধানমন্ত্রী মানবতাবিরোধী অপরাধে মৃত্যুদণ্ডের রায় পেলেন। এটি এক ঐতিহাসিক মুহূর্ত-চাই সে ন্যায়বিচারের বিজয় হোক।

ভারতীয় বিশেষ করে পশ্চিমবঙ্গের বাংলা মিডিয়ার বেশিরভাগ সিনিয়র সাংবাদিক ও বিশ্লেষকরা শেখ হাসিনার বিরুদ্ধে এই রায়কে বাংলাদেশের জনগণের বিজয় হিসাবে দেখছে।

ওদিকে, জাতিসংঘের মানবাধিকারবিষয়ক হাইকমিশনারের কার্যালয়ের মুখপাত্র রাভিনা শামদাসানি শেখ হাসিনার মৃত্যুদণ্ডের রায়ের প্রতিক্রিয়ায় ১৭ নভেম্বর জেনেভা থেকে দেওয়া এক বিবৃতিতে বলেন, মানবতাবিরোধী অপরাধের অভিযোগে ঢাকার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং সাবেক স্বরাষ্ট্রমন্ত্রীর বিরুদ্ধে রায় ঘোষণা গত বছর বিক্ষোভ দমনের সময় সংঘটিত গুরুতর লঙ্ঘনের শিকারদের জন্য একটি গুরুত্বপূর্ণ মুহূর্ত। বিবৃতিতে বলা হয়, ২০২৫ সালের ফেব্রুয়ারিতে আমাদের তথ্য-অনুসন্ধান প্রতিবেদন প্রকাশের পর থেকে, আমরা অপরাধীদের-কমান্ড এবং নেতৃত্বের পদে থাকা ব্যক্তিদের আন্তর্জাতিক মান অনুসারে জবাবদিহি করার আহ্বান জানিয়ে আসছি। বিবৃতিতে আরও বলা হয়, যদিও আমরা এই বিচার পরিচালনার সাথে ছিলাম না, তবুও আমরা ধারাবাহিকভাবে সকল জবাবদিহিতামূলক কার্যক্রম, বিশেষ করে আন্তর্জাতিক অপরাধের অভিযোগে যথাযথ প্রক্রিয়া এবং ন্যায়বিচারের আন্তর্জাতিক মানদণ্ড নিশ্চিত করার পক্ষে বলে আসছি। এটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ যখন, এখানে যেমনটি ঘটেছে, বিচারকাজ দায়ী ব্যক্তিদের অনুপস্থিতিতে এবং মৃত্যুদণ্ডের দিকে পরিচালিত হয়েছে। আমরা মৃত্যুদণ্ড আরোপের জন্যও দুঃখ প্রকাশ করছি, যেটা আমরা সকল পরিস্থিতিতেই বিরোধিতা করি।

রাজনীতি কখনোই কাগজে লেখা ঘোষণাই নয়। এটি থাকে রাষ্ট্রযন্ত্রের হাড়-মজ্জায়, মানুষের যৌথ স্মৃতিতে। হাসিনার শাসন, উন্নয়ন, স্বৈরতন্ত্র, একদলীয় প্রভাব, বিচার অস্বচ্ছতার অভিযোগ-সবকিছুই আজ ছিন্নভিন্ন হয়ে আদালতের টেবিলে পড়ে রইল।

প্রতিটি রাষ্ট্রীয় গুলি, প্রতিটি রাতের গ্রেপ্তার, প্রতিটি নিখোঁজ, আজ ফিরে এসেছে আদালতের রায়ে-তার নিজের সৃষ্ট সেই ট্রাইব্যুনাল, যা ২০১০ এরপর ৩৮ পৃষ্ঠায়

> কাদের মোল্লার সাথে কাটানো কিছু সময় নিয়ে সাবেক এমপি রনি স্মৃতিচারণ করে একটি স্ট্যাটাস দিয়েছিলেন তখন ফেসবুকে। রনি বলেন, আমার কাছে লিখা কাদের মোল্লার চিরকুট কাহিনী। তিনি লিখেছেন- প্রিয় রনি, যদি কখনও সময় পাও এবং তোমার ইচ্ছা হয় তবে আমার ফাঁসির পর একবার হলেও বলো বা লিখো- কাদের মোল্লা আর কসাই কাদের এক ব্যক্তি নয়। আমার আত্মা কিয়ামত পর্যন্ত কাঁদবে আর কসাই কাদের তখন কিয়ামত পর্যন্ত অট্টহাসি দিবে

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights, NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# দ্বিমতের অবসান কিংবা ঐকমত্যের সোনার হরিণ

অরুণ কর্মকার

অন্তর্বর্তী সরকারের কোনো উদ্যোগ ও পদক্ষেপই রাজনৈতিক দলগুলোর মধ্যেকার দ্বিমতের অবসান ঘটাতে পারল না। জুলাই অভ্যুত্থানে রাজনৈতিক দলগুলো একটি ঐক্যবদ্ধ শক্তি হিসেবে মাঠে নেমেছিল। তারা ঐক্যবদ্ধ শক্তি হিসেবেই অন্তর্বর্তী সরকারের পাশে থেকে গণতন্ত্রের নতুন পথ তৈরির যুগপৎ ঘোষণা দিয়ে যাত্রা শুরু করেছিল। এরপর তারাই পর্যায়ক্রমে নিজেদের মধ্যে দ্বিমতের এক অমোচনীয় দূরত্ব সৃষ্টি করল। অবশ্য তাদের কারও কারও দাবি অনুযায়ী, এই দূরত্ব ও দ্বিমত সৃষ্টির জন্য দায়ী অন্তর্বর্তী সরকার। গত বৃহস্পতিবার প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের ভাষণের মধ্যেও তারা সেই দায়ের উপাদান দেখেছে। ফলে দ্বিমতের অবসান যেমন হলো না, তেমনি ঐকমত্য কমিশন গঠন করে দীর্ঘদিনের অধ্যবসায়ের মাধ্যমে জাতীয় ঐক্য গড়ার যে উদ্যোগ অন্তর্বর্তী সরকার নিয়েছিল, তা-ও অধরা এক সোনার হরিণ হয়েই রইল।

বৃহস্পতিবার মধ্যাহ্নে প্রধান উপদেষ্টার ভাষণ দেওয়ার আগেই রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের স্বাক্ষরের মাধ্যমে জুলাই সনদের আইনি ভিত্তি দেওয়ার কাজ সম্পন্ন হয়েছে। এর কিছুক্ষণ পরে সেটি গেজেট আকারেও প্রকাশিত হয়েছে। জুলাই সনদের আইনি ভিত্তি দেওয়ার বিষয়টি ছিল রাজনৈতিক দলগুলোর মৌলিক দাবিগুলোর একটি। কিন্তু সেটি যখন আইনানুগভাবে সম্পন্ন হলো, তখন জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) তাকে অভিহিত করল জাতির দুর্ভাগ্য বলে। কারণ, সেটি আইনি ভিত্তি পেয়েছে রাষ্ট্রপতির স্বাক্ষরে। তাদের দাবি ছিল, আদেশটি জারি করতে হবে প্রধান উপদেষ্টাকে।

কিন্তু তা যে সম্ভব নয়, সেটা তারা বুঝতে চায়নি জুলাই অভ্যুত্থানের স্পিরিটে। যদিও এখন সে কথা বলে কোনো লাভ নেই। জুলাই অভ্যুত্থানের বিজয়ের পর অন্তর্বর্তী সরকার গঠন থেকে শুরু করে সবই তো হয়েছে দেশের বিদ্যমান সংবিধান অনুসারে। সুতরাং এনসিপি যা চায় তা পেতে হলে তাদেরকে আরেকটি গণ- অভ্যুত্থান সংঘটিত করতে হবে, যা দেশে একটি বৈপ্লবিক পরিবর্তন ঘটাবে। এটা না হওয়া পর্যন্ত তাদের সব সাংবিধানিক প্রক্রিয়া অনুসরণ করে সংসদ, সংবিধান সংস্কার পরিষদ গঠন প্রভৃতির মধ্য দিয়ে গিয়ে সাংবিধানিক সংস্কারের পথেই হাঁটতে হবে। জনগণের বৈপ্লবিক অভ্যুত্থান ছাড়া এর অন্যথা হওয়ার নয়।

প্রধান উপদেষ্টার ভাষণের বিষয়ে এনসিপি অবশ্য আর কোনো মৌলিক প্রশ্ন তোলেনি। তবে জুলাই অভ্যুত্থানের অপর দুই নিয়ামক শক্তি বিএনপি এবং জামায়াতে ইসলামী তুলেছে। বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ অভিযোগ করেছেন, প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস নিজের সই করা জুলাই জাতীয় সনদ লঙ্ঘন করেছেন। তবে রাতে সে জায়গা থেকে সরে গিয়ে এটাকে স্বাগত জানিয়েছে বিএনপি। গত ১৭ অক্টোবর জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় যে জুলাই জাতীয় সনদ প্রধান উপদেষ্টা নিজে স্বাক্ষর করেছেন, সেটা তিনি তাঁর ভাষণের মাধ্যমে লঙ্ঘন করেছেন। কীভাবে? প্রধান উপদেষ্টা তাঁর ভাষণে জুলাই জাতীয় সনদ বা সংস্কার প্রস্তাব বাস্তবায়নের পদ্ধতি কী হবে, জাতির সামনে তা উপস্থাপন করেন। তিনি জানান, জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট একই দিনে অনুষ্ঠিত হবে। নির্বাচিত প্রতিনিধিরা একটি সংবিধান সংস্কার পরিষদ গঠন করে ১৮০ দিনের মধ্যে সাংবিধানিক সংস্কারের কাজ সম্পন্ন করবেন। সংসদ হবে দুই কক্ষবিশিষ্ট। জাতীয় সংসদ নির্বাচনে দলগুলোর প্রাপ্ত ভোটের অনুপাতে ১০০ জন সদস্যবিশিষ্ট একটি উচ্চকক্ষ গঠিত হবে এবং সংবিধান সংশোধন করতে হলে উচ্চকক্ষের সংখ্যাগরিষ্ঠ সদস্যের অনুমোদন দরকার হবে।



সালাহউদ্দিন আহমদের আপত্তি এখানেই। তিনি বলেন, জাতীয় সংসদের উচ্চকক্ষে পিআর জাতীয় ঐকমত্য কমিশনের 'নোট অব ডিসেন্টের' মাধ্যমে মীমাংসিত। এটি নতুন করে আরোপ করার কোনো সুযোগ নেই (যা প্রধান উপদেষ্টা তাঁর ভাষণে করেছেন)। এ ছাড়া 'সংবিধান সংস্কার পরিষদ' নামে যে বডি, সেটি জাতীয় সংসদের কোনো পর্যায়ে গঠনের বিষয়ে ঐকমত্য কমিশনের আলোচনার বিষয়ই ছিল না। এটা সম্পূর্ণ নতুন ধারণা। এই পর্যায়ে এসে বিএনপি এই নতুন ধারণাটিকে কীভাবে দেখবে, সেটা অবশ্য দলীয় সিদ্ধান্তের বিষয়। সেটি জানা বা দেখার জন্য আমাদের অপেক্ষা করতে হবে।

প্রধান উপদেষ্টার ভাষণের পর জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার অভিযোগ করেছেন, জনগণের অভিপ্রায় ও গণদাবিকে উপেক্ষা করে একই দিনে জাতীয় নির্বাচন ও গণভোটের ঘোষণা দিয়েছে সরকার। প্রধান উপদেষ্টার এ ঘোষণায় জনগণের আকাঙ্ক্ষা পূরণ হয়নি। সংবিধান সংস্কার এবং অন্যান্য সংস্কার বিষয়ে যে ৪৮টি প্রস্তাবে রাজনৈতিক দলগুলো একমত হয়েছে, সেগুলো জাতীয় নির্বাচনের আগে জাতিকে জানাতে হবে। গণভোটে জনগণকে কিসে 'হ্যাঁ' আর কিসে 'না' বলতে হবে, সেটি নির্বাচনের আগেই জানতে হবে উল্লেখ করে মিয়া গোলাম পরওয়ার বলেন, ভোটারদের গণভোটের বিষয়ে স্টাডি করতে হবে। নির্বাচন কমিশনকে গণভোটের বিষয়ে বিস্তারিত ওয়েবসাইটে দিতে হবে। ভোটাররা সেই বিষয়ে জানার পরই গণভোটে 'হ্যাঁ' বা 'না' মতামত দেবেন। কিন্তু একই দিনে জাতীয় নির্বাচন ও গণভোট হলে একজন ভোটারকে গণভোট দিতে হবে আবার প্রতীকে জাতীয় নির্বাচনের ভোটও দিতে হবে। সেই সুযোগ না দিয়ে দুটি ভোট একসঙ্গে এরপর ২৪ পৃষ্ঠায়



> এদিকে, গণভোটে প্রশ্ন-সংক্রান্ত জটিলতা নিয়ে জনপরিসরে যে আলোচনা চলছিল, প্রধান উপদেষ্টার ভাষণে তারও নিরসন হয়নি। তিনি তাঁর ভাষণে বলেছেন, চারটি বিষয়ে অনুষ্ঠিত হবে গণভোট। গণভোটের দিন এই চারটি বিষয়ের ওপর একটিমাত্র প্রশ্নে 'হ্যাঁ' বা 'না' ভোট দিয়ে জনগণ মতামত জানাবেন। চারটি বিষয়ে একটি প্রশ্নে হ্যাঁ কিংবা না বলতে হবে, বিষয়টা ভাবতেই কেমন যেন বেখাপ্পা লাগছে। তো কী হবে সেই চারটি বিষয় ও একমাত্র প্রশ্নটি! প্রধান উপদেষ্টা নিম্নোক্তভাবে তা পাঠ করে শুনিয়েছেন।
> 'আপনি কি জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ, ২০২৫ এবং জুলাই জাতীয় সনদে লিপিবদ্ধ সংবিধান সংস্কার সম্পর্কিত নিম্নলিখিত প্রস্তাবগুলোর প্রতি আপনার সম্মতি জ্ঞাপন করছেন?

# বেকার আলাপে গড্ডলিকা প্রবাহ

বিধান রিবেরু

> আমাদের দেশের পুরো কর্মকাণ্ড পাখির দৃষ্টিতে দেখলে হাস্যরসের সৃষ্টি করবে, কারণ, আমাদের দেশের মানুষের যেটা অত্যন্ত প্রয়োজন, মানুষ হিসেবে বেঁচে থাকার প্রাথমিক শর্তগুলো পূরণ করা, সেগুলোই আমরা এখন পর্যন্ত পূরণ করতে পারিনি। সরকারি হাসপাতালে উঁকি দিলেই এই কথার কিছুটা সত্যতা মিলবে। ফুটপাতের দিকে তাকালেও বোঝা যাবে ন্যূনতম নাগরিক সুযোগ-সুবিধার কতটুকু আমরা পাই। একটি দেশে যে ব্যাপক বৈষম্য, অনিয়ম ও বঞ্চনা রয়েছে, সে সম্পর্কে মানুষকে অচেতন করে রাখা যাচ্ছে, এর পেছনের কারণ একটি প্রক্রিয়ার ভেতর দিয়ে তাদের গড্ডলে পরিণত করা হয়েছে। এই গড্ডলকে রাজনৈতিক ফায়দা আদায়ের জন্য শুধু ব্যবহার করা হয়। এই ব্যবহৃত গড্ডল কবে মানুষ হয়ে উঠবে, তা একমাত্র ওই গড্ডলই জানে

বাংলাদেশে ঘটনার তো শেষ নেই! খোদ রাজধানীর ভেতরে এক মাসের ব্যবধানে তেজগাঁও ও কাকরাইলে দুটি গির্জায় ককটেল বিস্ফোরণ ঘটানো হলো, মোহাম্মদপুরে মিশনারি বিদ্যালয় সেন্ট যোসেফ স্কুলে বোমা মারা হলো, কিন্তু এগুলোর পেছনে কারা রয়েছে, কারা হামলা চালাল, সেটার সুরাহা প্রশাসন তো করতে পারেইনি, বিষয়গুলো নিয়ে সরকারে থাকা দায়িত্বশীল কোনো ব্যক্তিকে উদ্বেগও প্রকাশ করতে দেখিনি। অথচ অনেক দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকেই দেখি ফেসবুকে নানা বিষয়ে অনর্থক, অত্যন্ত কুরুচিকর, আজেবাজে পোস্ট দিয়ে যাচ্ছেন, যেটা তাঁদের পদ ও মর্যাদার সঙ্গে একেবারেই বেমানান। আমাদের রাজনৈতিক সংস্কৃতিটাই যেন হয়ে দাঁড়িয়েছে কাদা ছোড়াছুড়ির সংস্কৃতি। আর সেখানে ফেসবুক ও ইউটিউব হয়ে দাঁড়িয়েছে সেসব করার ও দেখার এক উৎকৃষ্ট মঞ্চ।



কোনো রাষ্ট্রে যখন দায়িত্বশীল লোকজনের কাছ থেকে অত্যন্ত হালকা ও নিম্নস্তরের পোস্ট উৎপাদন করা হয়, তখন তার সমর্থনে কিংবা বিপক্ষে একদল মানুষ ঝাঁপিয়ে পড়ে। অনেকে বুঝে, অনেকে না বুঝে সেসব ঠুনকো পোস্ট নিয়ে তর্কবিতর্ক জুড়ে দেয়। এটা যেন রুটি ছুড়ে দিয়ে সারমেয়দের ব্যতিব্যস্ত করে দেওয়া। রাষ্ট্রীয়ভাবে দামি লোকদের সস্তা পোস্ট নিয়ে এই যে অগভীর ও চিন্তাহীন কথাবার্তার প্লাবন শুরু হয়, এটাকে বলা যায় 'অলস মস্তিষ্ক শয়তানের কারখানা', অথবা জনগণের অলস মস্তিষ্ককে শয়তানের কারখানায় পরিণত করা। জার্মান দার্শনিক মার্টিন হাইডেগার হলে বলতেন 'আইডল টক', জার্মান ভাষায় 'গেরিদা'। তো সামাজিক যোগাযোগের মাধ্যমে বেকার আলাপ ছুড়ে দিয়ে, তাতে ব্যস্ত করে দিয়ে গোটা জাতিকে যে গড্ডলে পরিণত করা হয়, সে সম্পর্কে খুব কম মানুষই অবগত। কারণ, গড্ডলিকা প্রবাহে গা ভাসিয়ে দিলে নিজের আর কষ্ট করে সাঁতার কাটতে হয় না। স্রোতের প্রতিকূলে সাঁতার কাটতে সাহস ও প্রস্তুতি প্রয়োজন। কিন্তু অনুকূলে সাঁতার কেটে, অন্য গড্ডলদের সঙ্গে মিলেমিশে অজস্র সব আবর্জনা উৎপাদন করা সহজতর কাজ। মুশকিল হলো, এসব আবর্জনা কোন ডাস্টবিনে ফেলা হবে, সেটাই মানুষ বুঝতে পারছে না। আবর্জনার স্তূপের কারণে সজীব ও সুস্থ চারা গাছ যেমন জন্মাতে পারে না, তেমনি বেকার আলাপের তোড়ে গভীর ও দূরদৃষ্টিসম্পন্ন চিন্তাও জন্ম নিতে পারছে না। ফলে সমাজে ঐকমত্যের ভিত্তিতে সবাই অশ্বডিম্ব প্রসব করে চলেছে। কাজের কাজ কিছু হচ্ছে না। চিকিৎসা, স্বাস্থ্য, শিক্ষা-সব নিম্নগামী হতে হতে পাতালে প্রবেশ করেছে।



আমরা প্রথমে ধীরে ধীরে একটি চিন্তাহীন, অসংবেদনশীল ও উগ্র সমাজ তৈরি করেছি। এরপর তার মাথায় কাঁঠাল ভেঙে খাওয়ার আয়োজন করে, বিদেশিদের দাওয়াত দিয়ে কাঁঠাল খাওয়াচ্ছি। মাথার ওপর যে বিরাট মেজবানি খাওয়াদাওয়া চলছে, সেটা আমরা টের পাচ্ছি না, কারণ আমরা এরই ভেতর গড্ডলে পরিণত হয়েছি। তার ওপর বিচরণক্ষেত্র হিসেবে দেওয়া হয়েছে ফেসবুক কিংবা ইউটিউবকে। সেখানে দেখবেন রাতদিন ভিউ-ব্যবসায়ীরা বলে যাচ্ছেন ইতিহাসবিদ, রাজনৈতিক বিশ্লেষক, চলচ্চিত্র বিশেষজ্ঞ ইতি ও আদি। অবশ্য এই ভিড়ের ভেতর যে দু-একজন প্রকৃত যোগ্য লোক নেই, তা নয়। কিন্তু বেশির ভাগ সময়ে দেখা যায়, ছদ্মবেশী ভিউ-ব্যবসায়ীরা উল্টাপাল্টা বেকার আলাপ করছেন এবং সেসব নিয়ে ফেসবুক গরম করে ফেলছে দেশের মানুষ।

অবশ্য সামাজিক যোগাযোগের মাধ্যম থাকাতে একটি উপকারও হয়েছে। এর মাধ্যমে বোঝা যাচ্ছে আসলে কারা অলস বা বেকার আলাপ পছন্দ করে, কাদের চিন্তা অস্বচ্ছ কিংবা কাদের ভাবনা কতটা নোংরা। যেমন সংখ্যালঘুদের উপাসনালয়ে হামলার কথা জানিয়ে প্রতিবাদ প্রকাশ করলে, উল্টো বলা হয়, উন্নত দেশে নাগরিকত্ব পাওয়ার ফন্দিফিকির করা হচ্ছে। এদের ভাবখানা এমন যে উন্নত দেশগুলো গন্ডায় গন্ডায় লোক নেওয়ার জন্য অধীর অপেক্ষায় বসে আছে। কেউ একজন সংখ্যালঘু কার্ড টেবিলে ফেললেই ওনারা তাদের উদ্ধার করে নিয়ে যাবে! আর সংখ্যালঘুদের এ দেশ থেকে তাড়াতে পারলে ওই বিশেষ শ্রেণি যেন বিশেষ আরাম পায়। এর পেছনে জমিজমা হাতিয়ে নেওয়ার অচেতন ভাবনা যে নেই, সেটি হলফ করে বলা যায় না।

কিন্তু প্রশ্ন হলো, বাংলাদেশ থেকে ধীরে ধীরে সংখ্যালঘু সম্প্রদায়ের সংখ্যা কমছে কেন? এই প্রশ্ন করার বদলে উল্টো বলা হয়, সংখ্যালঘুরা নাকি এ দেশকে নিজেদের দেশ মনে করে না। এ ধরনের অত্যন্ত আপত্তিকর ও কুরুচিপূর্ণ কথা সমাজে প্রচলিত আছে। এবং এসব চিন্তার খরিদ্দার শুধু অল্পশিক্ষিত মানুষ নয়, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকেরা পর্যন্ত এসব চিন্তা পোষণ করেন এবং সেই মোতাবেক সাম্প্রদায়িক আচরণ করেন। অসাম্প্রদায়িক হয়ে উঠতে গেলে প্রাত্যহিক চর্চার ভেতর দিয়ে যেতে হয়। এই চর্চা সমাজের শিক্ষিত অংশটি শুরু করবে এবং সবার মাঝে ছড়িয়ে দেবে, সেটাই প্রত্যাশিত, কিন্তু আমরা তা হতে দেখছি না।

শুরুতে যে হামলার ঘটনার কথা বললাম, সেগুলো নিয়ে গণমাধ্যমগুলোও উদাসীন থেকেছে। তারাও একে গুরুত্ব দিতে নারাজ। গণমাধ্যমেও সংখ্যালঘুর প্রতি সামাজিক মনোভঙ্গি প্রতিফলিত। ব্যক্তিগতভাবে আমি সংখ্যালঘু ধারণায় বিশ্বাস করি না, কিন্তু সমাজ এরপর ২৮ পৃষ্ঠায়

# নিষিদ্ধ গন্ধম ও বাংলাদেশের রাজনীতি

আনোয়ার হোসেইন মঞ্জু

> আওয়ামী লীগের কোনো প্রদর্শন মোকাবিলা করতে বিএনপি এবং জামায়াতে ইসলামীর নেতা-কর্মীরাও প্রয়োজনীয় প্রস্তুতি নিয়ে রেখেছিলেন। অতএব সার্বিক পরিস্থিতি বিবেচনায় নিশ্চিত বলা যেতে পারে যে শেখ হাসিনার বিরুদ্ধে গণহত্যার মামলার সম্ভাব্য রায়কে কেন্দ্র করে তেমন গোলযোগের আশঙ্কা নেই। কারণ আওয়ামী লীগ ১৩ নভেম্বর যে লকডাউন ঘোষণা করেছিল, তা মাঠে মারা গেছে। আওয়ামী মহলে হতাশার কথা জানা গেছে। ১৫ মাস ধরে ক্ষমতার রাজনীতি থেকে বহিষ্কৃত আওয়ামী লীগের এখন 'ছেড়ে দে মা কেঁদে বাঁচি' অবস্থা। দেশবাসী এবং প্রতিটি রাজনৈতিক দল এখন নির্বাচনমুখী। সর্বত্র আলোচনার বিষয়বস্তু গণভোট ও সংসদ নির্বাচন। এ পরিস্থিতিতে আওয়ামী লীগের দ্বারা নাশকতা সৃষ্টির অপচেষ্টা তাদের জন্যই বিপদ ডেকে আনবে



আদি মানব-মানবী হজরত আদম (আ.) ও হাওয়া বেহেশতবাসী হওয়া সত্ত্বেও বেহেশতে তাঁদের উভয়ের ঝামেলামুক্ত থাকার জন্য আল্লাহ কিছু নিয়মরীতি স্থির করে দিয়েছিলেন। প্রথমেই তিনি আদমের উদ্দেশে হুঁশিয়ারি উচ্চারণ করেন, 'হে আদম, তুমি ও তোমার বিবি বেহেশতে বসবাস কর এবং বেহেশতের সবকিছু তোমরা স্বচ্ছন্দে আহার কর। তবে এই গাছের কাছে যেও না, তাহলে তোমরা সীমা লঙ্ঘনকারীদের অন্তর্ভুক্ত হবে।' (সুরা বাকারা ২:৩৫)। কিন্তু শয়তানের প্ররোচনায় শেষ পর্যন্ত তাঁরা আল্লাহর বেঁধে দেওয়া সীমা লঙ্ঘন করে বেহেশত থেকে বিতাড়িত হয়েছিলেন। পৃথিবীতে ঝামেলাহীনভাবে চলার জন্য মানুষের রচিত বহু আইনকানুন, বিধিবিধান ও রীতিনীতি আছে এবং এসব ভঙ্গ বা লঙ্ঘন করলে শাস্তির ব্যবস্থাও আছে। কিন্তু মানুষের মন অপরাধপ্রবণ এবং তারা কারণে-অকারণে আইন ভঙ্গ করে। তাদের ক্ষেত্রে আইন ভঙ্গের শাস্তি আদম-হাওয়ার মতো বেহেশত থেকে পতনের শাস্তির মতো নয় বলে আইন ভঙ্গ করা মানুষের দৈনন্দিন জীবনের নিয়মিত কর্মসূচিতে পরিণত হয়েছে। সবচেয়ে বিচলিত করার ব্যাপার হলো, যারা মানুষের ওপর প্রয়োগযোগ্য আইন ও বিধিবিধান তৈরি করেন এবং যারা আইন প্রয়োগ করেন ও আইনের ব্যাখ্যা প্রদান করেন, তারা সবার আগে আইন ভঙ্গের কাজগুলো করেন।

কারা সবচেয়ে বেশি আইন ভঙ্গ করেন, বাংলাদেশের প্রেক্ষাপটে তা বিবেচনা করলে দেখা যাবে যে ৫৫ বছর বয়সি স্বাধীন বাংলাদেশে আইন ভঙ্গ করে দেশের বারোটা বাজানোর কাজ সবচেয়ে বেশি করেছেন রাজনীতিবিদরা এবং বিশেষ করে যারা ক্ষমতায় থাকে এবং সংসদে সংখ্যাধিক্যের জোরে যে কোনো আইন পাস করে তা ভঙ্গ করার জন্য। কিন্তু কে তাদের শাস্তি প্রদান করবে? আদম-হাওয়ার সামান্য ভুলের জন্য তাদের ওপর ক্ষমতা প্রয়োগকারী আল্লাহ তাদের সুখের বেহেশত থেকে পৃথিবীতে নির্বাসিত করেছিলেন। কিন্তু রাজনীতিবিদদের অপরাধের শাস্তিকে তাদের ওপর প্রয়োগ করবে। শাস্তি প্রদানের জন্য আধুনিক রাষ্ট্রব্যবস্থায় একটি বিচারব্যবস্থার অস্তিত্ব থাকে।

সংবিধান বলে দেয় যে বিচার বিভাগ স্বাধীন এবং সরকার থেকে সম্পূর্ণ মুক্ত। শেখ হাসিনা ক্ষমতায় এসে কী করেছিলেন? বিচার বিভাগের খোলনলচেই পাল্টে দিয়েছিলেন। মানুষ পুরোনো প্রবাদে বিশ্বাস করত : 'হাকিম নড়ে তো হুকুম নড়ে না।' শেখ হাসিনার শাসনে তার অঙ্গুলি হেলনে হাকিমের গদি নড়বড়ে হয়ে গিয়েছিল বলে হাকিমের হুকুমও সরকার নির্দেশিত হতো। তার নিয়ন্ত্রিত জাতীয় সংসদে উচ্চ আদালতের বিচারপতিদের বিরুদ্ধে যে ন্যাক্কারজনক ভাষায় বিষোদগার করা হয়েছে, অনুরূপ পরিস্থিতিতে ক্ষমতাসীনদের কেশাগ্র স্পর্শ করার আগে বিচারপতিদের অন্তত ১০ বার চিন্তা করার প্রয়োজন না পড়েই পারে না। ফলে যারা অপরাধ করে তারা আদম-হাওয়ার মতো 'বেহেশত হারান না'। সামান্য ব্যতিক্রম ছাড়া তারা বহাল তবিয়তে থাকেন। যেমন রয়েছেন দেড় সহস্রাধিক মানুষ হত্যার নির্দেশ দানকারী ইতিহাসের জঘন্যতম স্বেচ্ছাচারী শাসক শেখ হাসিনা ও তার দোসররা। শেখ হাসিনা ভেবার আশপাশে নেই। তিনি বারবার বলেছেন এবং এখনো বলছেন, 'আমার কী দোষ?' অথবা 'আমি কী করলাম?' তার অনুসারীরাও তার সুরই নকল করে বলে একই কথা বলছেন। সামান্যতম অনুশোচনা নেই কারও কণ্ঠে, আচরণে। বরং শেখ হাসিনা থেকে শুরু করে গ্রাম পর্যায়ের আওয়ামী ভবরাদীরা দাবি করে চলেছেন, শেখ হাসিনাই এখনো বাংলাদেশের বৈধ প্রধানমন্ত্রী, ইত্যাদি।

গন্ধম খাওয়ার কারণে যদি আদম-হাওয়াকে বেহেশত থেকে বিতাড়িত হওয়ার মতো শাস্তি ভোগ করতে হয়, তাহলে অসংখ্য মানুষ হত্যার কারণে শেখ হাসিনা ও তার অপরাধের সহকর্মীদের কী শাস্তি হওয়া উচিত? আদম এবং হাওয়া নিজেদের কৃত ভুলের জন্য লজ্জিত ও অনুতপ্ত হয়ে আল্লাহর কাছে ক্ষমাপ্রার্থনা করেন : 'হে আমাদের রব, আমরা নিজেদের ওপর জুলুম করেছি। আপনি যদি আমাদের ক্ষমা না করেন এবং আমাদের প্রতি অনুগ্রহ না করেন, তাহলে আমরা অবশ্যই ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হব।' (সুরা আরাফ : ২৩) তবু আল্লাহ তাঁদের তাৎক্ষণিক ক্ষমা করেননি। একপর্যায়ে আল্লাহ তাঁদের তওবার কিছু শব্দ শিখিয়ে দেন এবং আদমের তওবা কবুল করেন।'

শেখ হাসিনা এবং আওয়ামী লীগের রাজনৈতিক ব্যাধির প্রলাপ হলো : 'আমি' ও 'আমরা'। যে কোনো প্রলাপ যখন উন্মত্ততার পর্যায়ে পৌঁছে তখন যে দাওয়াই প্রয়োগের প্রয়োজন ছিল, তা গত বছরের জুলাই-আগস্ট মাসে যথাযথ ভাবে প্রয়োগ করা হয়েছে এবং দেশ আওয়ামী ব্যাধিমুক্ত হয়েছে। কিন্তু ভবিষ্যতে এ ব্যাধি যাতে কোনো ব্যক্তি বা দলের মাঝে সংক্রমিত না হয়, সেজন্য শেখ হাসিনার প্রতিষ্ঠিত আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল (আইসিটি) তার ও তার দ্বারা কৃত অপরাধের সহযোগীদের বিচারের ব্যবস্থা করেছে অন্তর্বর্তী সরকার।

শেখ হাসিনার শাসনামলে কেবল জেদের বশবর্তী হয়ে রাজনৈতিক প্রতিপক্ষকে নির্মূল করার লক্ষ্যে বিশেষভাবে গঠিত আদালতের মাধ্যমে ৪০ বছর আগের কল্পিত অপরাধকে ইস্যু বানিয়ে বিচারে দেশের বেশ কিছুসংখ্যক শীর্ষ রাজনীতিবিদকে ফাঁসিতে ঝুলিয়ে মৃত্যুদণ্ড কার্যকর করার বিরুদ্ধে জাতিসংঘের মানবাধিকার হাইকমিশনসহ বহু আন্তর্জাতিক সংস্থা 'প্রহসনের বিচার,' 'ক্যাঙারু কোর্টে বিচার,' এমনকি 'বিচারিক

এরপর ২৬ পৃষ্ঠায়






# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স
## একটি গুরুত্বপূর্ণ বিষয়

অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন।

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটমেন্ট, বুককিপিং , অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

**Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution**

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
( Business & Non profit )

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



## এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

**Hon. Democratic District Leader at Large, Queens, NY**

**মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।**

সাবেক ট্রাস্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

# 917-282-9256

**Moin Choudhury, Esq**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC

---



**Timothy Bompart**
Attorney at Law

## এক্সিডেন্ট কেইসেস

**বিনামূল্যে পরামর্শ**
**কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা**
**গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে**
**বিকলাঙ্গ শিশুর জন্য**
**ফেডারেল ডিজএবিলিটি**
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com



**Moin Choudhury**
Attorney at Law

**Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**

**Manhattan Office By Appointment Only.**

**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

# রাজনীতিবিদদের হাড্ডিবিহীন জিহ্বাকে কুড়াল হিসেবে ব্যবহার ঠিক নয়

> অনেকের মনে হতো জিহ্বাই যেন তার প্রধান শত্রু। আর পরিণামে হয়েছেও তাই। জনৈক মনীষীর ভাষায়, “A sharp tongue can cut your own throat” (অর্থাৎ “ধারালো জিহ্বা তোমার নিজের গলা কেটে ফেলতে পারে”)। রাজনীতিবিদদের সাবধান হওয়া উচিৎ। জিহ্বাকে কুড়াল হিসেবে ব্যবহার করবেন না। জনৈক দার্শনিক বলেছেন, “The tongue has no bones, but it is strong enough to break a heart. So be careful with your words” (অর্থাৎ জিহ্বার কোনো হাড় নেই, কিন্তু এটি হৃদয় ভেঙে ফেলার জন্য যথেষ্ট শক্তিশালী। তাই আপনার কথার ব্যাপারে সতর্ক থাকুন”)। জিহ্বাকে কুড়াল হিসেবে ব্যবহারে আর যাই হোক জাতি গঠন হবে না, হবে না নিশ্চিত সুস্থ গণতান্ত্রিক ধারা। বরং জিহ্বাকে কুড়াল হিসেবে ব্যবহারে অনেকটা নিজের পায়ে কুড়াল মারা

ব্যারিস্টার নাজির আহমদ



গণঅভ্যুত্থানের পর এক কঠিন সময়ের মধ্য দিয়ে যাচ্ছে বাংলাদেশ। নানা চ্যালেঞ্জ ও বহুমুখী সমস্যায় জর্জরিত দেশ। যা সামাল দিতে অন্তর্বর্তীকালীন সরকার রীতিমতো হিমশিম খাচ্ছে। এই কঠিন সময়ে সবাইকে সংযম দেখানো দরকার ছিল। দরকার ছিল দায়িত্বশীল আচরণের। কিন্তু আমরা বাস্তবে কী দেখছি? সবাই যেন তাদের দাবি নিয়ে উতলা। এ যেন দাবি আদায়ের সর্বোত্তম সময়। সবচেয়ে বেশি যাদের কাছ থেকে দায়িত্বশীল আচরণ জাতি আশা করে তারা হলো রাজনৈতিক দল ও রাজনীতিবিদ। আমরা কি রাজনীতিবিদ ও রাজনৈতিক দলগুলোর কাছ থেকে কাঙ্ক্ষিত দায়িত্বশীল আচরণ দেখতে পাচ্ছি? দেশকে শান্তি, শৃঙ্খলা ও স্থিতিশীল রাখতে রাজনৈতিক দলগুলোর ভূমিকা অপরিসীম। রাজনীতিবিদরাই দেশ চালাবেন। রাজনৈতিক দলগুলো দেশের বেশিরভাগ মানুষের প্রতিনিধিত্ব করে। রাজনীতিবিদদের কথায় দেশে আগুন লাগতে পারে, আবার তাদের কথায় দেশে শান্তি ফিরে আসতে পারে, বিরাজ করতে পারে স্বস্তি। আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন কানাডার প্রখ্যাত লেখক রবিন শার্মার মতে, “Words can inspire. And words can destroy. Choose yours wellÓ (অর্থাৎ “কথামালা অনুপ্রেরণা দিতে পারে। আর কথামালা ধ্বংস করতে পারে। তোমারটা ভালোভাবে বেছে নাও)।

প্রধান রাজনৈতিক দলগুলো পরস্পর পরস্পরের বিরুদ্ধে কাঁদা ছোরাছুড়িতে ব্যস্ত। অকথ্য ভাষায় গালাগালি, বিশ্রী ভাষায় আক্রমণ, রাজনীতিতে আগত একেবারে নবীনদের প্রবীণ রাজনীতিবিদদের বিরুদ্ধে কোনো প্রমাণ ছাড়াই মারাত্মক অভিযোগ যেন বাংলাদেশের রাজনীতিতে নিত্যনৈমিত্তিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। অনেক সময় গালাগালি ও আক্রমণের ভাষা রাজনীতির ব্যাকরণের বাইরে চলে যায়। লেখাতে বা বলাতে পুনর্বার উচ্চারণ পর্যন্ত করা যায় না। ফলে জাতি হয় বিভ্রান্ত ও দ্বিধাবিভক্ত। সোশ্যাল মিডিয়ায় অতি আবেগী কর্মী ও সমর্থকদের জন্য গালাগালি ও আক্রমণের ভাষা যেন পোয়াবারো। তারা বরং গালাগালি ও আক্রমণের ভাষার মাত্রা আরো কয়েক ডিগ্রি বাড়িয়ে ট্রল করা শুরু করে।



রাজনীতিতে দ্বিমত বা বহুমত থাকতেই পারে, থাকা একেবারে স্বাভাবিক। বরং বহুমত থাকাই গণতন্ত্রের সৌন্দর্য। রাজনৈতিক দলগুলো একে অপরের সাথে প্রতিযোগিতা ও প্রতিদ্বন্দ্বিতা করবে পলিসি নিয়ে, আদর্শ নিয়ে এবং গঠনমূলক রাজনৈতিক কর্মসূচি নিয়ে। তারা একে অপরের সাথে অবশ্যই যুদ্ধ করবে, তবে সে যুদ্ধ হতে হবে দর্শন দিয়ে, মেধা ও যুক্তি দিয়ে। নিশ্চয়ই অস্ত্র বা অশালীন ও কুরুচিপূর্ণ ভাষা দিয়ে নয়। রাজনীতিতে তর্ক হবে, বিতর্ক হবে এবং জনগণ এই তর্ক-বিতর্ক থেকেই উত্তমটা বেছে নেবে। তবে সব তর্ক-বিতর্ক হবে শালীনভাবে, রাজনীতির গন্ডির ভেতর পারস্পরিক সৌজন্যতা ও শ্রদ্ধাবোধ বজায় রেখে।

ভদ্র ও শালিন ভাষায় অনেক বড় ও শক্তিশালী কথা বলা যায়। তাছাড়া ভদ্রতা ও শালীনতার মাধ্যমে মানুষের মনও সহজে জয় করা যায়। বস্তুত: নিজের কথা ও ভাষা নিজেকে অন্যের কাছে পরিচয় করিয়ে দেয়। আমেরিকার প্রখ্যাত কবি ও লেখক Edgar Allan Poe এর মতে “Words are, in truth, the image of the soul” (অর্থাৎ “কথামালা আসলে আত্মার প্রতিচ্ছবি”)। চিৎকার করে, রগ চেতিয়ে, গালাগালি করে, মিথ্যা অপবাদ দিয়ে, অভিযোগ করে এবং হুমকি-ধমকি দিয়ে মানুষের মন জয় করা যায় না। বরং এতে হিতে বিপরীত হয়। দার্শনিক জালাল উদ্দিন রুমির ভাষায়, “Raise your words, not voice. It is rain that grows flowers, not thunder” (অর্থাৎ আপনার কথামালা তুলে ধরো, কণ্ঠস্বর নয়। বৃষ্টিই ফুল ফোটায়, বজ্রপাত নয়”)।

একে অপরকে খাটো করা, তিরস্কার করা এবং পরস্পরের বিরুদ্ধে তীর্যক মন্তব্য করা থেকেই শুরু হয় যা তাদের কর্মী ও সমর্থকদের মাধ্যমে গিয়ে ঠেকে একেবারে অশালীন গালিগালাজ ও দোষারোপে। এভাবে পারস্পরিক আক্রমণ যখন শুরু হয় তখন স্ব স্ব দলের কর্মী ও সমর্থকরা হাতে অস্ত্র পায়, জিহ্বাকে ব্যবহার করা শুরু করে কুড়াল হিসেবে।

বিএনপি ও জামায়াত দু'দলকে বলছি- একসাথে তো আপনারা কাঁধে কাঁধ মিলিয়ে আন্দোলন করছেন, একসাথে সরকার গঠন করেছেন এবং একসাথে পতিত সরকারের হাতে দেড় দশকের উপরে ধরে নির্মম নির্যাতনের শিকার হয়েছেন। এখন এভাবে কাঁদা ছোড়াছুড়ি বা উল্টা-পাল্টা আক্রমণ না করে নিজ দলের আদর্শ, গঠনমূলক রাজনৈতিক প্রোগ্রাম ও মেনিফেস্টো নিয়ে জনগণের কাছে যান। পজিটিভ রাজনীতি করুন। সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানে অন্তর্বর্তীকালীন সরকারকে সহযোগিতা করুন। Let the people decide (জনগণকেই সিদ্ধান্ত নিতে দিন)। জনগণ যাদেরকে ম্যান্ডেট দেবে তারাই দেশ চালাবেন।

একটু গভীরভাবে চিন্তা করুন, আমাদের প্রায় সব অঙ্গে মহান স্রষ্টা হাড় (হাড্ডি) দিয়েছেন, কিন্তু জিহ্বাতে হাড্ডি দেন নাই। কত সুনিপুণ মহান প্রভুর সৃষ্টি! অথচ এই নরম হাড্ডিবিহীন জিহ্বাকে আমরা প্রায় সময় কুড়াল (কুঠার) হিসেবে ব্যবহার করি! এই জিহ্বার কারণে আমাদের মধ্যে বেশিরভাগ ঝগড়া, দ্বন্দ্ব, আক্রমণ ও এরপর ২৪ পৃষ্ঠায়

# বিভেদ নয়, মুক্তিযোদ্ধাদের ঐক্য চাই

এসকে মজিদ মুকুল

সম্প্রতি বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের কার্যক্রম পরিচালনা ও নির্বাচন অনুষ্ঠানের জন্য জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল (জামুকা) ১১ সদস্যবিশিষ্ট কেন্দ্রীয় আহ্বায়ক কমিটি গঠন করেছে। সেই কমিটির আহ্বায়ক মনোনীত হয়েছেন বীর মুক্তিযোদ্ধা নঈম জাহাঙ্গীর। তবে জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা দলের সভাপতি ইসতিয়াক আজিজ উলফাত অভিযোগ করেছেন, এ আহ্বায়ক কমিটির দু'চারজন বাদে অধিকাংশই আওয়ামী লীগের দোসর। ১ জুলাই রাজধানীতে এক সংবাদ সম্মেলনে তিনি এ অভিযোগ তোলেন। মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের অধীনে কিছুসংখ্যক মানুষের কারণে দেশের মুক্তিযোদ্ধাদের প্রতি বৈষম্য ও অবিচার করা হচ্ছে বলে উত্থাপিত অভিযোগে বলেছেন ইসতিয়াক উলফাত।

> এ সুযোগে তাদের তাঁবেদার সাইনবোর্ডধারী ব্যবসায়ী রাজনীতিক ও জ্ঞানপাপীরা মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধা সংসদকে প্রশ্নবিদ্ধ করার পাশাপাশি একাত্তরকে চব্বিশের মুখোমুখি দাঁড় করানোর কৌশলী চেষ্টা চালাচ্ছে। দেশি-বিদেশি ষড়যন্ত্র ও কৌশলী কার্যকলাপ রোধে মুক্তিযোদ্ধাদের ঐক্যবদ্ধ হতে হবে। মুক্তিযোদ্ধা সংসদ পুনর্গঠন প্রক্রিয়ায় কোনো রাজনৈতিক দলের পদবিধারী নেতা সংসদের নেতৃত্বে নেই। এটি একটি সুযোগ বিশেষত দলীয় আনুগত্যের বাইরে অবস্থানকারী মুক্তিযোদ্ধাদের জন্য। এখন ভুয়া মুক্তিযোদ্ধাদের (অমুক্তিযোদ্ধা) আখড়ায় পরিণত করা যাবে না মুক্তিযোদ্ধা সংসদকে। বরং মুক্তিযোদ্ধাদের প্রশ্নবিদ্ধ করা দালাল নেতাদের চিহ্নিত করা সহজ হতে পারে। এ প্রক্রিয়ায় যুক্ত হয়ে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদকে দেশ ও জনগণের অতন্দ্র প্রহরী হিসেবে গড়ে তোলাই হবে এখন জাতীয় ঐক্যকামী সব মুক্তিযোদ্ধার দায়িত্ব



জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা দলের সভাপতি সম্ভবত আবেগবশত আরও বলেছেন, বিএনপি করলে মুক্তিযোদ্ধা সংসদ করা যাবে না- এমন বিধান না থাকলেও যেভাবে বর্তমানে মুক্তিযোদ্ধা সংসদের সদস্য ও কমিটি করা হচ্ছে, তাতে এমনই প্রমাণ পাওয়া যাচ্ছে। তিনি বলেছেন, মুক্তিযুদ্ধের অন্যতম সেক্টর কমান্ডার জিয়াউর রহমানের প্রতিষ্ঠিত রাজনৈতিক দলের ক্ষেত্রে যদি এমনটা করা হয়, তাহলে অন্যদের বেলায় কী ঘটতে পারে, অনুমান করা যায়। তবে বিগত সরকার দলীয় বিবেচনায় অমুক্তিযোদ্ধাদের মুক্তিযোদ্ধা বানিয়ে মুক্তিযোদ্ধা সংসদকে যেভাবে ভুয়া মুক্তিযোদ্ধার আখড়ায় পরিণত করেছিল, মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় যে সেই আখড়া ভেঙে দিয়েছে, তা নিয়ে উলফাত সংবাদ সম্মেলনে কিছু বলেননি।

সত্য- দলীয় বিবেচনার কারণে মুক্তিযোদ্ধা হয়ে এখনও যারা মুক্তিযোদ্ধা হতে পারেননি, তাদের বিষয়ে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় ও জামুকার ভূমিকা প্রশ্নবিদ্ধ থাকছেই। একজন মুক্তিযোদ্ধা বঞ্চিত হলেও সংস্থাকে জবাবদিহি করতে হবে। কিন্তু এটাও সত্য, লাখো মানুষের জীবনদান ও লাখো মা-বোনের সীমাহীন ত্যাগের বিনিময়ে এ ভূখণ্ড স্বাধীন হলেও ৫৪ বছরেও অর্জিত হয়নি মুক্তিযুদ্ধের চূড়ান্ত লক্ষ্যের শোষণমুক্ত সমাজ। এমনকি সাম্য, ন্যায়বিচার, মৌলিক অধিকারসহ মানবাধিকার ও বাকস্বাধীনতা নিশ্চিত করার গণতান্ত্রিক ব্যবস্থা প্রতিষ্ঠিত হয়নি। মুক্তিযোদ্ধা সংসদের সাইনবোর্ডে 'দেশ ও জনগণের অতন্দ্র প্রহরী বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ' লিখলেও দেশ ও জনগণের অতন্দ্র প্রহরী হতে পারেনি তারা। সরকার পতনের মধ্য দিয়ে স্বৈরশাসনের পতন হলেও স্বৈরাচারী ব্যবস্থা বহাল।

অন্তর্বর্তী সরকার ক্ষমতাসীন এক বছরও হয়নি; তারা দেশ পরিচালনা করছে এবং সংস্কার কার্যক্রম অব্যাহত রেখেছে। এ অবস্থায় জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা দলের অভিযোগ সত্য হলে তা আসলে স্বৈরাচারের রেখে এরপর ২৭ পৃষ্ঠায়

> সত্য- দলীয় বিবেচনার কারণে মুক্তিযোদ্ধা হয়ে এখনও যারা মুক্তিযোদ্ধা হতে পারেননি, তাদের বিষয়ে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় ও জামুকার ভূমিকা প্রশ্নবিদ্ধ থাকছেই। একজন মুক্তিযোদ্ধা বঞ্চিত হলেও সংস্থাকে জবাবদিহি করতে হবে। কিন্তু এটাও সত্য, লাখো মানুষের জীবনদান ও লাখো মা-বোনের সীমাহীন ত্যাগের বিনিময়ে এ ভূখণ্ড স্বাধীন হলেও ৫৪ বছরেও অর্জিত হয়নি মুক্তিযুদ্ধের চূড়ান্ত লক্ষ্যের শোষণমুক্ত সমাজ। এমনকি সাম্য, ন্যায়বিচার, মৌলিক অধিকারসহ মানবাধিকার ও বাকস্বাধীনতা নিশ্চিত করার গণতান্ত্রিক ব্যবস্থা প্রতিষ্ঠিত হয়নি। মুক্তিযোদ্ধা সংসদের সাইনবোর্ডে 'দেশ ও জনগণের অতন্দ্র প্রহরী বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ' লিখলেও দেশ ও জনগণের অতন্দ্র প্রহরী হতে পারেনি তারা। সরকার পতনের মধ্য দিয়ে স্বৈরশাসনের পতন হলেও স্বৈরাচারী ব্যবস্থা বহাল



## দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

## স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০



- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট



## বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

**৭৪৯**
JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত | আমরা ARC অনুমোদিত

DELTA AIR LINES | Biman Bangladesh Airlines | American Airlines | ETIHAD AIRWAYS | QATAR AIRWAYS | Emirates | KUWAIT AIRWAYS



## বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।



আবু তাহের খান — ট্রাভেল কনসালটেন্ট
কাঞ্চন — ট্রাভেল কনসালটেন্ট
জামান রঞ্জু — ট্রাভেল কনসালটেন্ট
কে.এম. শহিদ — ট্রাভেল কনসালটেন্ট
মাহির — ট্রাভেল কনসালটেন্ট
জাহাঙ্গীর — ট্রাভেল কনসালটেন্ট
নিলয় — ট্রাভেল কনসালটেন্ট

**NEW YORK OFFICE**
73-05 37th Road,
Jackson Heights
NY 11372

**ATLANTA OFFICE**
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

**DHAKA OFFICE**
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872

**Phone: 917-396-4140, 917-592-7828**

# মৃত্যুদণ্ড প্রদানই যথেষ্ট নয়, কার্যকর করতে হবে

ড. মাহবুব উল্লাহ্

১৮ নভেম্বর ২০২৫ মঙ্গলবারের একটি পত্রিকার প্রধান শিরোনাম ছিল, 'মানবতাবিরোধী অপরাধে হাসিনার মৃত্যুদণ্ড।' অন্য ৩টি পত্রিকার শিরোনাম যথাক্রমে, 'গণহত্যায় হাসিনার ফাঁসির দণ্ড, 'জুলাই হত্যাকাণ্ডে হাসিনার মৃত্যুদণ্ড, এবং 'মানবতাবিরোধী অপরাধে শেখ হাসিনার মৃত্যুদণ্ড'।

দেখা যাচ্ছে ১৮ নভেম্বরের প্রায় প্রতিটি দৈনিকের প্রধান শিরোনামে বড় ধরনের কোনো পার্থক্য নেই। কারণ বাংলাদেশের ইতিহাসে যত বিচার-আচার হয়েছে, তার মধ্যে শেখ হাসিনার বিরুদ্ধে আনীত মানবতাবিরোধী অপরাধের বিচারটি বিশাল তাৎপর্যবহ। বাংলাদেশের ৫৪ বছরের ইতিহাসে বিচারে আর কোনো সরকারপ্রধান বা রাষ্ট্রপ্রধানের মৃত্যুদণ্ড হয়নি। শেখ হাসিনার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রমাণিত হলো ক্ষমতার সিংহাসন থেকে ফাঁসির রজ্জু বেশি দূরে নয়।

একজন শাসক যদি দেশ চালাতে গিয়ে মানবতা হারিয়ে জঘন্যতম মানবতাবিরোধী অপরাধে লিপ্ত হয়, তখন তাকে ইতিহাস ক্ষমা করে না। দুনিয়ার তাবৎ ফ্যাসিস্ট স্বৈরাচারী শাসককে কোনো না কোনোভাবে এক সময়ে এসে করুণ পরিণতি ভোগ করতে হয়েছে। হিটলার, মুসোলিনি, ফ্রাংকো, সালাজার, পিনোশে, মার্কোস, দুভেলিয়ারসহ সব স্বৈরশাসককে করুণ পরিণতি বরণ করতে হয়েছে। এদের সবার মৃত্যুদণ্ড হয়েছিল। এমনটি নয়, কিন্তু শেষ পরিণতি ছিল চরম দুর্ভোগের। এরা ছাড়াও আরও অনেক স্বৈরাচারী শাসক ছিলেন, যাদের ভয়াবহ পরিণতি বরণ করতে হয়েছে। ইরানের শাহ মার্কিন যুক্তরাষ্ট্রের অকৃত্রিম অনুগ্রহপুষ্ট ছিলেন, কিন্তু ইরান বিপ্লবের পর তাকে স্বদেশ ছেড়ে যেতে হয়েছিল। কিন্তু মার্কিন যুক্তরাষ্ট্রে তার আশ্রয় হয়নি। তিনি দুরারোগ্য ব্যাধি ক্যানসার নিয়ে মিসরে আশ্রয় নিয়েছিলেন এবং সেখানেই তার মৃত্যু হয়েছিল। রুমানিয়ার স্বৈরশাসক চচেস্কুর বিরুদ্ধে গণ-অভ্যুত্থান ঘটলে চচেস্কু ও তার স্ত্রীকে সংক্ষিপ্ত বিচারে গুলি করে হত্যা করা হয়। চচেস্কুর শেষ শয্যা রুমানিয়ার মাটিতে হয়নি।

তার লাশ হেলিকপ্টারে বহন করে কৃষ্ণসাগরে ফেলে দেওয়া হয়। এখন পর্যন্ত জানা তথ্যে দেখা যায়, মৃত্যুদণ্ডে দণ্ডিত হয়েছিলেন আলোচিত ৪৮ রাষ্ট্র ও সরকারপ্রধান, এদের মধ্যে রয়েছেন ইরানের সাবেক প্রধানমন্ত্রী আমির আব্বাস হুবেইদা, পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী জুলফিকার আলী ভুট্টো, ইরাকের প্রেসিডেন্ট সাদ্দাম হোসেন, ডেমোক্রেটিক রিপাবলিক অব কঙ্গোর প্রধানমন্ত্রী প্যাট্রিস লুমুম্বা, ডি আর কঙ্গোর প্রেসিডেন্ট জোসেফ কাবিলা, ইতালির প্রধানমন্ত্রী বেনিতো মুসোলিনি, রুমানিয়ার প্রেসিডেন্ট নিকোলাই চচেস্কু, জাপানের প্রধানমন্ত্রী হিদেকি তোজো, গ্রিসের সাবেক প্রধানমন্ত্রী জর্জিও পাপাডোপুলোস, রুমানিয়ার প্রধানমন্ত্রী ইয়ন আন্তেনেস্কু, দক্ষিণ কোরিয়ার সাবেক প্রেসিডেন্ট ছুন দু-হুয়ান, পাকিস্তানের সাবেক প্রেসিডেন্ট পারভেজ মোশাররফসহ ৪৮ জন। এদের মধ্যে রায় কার্যকর হয় ৩৫ জনের।

তবে এদের মধ্যে দু-তিনজন রয়েছেন যাদের দণ্ড বিতর্কের ঊর্ধ্বে নয়। এরা হলেন প্যাট্রিস লুমুম্বা, জুলফিকার আলী ভুট্টো ও সাদ্দাম হোসেন। বিশেষ করে প্যাট্রিস লুমুম্বার কাহিনিটি খুবই মর্মান্তিক। তিনি ছিলেন বেলজিয়াম সাম্রাজ্যবাদের বিরুদ্ধে কঙ্গোর জাতীয় নেতা। কঙ্গো খনিজসম্পদে সমৃদ্ধ একটি দেশ। দেশটিকে স্বাধীনতা দিলেও বেলজিয়াম সাম্রাজ্যবাদীরা এটাকে আষ্টেপৃষ্ঠে বেঁধে রাখতে চেয়েছিল। এরই পরিপ্রেক্ষিতে তাকে ষড়যন্ত্রমূলকভাবে গ্রেফতার করে হত্যা করা হয়। আফ্রিকা, এশিয়া ও ল্যাটিন আমেরিকার জনগণ লুমুম্বার হত্যায় অশ্রু সংবরণ করতে পারেনি। লুমুম্বার মৃত্যুর পর পাকিস্তানের তৎকালীন প্রেসিডেন্ট আইয়ুব খান বিবৃতি দিয়ে বলেছিলেন, 'The most henious murder', অর্থাৎ জঘন্যতম হত্যাকাণ্ড। তাই মৃত্যুদণ্ড হলেই সবক্ষেত্রে তাকে ন্যায্যতা দেওয়া যায় না।



শেখ হাসিনার ২টি সাজা হয়েছে-একটিতে মৃত্যুদণ্ড, অপরটিতে স্বাভাবিক মৃত্যু না হওয়া পর্যন্ত কারাবাস। শেখ হাসিনার স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের মৃত্যুদণ্ড হয়েছে। শেখ হাসিনার বিরুদ্ধে যেসব অপরাধ প্রমাণিত, তা হলো, আন্দোলনকারীদের শনাক্তে ড্রোন ও হেলিকপ্টার মোতায়েন, আন্দোলনকারীদের বিরুদ্ধে মারণাস্ত্র ব্যবহারের নির্দেশে রাজধানীর চানখারপুলে গুলি করে ৬ জনকে হত্যা এবং সাভারের আশুলিয়ায় গুলি করে ৬ জনকে হত্যার আদেশ।

আসাদুজ্জামান খান কামাল যেসব অপরাধের দায়ে মৃত্যুদণ্ডে দণ্ডিত হয়েছেন, তার মধ্যে রয়েছে চানখারপুলে অপরাধ সংঘটনে প্ররোচনা দেওয়া ও প্রতিরোধের ব্যর্থতা এবং আশুলিয়ায় অপরাধ সংঘটনে প্ররোচনা দেওয়া ও প্রতিরোধে ব্যর্থতা। অভিযুক্ত ও দণ্ডিত শেখ হাসিনা ও আসাদুজ্জামান খান কামাল আগেই দেশ থেকে পালিয়ে গেছেন। ভারতীয় সূত্রগুলো বলছে, লক্ষাধিক আওয়ামী লীগের মন্ত্রী ও নেতা ভারতে আশ্রয় নিয়েছে। অপরাধবোধ না থাকলে কেন এত বিশালসংখ্যক আওয়ামী লীগার দেশ থেকে পালিয়ে যাবে এবং ভারতে আশ্রয় নেবে? আরও কয়েকটি দেশে আওয়ামী লীগাররা পালিয়ে আছে। তৎকালীন এরপর ২৪ পৃষ্ঠায়



ভারতের আধিপত্যবাদী সরকার আওয়ামী খুনিদের মাথার ওপর থেকে ছাতা সরিয়ে নেবে না। কারণ বাংলাদেশে তাদের প্রথম কাতারের স্বার্থরক্ষাকারী এবং অনুগতরা হলো আওয়ামী লীগওয়ালারা। এ কারণে ভারত কখনো আওয়ামী খুনি দস্যুদের বাংলাদেশের হাতে রায় কার্যকরের জন্য হস্তান্তর করবে না। ভারত সরকার যাতে হাসিনাসহ অন্য অপরাধীদের বাংলাদেশের কাছে সমর্পণ করে, তার জন্য বিশ্বব্যাপী বিশ্বাসযোগ্য ক্যাম্পেইন চালাতে হবে। মৃত্যুদণ্ড কার্যকর করা গেলে হাসিনার দৈহিক মৃত্যুর নিশ্চিত হবে বটে, তার চেয়েও বহুগুণ বেশি প্রয়োজন তার রাজনৈতিক মৃত্যু নিশ্চিতকরণ। হাসিনার মৃত্যুদণ্ড ইতিহাসের কাছে দায়মুক্তির যে পদক্ষেপ, তা যেন কার্যকর হয় মৃত্যুদণ্ড বাস্তবায়নে

# হাসিনার দণ্ড : ভারতের সঙ্গে সম্পর্কে কী প্রভাব ফেলবে

মোহাম্মদ সফিউল্লাহ

আগামীতে আওয়ামী লীগকে ক্ষমতাসীন করে শেখ হাসিনাকে বাংলাদেশে পাঠানোর লক্ষ্যে ভারত কাজ করছে বলে মনে করা হচ্ছে। মনে রাখতে হবে, বাবরি মসজিদ ধ্বংসের মাধ্যমে উগ্র হিন্দু সম্প্রদায়ের দল আরএসএস/বিজেপি ভারতের রাজনীতির মাঠ দখলে নেয়। ২০০২ সালে তারা গুজরাটে ২০০০ মুসলিম নিধনের মাধ্যমে দিল্লির ক্ষমতা দখলের পথ করে নেয়। ২০১৪ সালে বিজেপি কেন্দ্রীয় শাসক হিসাবে ক্ষমতায় আসার পর থেকেই ভারতে মুসলমানদের ওপর অত্যাচারের খড়্গ নেমে আসে। নির্বাচনের সময় এর মাত্রা অনেক বেড়ে যায়। মুসলিমপ্রধান দেশ বাংলাদেশের জন্য এটি গভীর উদ্বেগের একটি বিষয়। প্রতিবেশী দেশে যদি মুসলিম নিধনযজ্ঞ চলে, তাহলে অবশ্যই বাংলাদেশ-ভারতের সম্পর্কে আরও ফাটল ধরবে

জুলাই গণ-অভ্যুত্থানের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধে দোষী সাব্যস্ত করে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল ভারতে পলাতক ফ্যাসিস্ট প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে মৃত্যুদণ্ডাদেশ দিয়েছে। একই মামলায় সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালকেও মৃত্যুদণ্ড দেওয়া হয়েছে।



আরেক আসামি পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) রাজসাক্ষী চৌধুরী আবদুল্লাহ আল-মামুনকে দেওয়া হয়েছে ৫ বছরের লঘুদণ্ড। রায়ে শেখ হাসিনা ও আসাদুজ্জামান খান কামালের স্থাবর-অস্থাবর সব সম্পদ বাজেয়াপ্ত করার নির্দেশ দেওয়া হয়। পাশাপাশি যারা ২০২৪ সালের জুলাই আন্দোলনে নিহত হয়েছেন, তাদের কনসিডারেবল অ্যামাউন্ট (উল্লেখযোগ্য পরিমাণ) আন্দোলনকারীদের ক্ষতিপূরণ দিতে সরকারকে নির্দেশ দেওয়া হয়।

এছাড়া আহত আন্দোলনকারীদের আঘাতের মাত্রা ও ক্ষতি বিবেচনায় পর্যাপ্ত ক্ষতিপূরণ দিতে পদক্ষেপ নিতে বলা হয়েছে রায়ে। সোমবার দুপুরে জনাকীর্ণ আদালতে বিচারপতি গোলাম মর্তূজা মজুমদারের নেতৃত্বাধীন তিন সদস্যের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এ রায় ঘোষণা করেন। রায় ঘোষণার পরই তা কার্যকরের দাবি ওঠে।

শেখ হাসিনা বর্তমানে ভারতে রয়েছেন। ভারত তাকে ফেরত দেবে কিনা তা নিয়ে সংশয় রয়েছে। শেখ হাসিনার বিরুদ্ধে বেশ আগেই গ্রেফতারি পরোয়ানা জারি আছে। সে অনুযায়ী তাকে ফেরত চেয়ে ভারত সরকারকে চিঠি দিয়েছিল বাংলাদেশ সরকার। কিন্তু এতে কর্ণপাত করেনি ভারত। শেখ হাসিনাকে ফেরত পেতে আবারও একই উদ্যোগ নেওয়া হয়েছে।

পুলিশের অতিরিক্ত আইজি (ক্রাইম অ্যান্ড অপস) খোন্দকার রফিকুল ইসলাম যুগান্তরকে বলেন, শেখ হাসিনাকে ফিরিয়ে আনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বন্দি প্রত্যর্পণ চুক্তি নাকি অপরাধী হিসাবে শেখ হাসিনাকে ফেরত আনা হবে-এমন প্রশ্নের জবাবে অতিরিক্ত আইজিপি বলেন, দুভাবেই চেষ্টা চলছে। তাকে ফেরত আনাটাই বড় বিষয়। ঠিক কোন প্রক্রিয়ায় ফেরত আনা হবে, সেটা এ মুহূর্তে সুনির্দিষ্টভাবে বলা যাচ্ছে না। যেহেতু তিনি বাংলাদেশে দণ্ডপ্রাপ্ত আসামি, তাই আসামি হিসাবে ফেরত আনার সম্ভাবনাই বেশি।]

ভারতের সেনাপ্রধানের ক্রমাগত টেলিফোন ও অন্যান্য যোগাযোগের মাধ্যমে শেখ হাসিনাকে ভারতে পাঠানোর জন্য বাংলাদেশ সেনাবাহিনীর ওপর প্রচণ্ড চাপ সৃষ্টি করা হয়। এটা সর্বজনবিদিত যে, ভারত নিজে বিমান না পাঠিয়ে বাংলাদেশের সামরিক বাহিনীর বিমান দিয়ে শেখ হাসিনাকে ভারতে পাঠানোর জন্য চাপ অব্যাহত রাখে। জনতার রোষে হাসিনা সরকারের পতন হলে বাংলাদেশের নিরাপত্তার ওপর ভারতের আঘাত হানার সমূহ আশঙ্কা এড়ানোর জন্য হাসিনার ইচ্ছা মোতাবেক সামরিক বিমানে তাকে ভারতে পাঠিয়ে দেওয়া হয়। অথচ ভারত অপপ্রচার করছে, বাংলাদেশ শেখ হাসিনাকে ভারতের ওপর চাপিয়ে দিয়েছে। ১৯৭১ সালের মানবতাবিরোধীদের মৃত্যুদণ্ড দেওয়ার উদ্দেশ্যে শেখ হাসিনা বিশেষ আদালত প্রতিষ্ঠা করেছিলেন। এই আদালতকে শেখ হাসিনা বিশ্বমানের আদালত বলে উল্লেখ করেছিলেন। ২০২৪ সালের মানবতাবিরোধী অপরাধের জন্য এই আদালতই শেখ হাসিনার মৃত্যুদণ্ড দিয়েছে।

হাসিনা নিজের ও দিল্লির ইচ্ছায় ভারতে আশ্রয়ে আছেন। তিনি এখন মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামি। বিগত পনের বছর তার শাসন আমলকে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দুদেশের সোনালি অধ্যায় বলে দাবি করেছেন। এই রায়ের পর ভারত অবশ্যই বিশ্বের কাছে বিব্রতকর পরিস্থিতিতে পড়েছে।

মানবতাবিরোধী অপরাধ এবং খুনের আসামিকে বাংলাদেশের কাছে হস্তান্তর না করে আশ্রয় দিয়ে ভারত আন্তর্জাতিক সীমারেখা লঙ্ঘনের অভিযোগে অভিযুক্ত হবে। ভারতের ওপর বাংলাদেশের ও আন্তর্জাতিক চাপ বৃদ্ধি পাবে।

ভারত শেখ হাসিনার সময়ে ২০১৩ সালে এবং এরপর ২০১৬ সালে দুদেশের মধ্যে প্রত্যর্পণ চুক্তি ইতোমধ্যেই অমান্য করে বাংলাদেশের জনগণের কাছে অবিশ্বাসযোগ্য প্রতিবেশী হিসাবে প্রমাণিত হয়েছে। বন্দিবিনিময় চুক্তির অধীনে ইতোমধ্যে অনেক অপরাধীর বিনিময় হয়েছে। এর আওতায় শেখ হাসিনার বিনিময় সম্ভব। কিন্তু ভারত এর অপব্যাখ্যা করছে। এর মধ্যে রাজনীতি ঢুকিয়ে বন্দিবিনিময়কে বানচাল করার কৌশল অবলম্বন করছে।



বাংলাদেশিদের নিয়ে আস্থার সংকটে ভুগছে ভারত। তদুপরি আদালতের রায় অমান্য করে ভারত যদি বাংলাদেশের কাছে শেখ হাসিনাকে হস্তান্তর না করে, তাহলে বাংলাদেশ-ভারত সম্পর্ক তলানিতে নামার আশঙ্কা আছে। ভারতীয় গণমাধ্যমের অপপ্রচার অনেক বিভ্রান্তির জন্ম দেবে। বাংলাদেশের আসন্ন নির্বাচনটিকে প্রশ্নবিদ্ধ করার জন্য ভারতীয় মিডিয়া আদাজল খেয়ে মাঠে নামবে, অন্তত বিগত দিনের অভিজ্ঞতা তা-ই বলে।

শেখ হাসিনা ভারতের কাছে বাংলাদেশের বিরুদ্ধে 'ঝঃৎধঃবমরপ অংংবঃ', ইতোমধ্যে শেখ হাসিনার পনেরো বছরের শাশনামলে বাংলাদেশের এরপর ২৭ পৃষ্ঠায়


বাড়ী ক্রয়ের এখনই সঠিক সময়!
SELL YOUR PROPERTY FASTER WITH TOP $$$
Resdential, Commercial, Foreclosure HUD Sale, Short Sale Specialist.
20 Years Experience
BUY - SELL - RENT
আপনার বাড়ীর Free Market Analysis and Consultation এর জন্য যোগাযোগ করুন:
মোহাম্মদ সেলিম রেজা
Lic. Real Estate Sales Person
আমরা বাংলায় কথা বলি
ফোন: 929-393-7331
Mohammad Salim Reza (MBA)
NYC Licensed Realtor, Professional/ Couteous!
Tel. 929-393-7331
Email: mrezarealtor@gmail.com
EXIT
EXIT REALTY PRIME
189-10 Hillside Ave, Suite E, Queens, NY 11423
Office: 718-262-0205, Fax: 718-262-0254


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208



## আমেরিকান-বাংলাদেশী ওয়েলফেয়ার অর্গানাইজেশন'র অভিষেক

৩ পৃষ্ঠার পর

হুইপ, যুগ্ম আহ্বায়ক মিয়া মোহাম্মদ দাউদ, সমন্বয়ক শেখ শফিকুর রহমান, যুগ্ম সমন্বয়ক জহুরুল ইসলাম, সদস্য সচিব কাজী রবিউজ্জামান, যুগ্ম সদস্য সচিব গোলাম রব্বানী, বিদায়ী সাধারণ সম্পাদক শেখ জামাল হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক রেজা আব্দুল্লাহ, সদস্য খবির উদ্দিন ভূঁইয়া, সাবেক কাউন্সিলর রবিউল ইসলাম, কোষাধ্যক্ষ আল মামুন সরকার, রুপচান মিয়া। সভায় নেতৃবৃন্দ বক্তব্যের মাধ্যমে নিউইয়র্ক প্রবাসী বাংলাদেশী নাগরিকদের আগামী ২৪শে নভেম্বর সোমবার বাংলাবাজারের গোল্ডেন প্যালেসে অনুষ্ঠিতব্য অভিষেক অনুষ্ঠানে যোগদান করার আহ্বান জানিয়েছেন।এবং অনুষ্ঠান সফল করতে সংগঠনের প্রত্যেক সদস্যকে আন্তরিক প্রচেষ্টা অব্যাহত রাখার আহ্বান জানানো হয়।

উল্লেখ্য উক্ত অভিষেক অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ কনস্যুলেটের কনসাল জেনারেল,বাংলাদেশ কমিউনিটির নেতৃবৃন্দ এবং মূলধারার রাজনৈতিক ব্যক্তিবর্গ। জাকজমকপূর্ণ অনুষ্ঠানে সমাজের বিভিন্ন স্তরের ব্যক্তিদের ক্রেস্ট প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।



## নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের অভিষেক ৫ জানুয়ারি

৬৪ পৃষ্ঠার পর

করেন কোষাধ্যক্ষ রশীদ আহমেদ। সভায় কার্যকরী পরিষদের ১০জন কর্মকর্তার উপস্থিতিতে নবনির্বাচিত কমিটির কাছে দায়িত্ব হস্তান্তর, নির্বাচন কমিশন ও নতুন কমিটিকে অভিনন্দনসহ বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

আগামী ৫ জানুয়ারি ২০২৬ ক্লাবের অভিষেক উপলক্ষ্যে ক্লাবের সাবেক সভাপতি ডা. ওয়াজেদ এ খানকে চেয়ারম্যান, কার্যকরী কমিটির সদস্য শেখ সিরাজুল ইসলামকে কনভেনর এবং সাংগঠনিক সম্পাদক সৈয়দ ইলিয়াস খসরুকে সদস্য সচিব করে অভিষেক উদযাপন কমিটি ২০২৬ গঠন করা হয়। কুইন্সের উডসাইডস্থ কুইন্স প্যালেসে অভিষেক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

অভিষেক অনুষ্ঠান উপলক্ষ্যেএকটি স্মারক প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। সেই স্মারক উপ-কমিটির সম্পাদক হিসেবে থাকছেন সংগঠনের যুগ্ম সাধারণ সম্পাদক মাহাথির খান ফারুকী। সম্পাদনা পরিষদের সদস্য হিসেবে রয়েছেন সাবেক সাধারণ সম্পাদক এবিএম সালাহউদ্দিন আহমেদ, কোষাধ্যক্ষ রশীদ আহমেদ ও রওশন হক। এছাড়াও সংগঠনের অফিস, ওয়েবসাইট, হোয়াটসঅ্যাপ গ্রুপ পরিচালনা করার জন্য বিভিন্ন উপ-কমিটি গঠন করা হয়।

সভায় উপস্থিত ছিলেন সহ-সভাপতি আবিদুর রহিম, যুগ্ম সাধারণ সম্পাদক মাহাথীর খান ফারুকী, কোষাধ্যক্ষ রশীদ আহমেদ, সাংগঠনিক সম্পাদক সৈয়দ ইলিয়াস খসরু, কার্যকরী সদস্য রওশন হক, ফারুক হোসেন ও শাহ আহমেদ।

## হাসিনাকে ফেরাতে ইন্টারপোলে চিঠির প্রস্তুতি

৬৪ পৃষ্ঠার পর

করে দেয়া হবে রায়ের কপি। এর আগেও শেখ হাসিনার বিরুদ্ধে রেড নোটিশ জারির জন্য আন্তর্জাতিক পুলিশ সংস্থাটিকে দুই দফা চিঠি দিয়েও সাড়া পায়নি পুলিশের এনসিবি। ইন্টারপোল ওই নোটিশ জারির যৌক্তিকতা সম্পর্কে ব্যাখ্যা চেয়েছিল।

## ট্রাম্প-মামদানি বৈঠক আজ





১ পৃষ্ঠার পর

যোগাযোগ মাধ্যম ট্রুথ সোশ্যালে এ কথা জানান ট্রাম্প। মামদানির মুখপাত্রও বিষয়টি নিশ্চিত করেছেন ।

ট্রাম্প বলেছেন, তিনি শুক্রবার হোয়াইট হাউসে নিউইয়র্ক শহরের নবনির্বাচিত মেয়র জোহরান মামদানির সঙ্গে সাক্ষাতের পরিকল্পনা করছেন।

ট্রুথ সোশ্যালের পোস্টে ট্রাম্প লেখেন, নিউইয়র্ক শহরের কমিউনিস্ট মেয়র জোহরান মামদানি বৈঠক করতে চেয়েছেন। ২১ নভেম্বর, শুক্রবার হোয়াইট হাউসের ওভাল অফিসে বৈঠকটি করার বিষয়ে তাঁরা একমত হয়েছেন।

মামদানি ৪ নভেম্বর নিউইয়র্কের মেয়র নির্বাচিত হন। মেয়র নির্বাচিত হওয়ার পর এই প্রথম দু'জনের মুখোমুখি বৈঠক হতে যাচ্ছে। নবনির্বাচিত মেয়রের মুখপাত্র জোরা পেকেক ট্রাম্প-মামদানির শুক্রবার বৈঠক নিয়ে এক বিবৃতিতে বলেন, প্রথা অনুযায়ীই নবনির্বাচিত মেয়র হোয়াইট হাউসে প্রেসিডেন্টের সঙ্গে বৈঠকের পরিকল্পনা করেছেন। বৈঠকে জননিরাপত্তা, অর্থনৈতিক নিরাপত্তা, নাগরিকদের সাশ্রয়ী জীবনযাপনের বিষয় নিয়ে আলোচনা হবে।

বৈঠক নিয়ে ট্রাম্পের কাছ থেকে ঘোষণা আসার আগে মামদানি নিজেও বিষয়টি নিশ্চিত করেন। বৃহস্পতিবার এক সংবাদ সম্মেলনে মামদানি বলেন, আমার দল প্রেসিডেন্টের সঙ্গে বৈঠক আয়োজনের জন্য হোয়াইট হাউসের সঙ্গে যোগাযোগ করেছে। নিউইয়র্কবাসী ৮.৫ মিলিয়ন মানুষের কাছে যে প্রতিশ্রুতি দিয়েছি, তা পূরণ করার জন্য যেকোনো ব্যক্তির সঙ্গে কাজ করতে প্রস্তুত। প্রেসিডেন্টের সঙ্গে অনেক বিষয়ে দ্বিমত রয়েছে। তবে তার সঙ্গে যে কোন এজেন্ডা নিয়ে কাজ করব যা নিউইয়র্কারদের কল্যাণে কাজে আসবে।

সম্প্রতি অনুষ্ঠিত মেয়র নির্বাচনে নিজ দলের বাইরে গিয়ে মামদানির প্রতিপক্ষকে সমর্থন দিয়েছিলেন ট্রাম্প। মামদানিকে 'খাঁটি কমিউনিস্ট' বলেও আক্রমণ করেছিলেন। এমনকি নিউইয়র্কবাসী যাতে মামদানিকে ভোট না দেন, মামদানি জিতলে নিউইয়র্ক শহরের জন্য ফেডারেল তহবিল কমানোর হুমকি দিয়েছিলেন তিনি।

পরে বিজয় ভাষণে ট্রাম্পকে একহাত নিয়ে মামদানি বলেছিলেন, 'ডোনাল্ড ট্রাম্প, যেহেতু আমি জানি, আপনি দেখছেন, আপনার জন্য আমার চারটি শব্দ বলার আছে-আওয়াজ বাড়ান।'

## হামজা-জামালদের ২ কোটি টাকা পুরস্কার ঘোষণা

৫২ পৃষ্ঠার পর

সাফ চ্যাম্পিয়ন হওয়ায় দেড় কোটি টাকা ঘোষণা করলেও এক বছর পেরিয়ে গেলেও তা এখনো পূরণ করতে পারেনি।

২২ বছর পর বাংলাদেশের ভারত বধ : ফিলিপাইনের রেফারি ক্লিফফোর্ডের শেষ বাঁশি। জাতীয় স্টেডিয়ামে দর্শকদের বাঁধনহারা উল্লাস। ২২ বছর পর ভারতকে হারাল বাংলাদেশ। ঘরের মাঠে প্রায় ২৪ হাজার দর্শকের সামনে হামজাদের ১-০ গোলের জয়। ২০০৩ সালে এই স্টেডিয়ামে সাফ চ্যাম্পিয়নশিপের সেমিফাইনালে মতিউর মুন্নার গোল্ডেন গোলে বাংলাদেশ ভারতকে পরাজিত করেছিল। ২২ বছর পর এবার বাংলাদেশ জিতল শেখ মোরসালিনের গোলে। বাংলাদেশ ম্যাচের ১২ মিনিটে লিড নেয়। এরপর ৮০ মিনিটের বেশি সময় বাংলাদেশ সেই লিড বজায় রাখে।

হংকং ও নেপালের বিপক্ষে বাংলাদেশ ম্যাচের অন্তিম মুহূর্তে গোল হজম করেছিল। তাই বাংলাদেশের ফুটবল সমর্থকদের মনে শঙ্কা ছিল রক্ষণ কিংবা গোলরক্ষকের ভুল শেষে এসে গোল হজম করে বসে কি না! আজ আর সেই ঘটনার পুনরাবৃত্তি হয়নি। ভারত দ্বিতীয়ার্ধে মুহুর্মুহু আক্রমণ করেও গোল করতে পারেনি।

বাংলাদেশের ডিফেন্স জমাট রেখেছিলেন ইংলিশ প্রিমিয়ার ফুটবল লিগে খেলা ফুটবলার হামজা চৌধুরি। তিনি অত্যন্ত দক্ষতার সঙ্গে বাংলাদেশের রক্ষণ সামলেছেন। বিশেষ করে ৩২ মিনিটে ভারতের নিশ্চিত গোল তিনি হেড দিয়ে সেভ করেন। দ্বিতীয়ার্ধেও তিনি অনেকগুলো আক্রমণ প্রতিহত করেছেন।

ভারতের কোচ খালিদ জামিল দ্বিতীয়ার্ধে অনেক কৌশল পরিবর্তন ও খেলোয়াড় পরিবর্তন করেছেন। এরপরও ম্যাচে গোল করে সমতা আনতে পারেনি। বাংলাদেশের কোচ হ্যাভিয়ের ক্যাবরেরা দ্বিতীয়ার্ধে গোলদাতা মোরসালিনের পরিবর্তে শাহরিয়ার ইমনকে নামান। শাহরিয়ার ইমন গতি দিয়ে ভারতের রক্ষণে কাঁপন ধরালেও গোল পাননি।

ভারতের র‍্যাংকিং ১৩৬। শক্তিমত্তায় বাংলাদেশের চেয়ে এগিয়ে। ২৫ মার্চ ভারতের হোম ম্যাচের একাদশের ৯ জনই আজকের একাদশে ছিলেন না। ভারতের কোচ খালিদ জামিল মোহনবাগানের ফুটবলারদের ক্যাম্পে দেরিতে যোগ দেয়ায় বাদ দিয়ে এসেছেন। এতে ভারতের শক্তি খর্ব হয়। মাঠেও সেটার প্রমাণ মেলে।

## হবিগঞ্জ জেলা কল্যাণ সমিতির অভিষেক অনুষ্ঠিত

৬৪ পৃষ্ঠার পর

টিপুর যৌথ পরিচালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, গেস্ট অফ অনার বাংলাদেশ সোসাইটির সাবেক বোর্ড অব ট্রাস্টি সদস্য ওয়াহিদ চৌধুরী, বিশেষ অতিথি ছিলেন- জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনক-এর সভাপতি বদরুল খান, বাংলাদেশ সোসাইটির ও জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনক এর সাবেক সভাপতি আজমল হোসেন কুনু, বিশিষ্ট ব্যবসায়ী ও কমিউনিটি এক্টিভিস্ট ব্যারিস্টার মিজানুর রহমান চৌধুরী, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনক-এর সাবেক উপদেষ্টা ও আমেরিকান বাংলাদেশী ওয়েলফেয়ার অর্গানাইজেশন ইনক এর সভাপতি আব্দুল শহীদ, বিশিষ্ট এক্টিভিস্ট হাসান আলী, হবিগঞ্জ সদর সমিতির সভাপতি মোঃ তাজুল ইসলাম মালিক, অভিষেক কমিটির আহ্বায়ক মোঃ শফিউদ্দিন তালুকদার, মঞ্চে উপস্থিত ছিলেন প্রধান নির্বাচন কমিশনার জনাব সৈয়দ নাজমুল হাসান ফোয়াদ নির্বাচন কমিশনার গফফার আহমেদ, নির্বাচন কমিশনার তাজুল ইসলাম তালুকদার, নির্বাচন কমিশনার লিয়াকত আলী প্রমুখ। অনুষ্ঠানে শুরুতে কোরআন তিলাওয়াত করেন ধর্ম ও সমাজকল্যাণ সম্পাদক ও নব নির্বাচিত সহসভাপতি সৈয়দ মোশাররফ হোসেন। বাংলাদেশ ও আমেরিকার জাতীয় সংগীতের পর স্বাগত বক্তব্য রাখেন অভিষেক অনুষ্ঠানের আহ্বায়ক মোঃ শফি উদ্দিন তালুকদার। শুভেচ্ছা বক্তব্য রাখেন সদস্য সচিব আবুল কালাম আজাদ টিপু ও জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার ইনক-এর ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকিম প্রধান নির্বাচন কমিশনার এক এ নব নির্বাচিত কমিটি কে আহবান করেন সভাপতি সাকির হোসেন, সাধারণ সম্পাদক মোঃ দেলোয়ার হোসেন মালিক, সহ-সভাপতি আকবর হোসেন সর্দার, সহ-সভাপতি সৈয়দ মোশাররফ হোসেন, সহ-সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ টিপু, কোষাধ্যক্ষ মোঃ রুহেল মিয়া, সাংগঠনিক সম্পাদক ইমরান আলী টিপু, প্রচার ও দপ্তর সম্পাদক সৈয়দ জিয়াউল হাসান আসাদ, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক জহির আহমেদ রায়হান ,আইন ও আন্তর্জাতিক সম্পাদক মোঃ ফখরুল আবেদীন মাছুম, ক্রীড়া ও যুব সম্পাদক আব্দুল মুকাদ্দিম চৌধুরী রাজীব , সমাজ কল্যাণ ও আপ্যায়ন সম্পাদক মোঃ জালাল উদ্দিন তালুকদার, মহিলা সম্পাদিকা নুর জাহান চৌধুরী রোমা, সদস্য মোঃ শফিউদ্দিন তালুকদার, মোঃ আতাউর রহমান, রেজাউল ভূঁইয়া রিজু, মোঃ আবু তাহের চৌধুরী, গোলাম মুহিত, মোঃ মানিক মিয়া, অভিষেক অনুষ্ঠানে নব গঠিত কমিটির নেতৃবৃন্দকে শপথ বাক্যপাঠ করান প্রধান নির্বাচন কমিশনার সৈয়দ নাজমুল হাসান ফুয়াদ। ২য় অধিবেশনে সভাপতিত্ব করেন হবিগঞ্জ জেলা কল্যাণ সমিতি যুক্তরাষ্ট্র ইনক-এর নবনির্বাচিত সভাপতি সাকির হোসেন ও নতুন সাধারণ সম্পাদক মোঃ দেলোয়ার হোসেন মালিক এর সঞ্চালনায় বাকি অনুষ্ঠান পরিচালনা করেন, এ সময় শুভেচ্ছা বক্তব্য রাখেন সদর সমিতির সাধারণ সম্পাদক তুহিন তালুকদার, সাবেক সভাপতি মিয়া মোঃ আছকির, মোঃ আব্দুর রহমান, ও যুগ্ম সাধারণ সম্পাদক শেখ মোস্তফা কামাল, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার ইনক এর সহ সভাপতি মোঃ লোকমান হোসেন লুকু, হবিগঞ্জ জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মুকিদুল ইসলাম , হবিগঞ্জ জেলা কল্যাণ সমিতি সাবেক কর্মকর্তা গোলাম রহিম শ্যামল, অ্যাডভোকেট মীর তাজুল ইসলাম, বিশিষ্ট এক্টিভেস্ট হাসান আলী, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনক এর উপদেষ্ট ও আমেরিকান বাংলাদেশী ওয়েলফেয়ার অর্গানিজশন ইনক এর সভাপতি আব্দুল শহীদ, গেস্ট অফ অনার বাংলাদেশ সোসাইটির সাবেক বোর্ড অব ট্রাস্টি সদস্য ওয়াহিদ চৌধুরী, বিশেষ অতিথি বক্তব্য রাখেন-জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনক-এর সভাপতি বদরুল খান, বাংলাদেশ সোসাইটির ও জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনক এর সাবেক সভাপতি আজমল হোসেন কুনু, বিশিষ্ট ব্যবসায়ী ও কমিউনিটি এক্টিভেস্ট ব্যারিস্টার মিজানুর রহমান চৌধুরী প্রমুখ। নব নির্বাচিত সভাপতি সাকির হোসেন সমাপনী বক্তব্য উপস্থিত হবিগঞ্জ বাসীর উদ্দেশ্য বলেন সকলে সহযোগিতা আগামী ছয় মাসের মধ্যে হবিগঞ্জ জেলা কল্যাণ সমিতি বহুদিনের আশা আকাঙ্ক্ষা নিজে কমর নৃয়ান ক্রয় করবেন এতে সকলের সহযোগিতা কামনা করেন এবং আগামী ১২ জুলাই ২০২৬ হবিগঞ্জ জেলা কল্যাণ সমিতি বার্ষিক বনভোজন তারিখ ঘোষণা করেন এসময় উপস্থিত হবিগঞ্জ বাসীর করতালির মাধ্যমে অভিনন্দন জানান পরিশেষে উপস্থিত সাংবাদিক ও অতিথি বৃন্দের ধন্যবাদ জানিয়ে নৈশভোজ আমন্ত্রন জানান ও সভা সমাপ্তি করেন। এ সময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনক এর সহসভাপতি লোকমান হোসেন লুকো জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনক-এর আইন ও আন্তর্জাতিক সম্পাদক সোহরাব উদ্দিন, প্রচার ও দপ্তর সম্পাদক ফয়সাল আলম, বাংলাদেশ সোসাইটির প্রচার সম্পাদক রিজু মোহাম্মদ, মাহরিন মাল্টি সার্ভিস মোশাররফ হোসেন চৌধুরী , হবিগঞ্জ সদর সমিতির সাবেক সাধারণ সম্পাদক আবুল কালাম, সাবেক সাধারণ সম্পাদক আমির আলী, বৃন্দাবন সরকারি কলেজ এলামনাই এসোসিয়েশন সাবেক সভাপতি আবু সাঈদ কুটি ও সাবেক সাধারণ সম্পাদক ফয়সল আহমেদ, হবিগঞ্জ সদর সমিতি সহসভাপতি সামছুল ইসলাম আব্দুল মান্নান, রহমত আলী, সাবেক সি আইডি অফিসার মোঃ কামরুল হোসেন লাইফ মেম্বার, বিএনপির কেন্দ্রীয় নেত্রী লাইফ মেম্বার সাহনীন হোসেন, বৃন্দাবন এলামনাই এসোসিয়েশন সাধারণ সম্পাদক সুজাত দাস হরে ,বাহুবল এসোসিয়েশন এর সভাপতি মোঃ দিলুয়ার হোসেন চৌধুরী দুলাল সাবেক শিক্ষা অফিসার রবিউল আলম দুলাক সোহাগ আকবর , মনছুর খান , খায়ের উদ্দীন , সাব্বির চৌধুরী , এম রহিম শেখ , মোঃ মুকিদুল ইসলাম , সৈয়দ কামরুজ্জামান জুনেদ , সৈয়দ সাইফুর রহমান মুন্না , মিসেস গফফার আহমেদ , মিসেস মালিক , মিসেস ফখরুল আবেদিন মাছুম মিসেস রাজীব চৌধুরী প্রমুখ। অভিষেক অনুষ্ঠানে সংগঠনের সদস্যদের পরিবারের সদস্যসহ বিভিন্ন রাজনীতিক ও সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ অংশ গ্রহণ করেন।

## শাকিব খানের ঢাকার নতুন চমক শোয়েব আখতার

৫২ পৃষ্ঠার পর

প্রকাশ করেছেন শোয়েব আখতার। এদিকে, নিলামের আগেই তানজিদ আহমেদ, সাইফ হাসান, অ্যালেক্স হেলস ও উসমান খানের মত তারকা ক্রিকেটারদের দলে টেনেছে ঢাকা ক্যাপিটালস।

সর্বশেষ বিপিএলের যে দুটি দল এবার টিকে গেছে, তার একটি শাকিব খানের ঢাকা ক্যাপিটালস। গেল আসরে প্রথ মবারের মতো বিপিএলে নাম লিখিয়ে মাঠের বাইরে ব্যাপক উন্মাদনা তৈরি করেছিল। বিশেষ করে, গ্যালারিতে শাকিবের উপস্থিতি ক্রিকেট ও সিনেমাপ্রেমীদের মেলবন্ধন তৈরি করেছিল। যদিও মাঠের পারফরম্যান্সে তেমন ছাপ দেখা যায়নি। তবে এবার তানজিদ-সাইফদের মতো তারকাকে দলে ভিড়িয়ে চমক দিলো তারা।

পাঁচটি ফ্র্যাঞ্চাইজি নিয়ে চলতি বছরের ১৯ ডিসেম্বর মাঠে গড়াতে পারে বিপিএলের ১২তম আসর। ফাইনাল হতে পারে ১৬ জানুয়ারি। তার আগে চলতি মাসের ৩০ তারিখ নিলাম অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।

## হাসিনার মৃত্যুদণ্ডে চ্যালেঞ্জে আ.লীগ

১ পৃষ্ঠার পর

'এক্সিট প্ল্যান' এখনও অস্পষ্ট। অনেক প্রশ্নের জবাব না মেলায় ফেব্রুয়ারিতে অনুষ্ঠেয় নির্বাচন নিয়ে সৃষ্ট ধোঁয়াশা এখনও পুরোপুরি কাটেনি। অনিশ্চয়তার একটা দোলাচল চারপাশ ঘিরে আছে। অনিশ্চয়তা আওয়ামী লীগের ভবিষ্যৎ নিয়েও। শেখ হাসিনাকে মৃত্যুদণ্ডে দণ্ডিত করার পর মুক্তিযুদ্ধে নেতৃত্বদানকারী দলটির কান্ডারী কে হবেন এই প্রশ্ন এখন মানুষের মুখে মুখে। উত্তরসূরি নির্বাচনে দলটি বরাবরই উদাসীন থেকেছে।

আইসিটি সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং তার সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালকে মৃত্যুদণ্ডে দণ্ডিত করেছে। ওই সময়ের আইজিপি আব্দুল্লাহ আল মামুন অপরাধ স্বীকার করে নিয়ে রাজসাক্ষী হয়েছেন। এ কারণে তার পাঁচ বছরের কারাদণ্ড হয়েছে। মানবতাবিরোধী অপরাধের দায়ে এই বিচার হয়েছে বলে অন্তর্বর্তী সরকার ও তার সমর্থক মহলগুলো প্রতিক্রিয়া ব্যক্ত করেছে। বিশেষ করে জুলাই শহীদদের পরিবার এই বিচারের রায় অবিলম্বে কার্যকর করার দাবি জানিয়েছে। তবে শেখ হাসিনা ও আসাদুজ্জামান খান কামাল ভারতে অবস্থান করেন। মৃত্যুদণ্ডে দণ্ডিত হলেও তা কার্যকর করা আই সম্ভব হচ্ছে না। তাদের বিরুদ্ধে বিচার ও রায় অনুপস্থিতিতে হয়েছে। তাদেরকে গ্রেপ্তারের পর উপস্থিত হয়ে এক মাসের মধ্যে আপিল করার সুযোগ দেওয়া হয়েছে। তবুও তারা হাজির না হলে তাদের স্থাবর-অস্থাবর সকল সম্পত্তি বাজেয়াপ্ত করার নির্দেশও রায়ে দেওয়া হয়েছে। তবে মানবতাবিরোধী অপরাধের বিচারকে সমর্থন করলেও তাদেরকে মৃত্যুদণ্ড দেওয়ার বিরোধিতা করেছে আন্তর্জাতিক বিভিন্ন মানবাধিকার সংস্থা। মৃত্যুদণ্ডের বিধান বাংলাদেশের আইনে থাকলেও আন্তর্জাতিক মানবাধিকারের নিয়মে তা আপত্তিযোগ্য। ফলে এই রায়কে মানবাধিকার গোষ্ঠীগুলো সমালোচনা করেছে। অপরদিকে, মৃত্যুদণ্ডে দণ্ডিত করায় শেখ হাসিনা ও আসাদুজ্জামান খান কামালের ভারত ছাড়াও আরও অনেক দেশে আশ্রয় দিতে আগ্রহী হবে বলে মনে করা হচ্ছে।

শেখ হাসিনা নিজে এই বিচারকে প্রত্যাখ্যান করেছেন। তিনি বলেছেন,এটি একটি ক্যাঙ্গারু কোর্ট। অর্থাৎ এই কোর্টকে কিছুতেই ন্যায়বিচারের উপযুক্ত নয় বলে তিনি মনে করেন। ক্যাঙ্গারু যেভাবে লাফিয়ে লাফিয়ে চলে এই ট্রাইব্যুনালও একইভাবে চলে বলে তার মন্তব্য। আইসিটি মূলত ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালে সংগঠিত মানবতাবিরোধী অপরাধের বিচারে গঠিত হয়েছিল। মতিউর রহমান নিজামীসহ অনেক জামায়াত নেতাকে এই ট্রাইব্যুনালে মৃত্যুদণ্ডে দণ্ডিত করে তা কার্যকর করা হয়েছে। সেই আইনের কিছু সংশোধনী এনে শেখ হাসিনা ও তার সহযোগীদের বিচার করা হচ্ছে। আইসিটিতে জামায়াতের আইনজীবীকে প্রসিকিউশনে রাখা হয়েছে। রাষ্ট্র শেখ হাসিনার জন্য যে আইনজীবী নিযুক্ত করেছে তার ভূমিকাও প্রশ্নবিদ্ধ। সার্বিকভাবে এই বিচার প্রক্রিয়া নিয়ে শেখ হাসিনা ক্ষোভ প্রকাশ করেছেন। তার দল আওয়ামী লীগ রায়ের সময়ে শাটডাউন এবং শাটডাউন কর্মসূচি পালন করেছে। শেখ হাসিনা মৃত্যুদণ্ডে দণ্ডিত হওয়ায় তার দল আওয়ামী লীগও বেশ চাপে পড়েছে। দলটির রাজনৈতিক ভবিষ্যৎ নিয়ে দুশ্চিন্তা দলের সমর্থকদের মধ্যে দানা বেঁধেছে। তৃণমূলের নেতা-কর্মীরা বিভ্রান্ত হচ্ছেন।

শেখ হাসিনার আওয়ামী লীগ শেষ পর্যন্ত আগামী নির্বাচনে অংশ নিতে পারবে কিনা এই প্রশ্নে এখনও দ্বিধাবিভক্ত জনমত। দিল্লির উদ্দেশ্যে খলিলুর রহমানের ঢাকা ত্যাগের আগেই প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস বলেছেন, আওয়ামী লীগ আগামী নির্বাচনে অংশ নিতে পারবে না। যদিও ভারত আগে থেকেই অন্তর্ভুক্তিমূলক নির্বাচন চেয়েছে। নিরাপত্তা বিষয়ক কলম্বো কনক্লেভ নামের একটি আঞ্চলিক সম্মেলনে অংশ নিতে খলিলুর রহমান ভারত সফর করেন। ভারতীয় দেশের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা হিসাবে অজিত দোভাল এই আমন্ত্রণ জানান। দিল্লিতে দোভালের সঙ্গে খলিলের দ্বিপক্ষীয় বৈঠক অনুষ্ঠিত হয়। দ্বিপক্ষীয় সম্পর্কের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয়েছে। খলিলুর রহমান এ সময় অজিত দোভালকে বাংলাদেশ সফরে আমন্ত্রণ জানান। তবে দ্বিপক্ষীয় সম্পর্কের কী কী বিষয়ে আলোচনা হয়েছে সে বিষয়ে কোনও পক্ষই সুস্পষ্ট কোনও কিছু বলেনি। ধারণা করা যায়, শেখ হাসিনার প্রসঙ্গ এবং নির্বাচনের বিষয়ে আলাপ-আলোচনা হয়েছে।

বাংলাদেশের রাজনীতি নিয়ে ভারতের নাকগলানো নতুন নয়। ওয়ান ইলেভেনের সময় এক্সিট প্ল্যান নিয়ে আলোচনা করতে ওই সময়ের সেনাবাহিনী প্রধান মইন উ আহমেদ ভারত সফর করেন। তিনি সেখানে প্রণব মুখার্জির সঙ্গে সাক্ষাৎ করে সহায়তা কামনা করেন। প্রণববাবু শেখ হাসিনা ও খালেদা জিয়াকে কারাগার থেকে মুক্ত করে ইনক্লুসিভ নির্বাচন দিতে বলেন। এই বিষয়টি প্রণব মুখার্জির বইয়ে উল্লেখ আছে। তারপরও এমন হস্তক্ষেপের ঘটনা ঘটেছে। ২০১৩ সালের ডিসেম্বরে ভারতের তদানীন্তন পররাষ্ট্র সচিব সুজাতা সিং ঢাকা সফরে এসে বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের সঙ্গে বৈঠক করেছেন। তখন হুসেইন মুহাম্মদ এরশাদের সঙ্গে বৈঠকের পর এরশাদ রাজনৈতিক আলাপ ফাঁস করেন। এবারের নির্বাচনের পূর্বে ভারতের তরফে সরাসরি বড় কোনও প্রস্তাব দেওয়ার খবর জানা যায়নি। তবে ভারতের পররাষ্ট্র সচিব বিক্রম মিশ্রি বলেছেন, বাংলাদেশে ভারত অবাধ, সুষ্ঠু, বিশ্বাসযোগ্য, অন্তর্ভুক্তিমূলক এবং অংশগ্রহণমূলক নির্বাচন প্রত্যাশা করে। অন্তর্ভুক্তিমূলক নির্বাচনের ব্যাখ্যা না দিলেও একথা সহজেই অনুমেয় যে, আওয়ামী লীগকে নির্বাচনে অংশ নেবার সুযোগ দেওয়া গুরুত্বপূর্ণ। আওয়ামী লীগ এবং তার মহাজোটভুক্ত জাতীয় পার্টি ও ১৪ দলের নির্বাচনে অংশ নেওয়ার সুযোগ থাকবে কিনা তা এখনও নিশ্চিত নয়। এই দলগুলোর কমপক্ষে ৩০ শতাংশ ভোট রয়েছে। তাদের নির্বাচনের বাইরে রাখলে সমর্থকেরা পছন্দের প্রার্থী পাবেন না।





## খানের জ্যাকসন হাইটস-ব্রঙ্কস অ্যাওয়ার্ডস ম্যানিয়া উদযাপন

৩ পৃষ্ঠার পর

প্রতিটি ইভেন্ট তার নিজস্ব শক্তি নিয়ে আসে। আন্তরিক স্বীকৃতি, অনুপ্রেরণামূলক গল্প এবং আমাদের আনন্দদায়ক মুহূর্ত। খান টিউটোরিয়ালের পক্ষ থেকে বলা হয়, নিউইয়র্ক শহরে জুড়ে শ্রেষ্ঠত্ব উদযাপন অব্যাহত রাখার সাথে সাথে আমাদের সাথে যোগ দেওয়া সমস্ত পরিবারকে ধন্যবাদ।


এস্টোরিয়ায় বাংলাদেশী মালিকানাধীন বিশ্বস্থ অটো রিপেয়ার শপ

Open 24 Hours

REPAIR

Body Work
Computerized wheel Alignment
Complete Mechanical Work
Rebuild Transmission
Tires & Wheel Balancing
N.Y.S. Inspection
Low Price & Fully Guaranteed

United
Auto Repair & Body Shop, Inc.

Contact: Azam Tel: 718-786-6677
Cell: 917-567-3637, Email: unitedautony@gmail.com

১০০% গ্যারান্টি সহ যাবতীয় রিপেয়ার
দক্ষ মেকানিকের দ্বারা ত্রুটি নির্ণয়
সুলভ মূল্যে ফুল অটো রিপেয়ার
নতুন ও রিবিল্ড ট্রান্সমিশন স্থাপন

31 Street
38 Avenue

ইউনাইটেড অটো রিপেয়ার
ইয়েলো ক্যাব, লিমোজিন ও লিভারীর জন্য বিশেষ ছাড়
38-06 31st Street (Betn. 38th & 39th Ave.), Astoria, NY 11101


## এমসি কলেজ এলামনাই'র নির্বাচন ২৮ ডিসেম্বর

৩ পৃষ্ঠার পর

কমিটিকে ধন্যবাদ জানিয়েছে নির্বাচন কমিশন। একই সঙ্গে সদস্যদের অংশগ্রহণের মাধ্যমে একটি সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের সকলের সহযোগিতাও চেয়েছে কমিশন।

## চোখ থেকে বিচারকের চশমা ছিনতাই

৩ পৃষ্ঠার পর

এলাকা থেকে একটি মোবাইল ও বিচারকের চশমা ছিনিয়ে নেওয়ার ঘটনা ঘটেছে। তিনি থানায় একটি অভিযোগ দায়ের করেছেন বলে জানা যায়।

## ব্রঙ্কসে মনোয়ারুল ইসলামকে ফুলেল শুভেচ্ছা

৩ পৃষ্ঠার পর

বাংলাদেশ সংগঠনের সভাপতি সাইদুর রহমান লিংকন, ব্রঙ্কস কমিউনিটি বোর্ড ৯ সদস্য এমডি আলাউদ্দীন প্রমুখ এ সময় নিউইয়র্ক কাগজ পত্রিকার সম্পাদক প্রেসক্লাবের সদস্য মনোয়ারুল ইসলামের সহধর্মিণী আফরোজা ইসলাম উপস্থিত ছিলেন।

এ ছাড়াও শুভেচ্ছা জানান কমিউনিটি লিডার আব্দুল মুহিত, বাংলাদেশ সোসাইটি অফ ব্রঙ্কস প্রচার সম্পাদক সাংবাদিক শেখ শফিকুর রহমান, আমেরিকান বাংলাদেশী ওয়েলফেয়ার অর্গানাইজেশন ইনকের সভাপতি আব্দুল শহীদ, সাধারন সম্পাদক শেখ জামাল হোসেন।

## নিউইয়র্কে এলে গ্রেপ্তার হবেন নেতানিয়াহু

৬৪ পৃষ্ঠার পর

আইনগত সুযোগ পেলে নেতানিয়াহুকে গ্রেপ্তার করবেন এবং নিউইয়র্ক এমন নীতি অনুসরণ করতে চায়।

গ্রেপ্তারে কোনো নতুন আইন তৈরি করবেন কি না-এমন প্রশ্নে মামদানি বলেন, তিনি ডোনাল্ড ট্রাম্পের মতো 'নতুন নিয়ম বানানোর পথে' হাঁটবেন না। বরং বিদ্যমান আইনি কাঠামোর মধ্যেই সব সম্ভাবনা খুঁজে দেখবেন।

তবে উল্লেখযোগ্য বিষয় হলো, যুক্তরাষ্ট্র আইসিসির সদস্য নয়; ফলে এই পরোয়ানা কার্যকর করা কতটা সম্ভব, তা নিয়ে আইনজ্ঞদের মধ্যে প্রশ্ন রয়ে গেছে।

## মামদানির আসনে লড়বেন ৩ নারী

১ পৃষ্ঠার পর

মামদানির জন্য কাজ করেছেন। তারা হলেন মেরি, রানা ও ডায়ানা। প্রথম ২ জনই মুসলিম। প্রতিদ্বন্দ্বিতা করতে মাঠে নেমেছেন প্রবাসী বাংলাদেশি মেরি জোবায়দা, মিশরীয় বংশোদ্ভূত রানা আবদেল হামিদ ও ইকুয়েডর থেকে ইমিগ্রান্ট ডায়ানা। মামদানি নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচিত হওয়ায় ১ জানুয়ারি ২০২৬ তার শপথ গ্রহণের দিন থেকে স্টেট এই অ্যাসেম্বলি আসনটি শূন্য হবে। বাংলাদেশি মেরি ইতোমধ্যেই প্রার্থিতা ঘোষণা করেছেন। নির্বাচনী প্রচারণার পাশাপাশি তহবিলও সংগ্রহ করছেন। তিনি বাংলা পত্রিকা ও টাইম টিভি'র সিইও আবু তাহেরের সহধর্মিণী। নিউইয়র্ক ইউনিভার্সিটির গ্র্যাজুয়েট মেরি টাইম টিভির অন্যতম পরিচালক। দীর্ঘদিন ধরে মূলধারার রাজনীতির সাথে জড়িত। অধিকাংশ প্রবাসী বাংলাদেশি মেরির পাশে থাকবে বলে ধারণা করা হচ্ছে।

আবদেল হামিদ অ্যাস্টোরিয়ার একজন মুসলিম কমিউনিটি সংগঠক এবং নারীদের আত্মরক্ষামূলক সংগঠন মালিকাহের প্রতিষ্ঠাতা। ৩২ বছর বয়স্ক রানা আবদেল আগে ২০২২ সালে কংগ্রেসে প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন। রানা আবদেল হামিদ একজন মিশরীয় বংশোদ্ভূত মুসলিম আমেরিকান। তিনি কুইন্সে জন্মগ্রহণ করেছেন। পড়াশোনা করেছেন যুক্তরাষ্ট্রের বিখ্যাত হার্ভার্ড ইউনিভার্সিটিতে। তিনি আমেরিকার ডেমোক্র্যাটিক সোশ্যালিস্টদের নিউ ইয়র্ক সিটি শাখারও একজন সদস্য। মেরি ও আবদেল হামিদই প্রার্থী নন। ডায়ানা মোরেনো অ্যাসেম্বলিতে মামদানির স্থলাভিষিক্ত হতে চাইছেন। সিটি অ্যান্ড স্টেট পূর্বে রিপোর্ট করেছে যে, সোশালিস্ট নেতারা ইতিমধ্যেই কুইন্স ডিএসএ-এর সাবেক সহ-সভাপতি ডায়ানা মোরেনোকে এই আসনের জন্য প্রার্থী করার জন্য নিয়োগ করেছেন। ডায়না পরিবারের সাথে ইকুয়েডর থেকে ১১ বছর বয়সে আমেরিকায় আগমন করেন।

রানা আবদেল হামিদ গত সপ্তাহে প্রার্থীতা সংক্রান্ত একটি আবেদন ফাইল করেছেন নিউইয়র্ক স্টেট নির্বাচন কমিশনে। রানা একজন উওম্যান অ্যাক্টিভিস্ট এবং হিজাব অফ নিউইয়র্ক ও 'ওম্যান ইনিশিয়েটিভ' এর প্রতিষ্ঠাতা। এছাড়া রানা কাজ করেছেন জাতিসংঘের মানবাধিকার কমিশনে।

# এই সপ্তাহের কবিতা



## নষ্ট প্রবাহ

### কাজী জহিরুল ইসলাম

মিথ্যেরা আজ নন্দিত এই দেশে
দস্যুরা পায় বিজয়ীর সম্মান
উঁচু মঞ্চতে ধর্ষক বসে হেসে
নর্দমা-জলে সুশীলেরা করে স্নান।

না যদি কোকিল ডাকে আর কুহুতানে
পলাশের ডাল আগুন না মেলে ধরে
বসন্ত চোখ মেলবে সে কোন গানে?
মানবিক বোধ আঁধারের গহ্বরে।

নষ্ট প্রবাহে ভেসে যায় সমকাল
অন্বেষণের আলো নেই কোনোখানে
স্বর্ণের দামে কিনে নেয় জঞ্জাল
খিড়কিটা খুলে ভুল বায়ু ডেকে আনে।

সকলেই শুধু হাত পেতে আরো চায়
হারানোর ভয়ে ভীত থাকে সারাবেলা
গলায় শোভিত মেডেলেরা চমকায়
চলে হরদম সাপ-লুডু, পাশা খেলা।

সাম্যের গান, তারার চেতনা ছিল
মুক্তিযুদ্ধ দিয়েছিল উঁচু শির
সব মৃত আজ, বিভাজনে পঙ্কিলও
নগদের মোহে সকলেই অস্থির।

এখনও কী বাকি দখলে নষ্ট লোক?
সব কিছু আজ পচে গেছে একদম
এই জনপদে অগ্নি-বৃষ্টি হোক
হয়ত আগুনে বেঁচে যাবে সম্ভ্রম।

লেখক: কবি, হলিসউড, নিউইয়র্ক।



## হেমন্তে গাঁয়ে

### সুফিয়ান আহমদ চৌধুরী

গাঁয়ের মাঠে আমন ধান
স্বপ্ন আঁকে চাষি,
আনন্দে মন রাঙায় তার -
খুশি রাশি রাশি।

রাখাল ওই বাজায় বাঁশি
উঠোন ভরা ধান,
খুশির ছোঁয়া সারাটা বাড়ি
খুশির কী যে বান।

মাথায় বোঝা  ধানের বোঝা
সুখের হাসি বাড়ি,
অথই খুশি বাজছে ঢোল
খেজুর পিঠে হাড়ি।

নাড়া জ্বালিয়ে হেমন্ত গান
আসর জমে গানে,
সবুজ শোভা গাঁয়ের রূপ
উজালা  কত ধানে।

নীল আকাশে পাখ পাখালি
মিঠেল রোদে আলো,
অপূর্ব সাজ হেমন্তে গাঁয়ে
দূরগী সব কালো।

লেখক: কবি, কুইন্স, নিউইয়র্ক।



## অস্থিরতার কাঠামো

### এইচ বি রিতা

এই শহরে অস্থিরতা কেবল সময়ের ঘূর্ণন,
অসম্পূর্ণ কোনো বৃত্ত, বারবার ফিরে আসা।
জানালায় দেখি ভিড়-তাদের দ্রুত, যান্ত্রিক প্রয়াণ:
কার ঘরে আছে শান্তি? কেবলই গভীর জিজ্ঞাসা।
ভাঙছে, গড়ছে, তবু নির্মাণে নেই কোনো মুক্তি
পুরাণ কেবলই ফেরে, একই মিথ্যার প্রতিলিপি।
কোথাও নেই স্থিরতা, কেবল বিভ্রান্তির টানাপোড়েন:
জীবনের ফাটলে দেখি সমুদ্রের অতল জলতল।
আমি হেঁটে চলেছি একা, হাতে নেই কোনো মশাল,
আলোর প্রতিশ্রুতি শুধু বিজ্ঞাপনের ধোঁয়া।
আমার ভাবনাগুলো যেন ইতিহাসের পান্ডুলিপি,
খুলে দেখি-সব পাতায় শুধু অন্ধকারের লিপি।
এই অস্থিসার মন, এ তো ক্লিওপেট্রার স্বপ্ন নয়,
নয় কোনো শিল্পের মুক্তি, কেবলই জমাট সংশয়।
স্মৃতিতে ফেরে না শান্তি, ফেরে শুধু বিস্মরণের ভার,
কোন্ গলি পথে হারালো সেই নৈর্ব্যক্তিক সত্যের অধিকার?
যাত্রী তো নই আর, এইখানে মূলহীন মহীরুহ:
শিকড়ও হারালো কবে, অস্থিরতা তাই একমাত্র বন্ধু।

লেখক: কবি, কুইন্স, নিউইয়র্ক।



## উগ্রতা যারা পুষে

### সুজন দাশ

উগ্রতা কারা পুষে?
যাদের ভিতরে ষোলআনা লোভ
মানুষকে খায় চুষে।
নীতি মানবতা নেই ধারে কাছে
সুবিধায় তারা চিরকাল নাচে!
সুন্দর তারা নিতেই পারেনা
ভালো কিছু পেলে দুষে।

নিজেকে বিজ্ঞ ভাবে,
অন্যকে তারা ছোট করে দেখে
কথা কয় শুধু লাভে।
মানুষের প্রতি নেই দায় বোধ,
মনের ভিতরে নেই আলো রোদ :
লাভের উজানে মাছেদের মত
ওদেরকে আগে পাবে।

পশুদের মত জাতে,
নানা যুক্তির বয়ানে নিজেকে
তুলতেও চাই জাতে।
বেচে খেতে পারে নীতি আর দেশ
থাকেনা হৃদয়ে ক্ষমা প্রীতি লেশ
লুটেপুটে খেয়ে মানুষকে তারা
মারতেও পারে ভাতে।

লেখক: কবি, আটলান্টিক সিটি, নিউ জার্সি।



## এই পৃথিবী

### মুহাম্মদ মুজাহিদ

এই পৃথিবীটা সব সময় তোমারও না
আমারও না।

যখন তোমার যৌবন আছে
উদ্দামতা আছে
তখন এই পৃথিবীটা তোমার।

যখন তোমার দুবাহু ভরা তীব্র অহংকার আছে
বুকে হিমালয়ের মত আত্মবিশ্বাস আছে
তখন এই পৃথিবীটা তোমার।

যতক্ষণ তুমি দৌড়াতে, হাঁটতে এবং চলতে পারবে
মিছিলের অগ্রভাগে থেকে গুলিবিদ্ধ হবার আগ পর্যন্ত
এই পৃথিবীটা তোমার।

যখন মাথার চুল পেকে ক্লান্তি নামবে শরীরে
স্বপ্ন আর কল্পনার আকাশটা যখন অন্ধকারে ছেয়ে যাবে
আত্মবিশ্বাসের দীপ্তি যখন ধীরে ধীরে ডুবতে
থাকবে
তখন এই পৃথিবীটা আর তোমার নয়।



## ধোঁয়া ওড়ে

### লুৎফুর রহমান চৌধুরী

মিষ্টি সকাল ডাকে পাখি
মধুর সুরে সুরে
চায়ের কাপে ধোঁয়া ওড়ে
একটুখানি দূরে।

কাগজ কলম হাতে নিয়ে
আঁকা হয়নি ছবি
জানালা খুলে চোখে পড়ে
ললাটে ভাসে রবি।

শিশির ভেজা ঘাসগুলো
বাতাসে হেলে-দুলে
ইচ্ছে করে শিশুর মতো
নিতে সেটা তুলে।

আড়াল থেকে উঁকি মারে
রৌদ্র ঘরের কোণে
পোকা মাকড় ইচ্ছে মতো
নিজের বাসা বুনে।



## ভালোবাসার বাঁধন

### মোহাম্মদ মহিবুর রহমান

মানুষ অনুধাবন করে সময়ের পরে
বাস্তবতা থেকে সরে ধীরে ধীরে।
মোহ-মায়ায় কাটে জীবনের দিন
ভালোবাসার মানুষ হারায়-রেখে যায় ঋণ।

সুসময়ে, বিপদে পাশে থাকে অনেক জন
চাটুকারিতায় পায় তারা মান-সম্মান।
দুঃসময় দুখের মাছির মতো উড়ে যায় তারা
ভালোবাসার মানুষগুলোই তখন জীবনে সেরা।

ভালোবাসার বাঁধন, মায়ার বন্ধন
সময়েই বোঝা যায় ভালোবাসার মন।
হাতে হাত রেখে করি আজ শপথ
একসাথে চলবো অবিরত-বাকীটা পথ।



## প্রজাপতি

### ইকবাল খান

একদিন দেখি, শুকনো পাতার নিচে
চুপচাপ এক দেহ নিঃশ্বাস নিচ্ছে-
কোনো কোকুন, কোনো স্বপ্ন,
হয়তো এক গোপন রূপান্তর।

দিন কেটে যায়-
সূর্যের আলো ছুঁয়ে গেলে
সেই নিস্তব্ধ দেহে জন্ম নেয় রঙ,
ডানার নরম কাঁপনে খুলে যায় আকাশের দরজা।

আমি থেমে দেখি-
একটি প্রজাপতি উড়ে যাচ্ছে দূরে,
তার ডানায় লেগে আছে
আমার শৈশবের বিস্ময়,
আর একটুকরো নীরব ভালোবাসা।

সে জানে না কোথায় যাবে,
তবু যায়-
কারণ উড়েই তো শেখা যায়
আলো আর অন্ধকারের মানে।



## জ্ঞান সাগরের কূল

### মো. নজরুল ইসলাম

পঞ্চ নদীর মোহনায় প্রেম
বিবেক বুদ্ধি মিলে,
জ্ঞান-গরিমা ভাসছে সবই
স্বপন দেখে ছিলে।

জ্ঞানের মশাল ধরার জন্য
জ্ঞান বিজ্ঞানে ছুটে,
জ্ঞান মোহনায় মিলন শূণ্য
প্রেমের খবর টুটে।

মন-মোহনার মিলন ক্ষেত্রে
বিবেক দেখি জাগে,
ভব সিন্ধুর কাম-কামিনীর
মোহক জীবন ভাগে।

মন-মুনিয়ার ভাবের মেলায়
আপন ঘরটা ভালো,
লোক সকলের বিবেক বুদ্ধি
টুটবে আঁধার কালো।

আলোর রশ্মি জাগুক শক্তি
আশার প্রদীপ জ্বেলে,
আত্ম লোভীর সুরের বিনাশ
কুহকের ডাক ফেলে।



## রংচটা গোধূলি বেলা

### শাহজালাল সুজন

সময়ের সংবিধানে লিখা অসংগতি ঘূর্ণন
দিয়েছি উল্টো পথে পাড়ি,
হারিয়েছি সত্তা ফলসালো রূপসী ফাগুনে
হয়েছি সীমাহীন অপরাধী।

কালের স্রোতে ভেসে আসা এই নাবিক
সময়ের দেয়ালে ফেলেছি নোঙরথ
রৈখিক গতি যেন দিকবিদিক ভুল পথে
আঁধারের চুম্বনে হয়েছে নিথর।

অবিশ্রান্ত ডুব সাঁতারে অকূলে দাঁড় টেনে
নিঃশ্বাসের পৃষ্ঠদেশে রুদ্ধ ঘড়ির কাঁটা,
অবলুপ্ত আজ চোখের নীলাভ মোহের আলো
জীবন সায়াহ্নে ক্ষণ রংচটা গোধূলি বেলা।


প্রধান অতিথি
ও
শপথ বাক্য পাঠ করাবেন
Moin Choudhury, Esq.
Hon. Democratic District Leader
at Large Queens, NY
আমেরিকান বাংলাদেশী ওয়েলফেয়ার অর্গানাইজেশন এর
অভিষেক
২০২৫
উপস্থাপনায়
রেজা আব্দুল্লাহ
Guest of Honor
Hon. Shah Nawaz.
President
Golden Age Home Care
তারিখ: ২৪ নভেম্বর সোমবার, সময়: বিকেল ৪:৩০ মিঃ
স্থানঃ গোল্ডেন প্যালেস, ব্রঙ্কস।
All elected officials will be in attendance.
ধন্যবাদান্তে
সভাপতি
আলহাজ আব্দুস শহিদ
সাধারণ সম্পাদক
শেখ জামাল হোসেন
উদ্‌যাপন কমিটি
সোহান আহমেদ টুটুল
(আহবায়ক)
কাজী রবিউজ্জামান
(সদস্য সচিব)
শেখ শফিকুর রহমান (প্রধান সমন্বয়কারী)
পুনর্নির্বাচিত সভাপতি
আলহাজ আব্দুস শহিদ
নবনির্বাচিত সাধারণ সম্পাদক
নুরুল ইসলাম
STARLING DIAGNOSTICS
Parkchester Family Pharmacy
347-851-2688
Moin Choudhury, Esq.
917-282-9256
Eagle
RUKON HAKIM
AHAD&CO
ZAKIR CPA PLLC
929-207-1516
zakircpa.com
RUMANA C. SABUR, M.D.
RS Medical Office
THINKING OF SELLING OR BUYING YOUR HOME?
healthfirst
American Bangladeshi Welfare Organization USA Inc
আমেরিকান বাংলাদেশী ওয়েলফেয়ার অর্গেনাইজেশন ইনক
Media Partner: RUKON AHMED US New Online.com, Tushar Pic
Published by: Al-Mamun Shaker, Shipu Chowdhury

# Hasina's Death Sentence in World Media

# Sheikh Hasina Sentence To Death

Ajkal Desk

Bangladesh's ousted Prime Minister Sheikh Hasina and one of her close aides were sentenced to death Monday over her crackdown on a student uprising last year that killed hundreds of people and led to the toppling of her 15-year rule.

The International Crimes Tribunal based in Dhaka, the capital, passed sentence on Hasina and former Home Minister Asaduzzaman Khan for their involvement in the use of deadly force against protesters.

Hasina and Khan, who fled to India last year, were sentenced in absentia. India has so far declined to extradite them, making it unlikely that they would ever be executed or imprisoned.

Hasina, who was convicted on five charges of crimes against humanity, was also sentenced to prison until natural death for making inflammatory remarks and ordering the extermination of student protesters through the use of helicopters, drones, and lethal weapons.

A third suspect, a former police chief, was sentenced to five years in prison after becoming a state witness against Hasina and pleading guilty.

More than 800 people were killed and about 14,000 were injured in the student-led uprising in July and August of 2024, according to the health adviser to Bangladesh's interim government.



However, the United Nations in a February report estimated the death toll could be as high as 1,400.

**Hasina's response**

Hasina said the charges were unjustified, arguing that she and Khan "acted in good faith and were trying to minimize the loss of life."

"We lost control of the situation, but to characterize what happened as a premeditated assault on citizens is simply to misread the facts," she said Monday in a statement denouncing a verdict she called "biased and politically motivated."

Her Awami League party called for a national shutdown on Tuesday to protest the verdict.

Hasina, 78, cannot appeal the verdict unless she surrenders or is arrested within 30 days of the judgment.

Bangladesh is still grappling with instability after Hasina was ousted on Aug. 5, 2024. Political bickering, the rise of Islamists, and violations of human and political rights have overshadowed aspirations for a more democratic Bangladesh, human rights groups say.

Bangladeshi Nobel Peace Prize laureate Muhammad Yunus took over as the head of an interim government three days after her fall. He has vowed to punish Hasina and banned the activities of the Awami League ahead of elections set for February.

A three-member tribunal, headed by Justice Golam Mortuza Mozumder, announced the ruling in a live broadcast that lasted for several hours.

Some of those in the packed courtroom cheered when Mazumder said Hasina was sentenced to death. He admonished them, telling them to express their feelings outside the courtroom.

Families of some of those killed or injured during the uprising waited for hours outside.

**Exile in India**

In a media statement Monday, Bangladesh's Ministry of Home Affairs urged India to send both Hasina and Khan back soon, something New Delhi has so far refused to do.

Separately, Bangladesh's Foreign Ministry in a statement said it would be extremely unfriendly and demeaning to justice for any other country to grant asylum to these individuals convicted of crimes Continued on page 26

## Mehazabien gets bail hours after warrant sparks online frenzy

Anik Raj

A Dhaka court today granted bail to actress Mehazabien Chowdhury in a case filed over threats and intimidation. Magistrate Afroza Haque Tania of the Executive Magistrate Court-3 of Dhaka passed the order after Mehazabien surrendered before the court and sought bail in the case, said a court staffer.

One Amirul Islam filed the case with the same court under Sections 107 and 117(3) of the Code of Criminal Procedure, accusing Mehazabien and her brother Alisan Chowdhury. Social media, alongside the media outlets, was set abuzz by the news that a Dhaka court had issued arrest warrants against actress Mehazabien Chowdhury and her brother in a case filed for disturbing public order. The popular actress has responded to the development, claiming the allegations against her are entirely baseless. However, this evening, the actress surrendered before the court and secured bail. Earlier, the case documents showed that the address and father's name listed matched those of the actress herself. Since news broke in the media about the arrest warrant issued against Mehazabien, the complainant has been unreachable. The phone number listed for the complainant's lawyer in the case file is also marked as "suspended".

On Sunday (16 November) evening, Mehazabien applied for bail through her lawyer after surrendering before the Dhaka Executive Magistrate Court-3, presided over by Afroza Haque Tania. Following the hearing, the court granted her bail. According to court sources, the defendants were scheduled to appear before the court in this case. As Mehazabien Chowdhury and her brother Alisan Chowdhury failed to appear, the same court issued arrest warrants against them on November 10. The court also set December 18 as the date for submitting the execution report regarding the warrants. Case documents reveal that the complainant, Amirul Islam, had known the accused for a long time, during which Mehazabien allegedly persuaded him to invest in a new family business. On different dates, he handed over a total of tk 27 lakhs, both in cash and via mobile financial services, with the promise that he would be made a business partner. According to Amirul, on March 16, Mehazabien, her brother, and four to five unidentified individuals verbally abused him using obscene language at a restaurant. They allegedly threatened and intimidated him with death threats. After the incident, when the plaintiff went to Bhatara Police Station to resolve the matter, the police advised him to file a case with the court. Following this, Amirul Islam filed a case under Sections 107/117(3) of the Criminal Procedure Code with the Dhaka Executive Magistrate Court.





## Trump Unveils `FIFA PASS' to Help World Cup Travellers to Get Visas Faster

Shah Nawaz

The Trump administration is announcing a new initiative for foreigners traveling to the U.S. for the World Cup next year that will allow them to get interviews for visas more quickly.

Dubbed "FIFA Pass," it will allow those who have purchased World Cup tickets through FIFA to get expedited visa appointments, as the administration continues to balance President Donald Trump's tough-on-migration stance with an influx of global travelers for the soccer tournament. The "pass" in the name stands for "prioritized appointments scheduling system."

"If you have a ticket for the World Cup, you can have prioritized appointments to get your visa," said FIFA President Gianni Infantino, who was in the Oval Office with Trump on Monday to explain the new system. Turning to the U.S. president, he added: "You said it the very first time we met, Mr. President, America welcomes the world."

Trump said Monday that he "strongly" encourages World Cup travelers to the U.S. to apply for their visas "right away."

Secretary of State Marco Rubio said the administration has dispatched more than 400 additional consular officers around the world to handle the demand for visas, and that in about 80 percent of the globe, travelers to the U.S. can get a visa appointment within 60 days.

Under the new system, those who have bought tickets through FIFA will be allowed to go through a "FIFA portal" that would help get their visa application and interview prioritized at the State Department.

"We're going to do the same vetting as anybody else would get," Rubio said. "The only difference here is, we're moving them up in the queue."

During next year's World Cup, 104 games will be played in Canada, Mexico and the United States. Trump has made the success of the World Cup a top priority, and Infantino has been a frequent visitor to the White House while FIFA prepares for a Dec. 5 World Cup draw at the Kennedy Center, the arts institution now led and managed by Trump loyalists.

Trump once again floated the prospect of moving World Cup games out of one of its host cities if he deemed it to be unsafe, with the election of progressive activist Katie Wilson as mayor of Seattle who has talked about Trump-proofing the city and protecting its sanctuary city status for migrants. Seattle is one of the 11 host cities in the U.S. next year.

"If we think there's gonna be sign of any trouble, I would ask Gianni to move that to a different city," Trump said of Seattle. The FIFA president stepped around the issue without committing to move host cities, noting that "I think safety and security is the number one priority for a successful World Cup" and that "we can see today that people have trust in the United States," noting the number of tickets that have already been sold. (Source- AP)

# Police Commissioner Jessica Tisch to remain NYC's top cop with Mamdani

**Shah Nawaz**

Mayor-elect Zohran Mamdani announced Wednesday morning that Police Commissioner Jessica Tisch has agreed to remain in charge of the NYPD as the new regime takes office on Jan. 1. The announcement ends weeks of public speculation regarding Tisch's future, and repeated public statements from the new mayor that he wanted to retain her as the city's top cop.

Mamdani cited both Tisch's commitment to lowering crime and her efforts to tackle department corruption as major factors in his decision to have her stay. "I look forward to working with Commissioner Jessica Tisch to deliver genuine public safety in New York City. I have admired her work cracking down on corruption in the upper echelons of the police department, driving down crime in New York City, and standing up for New Yorkers in the face of authoritarianism," Mamdani said."Together, we will deliver a city where rank-and-file police officers and the communities they serve alike are safe, represented, and proud to call New York their home."





Tisch said she is ready to "serve with honor" as the new mayor's police commissioner, and that she shares with him "many of the same public safety goals." "Thanks to the men and women of the NYPD, the strategies we deployed this year have delivered historic reductions in crime," Commissioner Tisch said. "I've spoken to Mayor-elect Mamdani several times, and I'm ready to serve with honor as his Police Commissioner. That's because he and I share many of the same public safety goals for New York City: lowering crime, making communities safer, rooting out corruption, and giving our officers the tools, support, and resources they need to carry out their noble work." Tisch was first appointed to the role just under a year ago by Mayor Eric Adams; she was his fourth police commissioner in as many years. Upon taking office, Tisch — a former Sanitation commissioner under Adams and Deputy Commissioner of Information Technology under Mayor Bill de Blasio — immediately rearranged department insiders, and removed those with a questionable history. Mayor Adams himself released a lengthy statement, in which he appeared to give Mamdani a backhanded compliment by stating that his decision to retain her also acknowledges his own contributions to public safety.

"Commissioner Tisch, like her predecessors before her, has continued that stellar work and is implementing the policies and initiatives the Adams administration has pushed for four years. She was a star at the Sanitation Department and has done incredible work at the NYPD. In choosing her to stay on as police commissioner, Mayor-elect Mamdani is recognizing our public-safety efforts were right and that they will continue into the future. We all want a safer city, and keeping Commissioner Tisch in place and supporting our police officers every day with the policies we have implemented is exactly how we do that," part of Adams' statement read.

According to NYPD data, Tisch has overseen a historic drop in crime under her short tenure, including the fewest reported shootings in the first ten months of the year, a 10% drop in murders, and the removal of nearly 5,000 illegal firearms.

Tisch will likely play an instrumental role as Mayor-elect Mamdani works to establish a campaign promise: the Department of Community Safety, an agency that would concentrate of mental health issues and other quality-of-life matters. Mamdani has said this agency would shift away those duties from the NYPD and allow "New York's Finest" to concentrate more on crime-fighting.

Several police unions also championed her decision to stay, starting with PBA president Patrick Hendry, who stated that he feels Tisch will bring stability to the new administration.

"We are very glad to hear that there will be stability and continuity in the NYPD's leadership going forward. Commissioner Tisch understands all of the many challenges police officers face on the streets and has been working productively with us to address them. We look forward to continuing that work in the months ahead," Hendry said.

The union for police sergeants, the Sergeants Benevolent Association, President Vincent Vallelong, also weighed in, expressing optimism about the future with Tisch at the helm.

"Based upon her proven track record over the past year, we are optimistic that Commissioner Tisch will continue to keep public safety moving in the right direction, which starts with supporting the brave men and women, who serve on the frontlines every day to keep our city safe. But to do her job effectively, she will need to receive that same support from the new administration as well,"Vallelong said. Scott Munro, President of the Detectives' Endowment Association, went even further still, adding that "This is a great day for New York City Detectives, the NYPD, and the citizens we are proud to serve. Commissioner Tisch will lead us through the challenges we will face. Thank you, Commissioner!"

Still, some remain skeptical. The family of Delrawn Small, an unarmed Brooklyn man shot dead by an off-duty cop, and some elected officials are demanding Tisch continue to address corruption and uphold charges against the cop responsible.

"There's been a lot of talk about her efforts to clean up the NYPD, and this is a very clear test right here. This is a line in the sand, and this is an opportunity to remove someone who clearly cannot do his job and did not do his job and actually murdered someone in front of his family," Brooklyn Council Member Sandy Nurse said. *(Source-Astoria Post)*

# Govt going full steam ahead with polls preparation

**Ajkal Desk**

With the national election slated for February drawing near, the Election Commission and the state machinery are in full gear to complete preparations before the schedule is likely announced in early December.

Yesterday, the EC published the final voter list, confirmed the registration of two new political parties, and launched a mobile app to help expatriate Bangladeshis register as voters.




On the same day, the government rolled out a massive awareness campaign across all 64 districts and 300 upazilas, aiming to engage citizens at the grassroots and make the polls festive.

Meanwhile, reshuffles in top administrative positions are currently underway, with deputy commissioners across 50 districts already replaced. The transfer process for police superintendents also started on Monday.

These steps, officials say, are part of a broader effort to make the highly anticipated polls more inclusive and transparent.

Chief Adviser Prof Muhammad Yunus yesterday reaffirmed the interim government's commitment to holding a free, fair, and festive election in the first half of February.

During a meeting with the visiting Dutch Vice-Minister for International Cooperation, Pascalle Grotenhuis, Yunus reiterated that the Awami League would not be able to participate in the election because its activities have been banned and its registration has been suspended by the Election Commission.

"It's a historic moment. The young people who filled the walls in Dhaka and elsewhere with graffiti and drawings during the July uprising will now come to vote," said the chief adviser.

At a press conference yesterday, EC Senior Secretary Akhtar Ahmed announced that 12.76 crore registered voters are expected to exercise their franchise in the upcoming national election.

Of them, 6.48 crore are male, 6.28 crore are female, and 1,234 belong to the hijra community.

Voting is expected at 42,761 polling centres, with a total of 2,44,739 booths.

Meanwhile, the EC has granted registration to two political parties – the National Citizen Party (NCP) and Bangladesh Samajtantrik Dal (Marxist).

According to an EC official, despite overall preparations gathering pace, progress remains slow in two areas: holding talks with political parties and finalising the list of local observers.

The commission has so far engaged in dialogue with 34 parties since November 13. It is scheduled to meet several more today, including the BNP, Jamaat, and NCP. By tomorrow, the EC expects to conclude talks with all 56 registered parties.



# FIFA celebrates grand opening of World Cup 2026 volunteer center at Fair Park, Dallas

**Ajkal Desk**

The city of Dallas opened its 2026 FIFA World Cup volunteer center at Fair Park on Tuesday, paving the way for recruiting thousands of people who will support the global sporting event that will come to North Texas next summer.

The center will transform into a training facility in January to serve as the headquarters for volunteers, including where they will receive their uniforms and roles for the event. For the next three months, recruiting will play a crucial role in the selection process, according to organizers.

"We are looking for anyone who is just willing to help, willing to just be a part of this amazing opportunity that we have," said Stephanie Crookham, Volunteers Operations Manager. The city of Dallas and 10 other cities across the U.S will host the World Cup opening in June, along with Canada and Mexico.

"I oversee all 11 U.S host cities. So I'm here in Dallas, helping out our Dallas team kick off the volunteer center," Crookham said. "We conducted our first volunteer training over the weekends, and now we're ready to open the center and conduct our volunteer team tryouts."

The tournament will kick off June 11 at the Cotton Bowl, touted by local leaders to boost the economy and small businesses in the area. "We are projecting over 54% of our visitors to be international visitors," Paul said. "This World Cup is projected to generate over $1.5 to $2.1 billion in economic impact."



# শিশুদের স্পিচ থেরাপি কখন দরকার হয়

ডা. ফারাহ দোলা

অনেক শিশু সময়মতো বয়স উপযোগী কথা শিখতে ব্যর্থ হয় বা দেরি করে। অথবা অনেক শব্দ শিখলে বা অনুকরণ করতে পারলেও পরিবেশ উপযোগী যোগাযোগ স্থাপন করতে পারে না।

অনেকে আবার অর্থবোধক শব্দ শিখতে পারে না সময়মতো। এই সমস্যাগুলোকে মোটাদাগে স্পিচ ডিলে (বিলম্বিত কথা বলা) বলা হয়ে থাকে।

সুস্থ ও স্বাভাবিক একটি শিশু সাধারণত দুই মাস বয়সেই বিভিন্ন ধ্বনি তৈরি করে কাছের মানুষদের সঙ্গে যোগাযোগ স্থাপন করার চেষ্টা করে। ৬ থেকে ৮ মাসের দিকে সে বাবলিং করে অর্থাৎ বা বা, দাদ দাড়এই ধরনের শব্দ করতে শুরু করে।



১ বছর বয়সের দিকে সে দাদা, মামা বাদেও কমপক্ষে একটি অর্থবোধক শব্দ বলতে শেখে। ১৬ থেকে ২০ মাস বয়সের মাঝে তার শব্দভান্ডার বেড়ে ১০ থেকে ৫০-এর মাঝে আসে।

২ বছরের দিকে দুটি শব্দ জোড়া লাগিয়ে ছোট ছোট বাক্য যেমন আমি খাব, এটা কী, তুমি বস-এসব বলতে পারে। ৩ থেকে ৪টি শব্দ জুড়ে বাক্য বানাতে তার সময় লেগে যায় তিন বছরের মতো।

৪ বছরের দিকে সে একটু জটিল বাক্য বোঝে, ছড়া-কবিতা বলতেও শিখে যায়। এই স্বাভাবিকতার ব্যত্যয় ঘটলে সেটিই স্পিচ ডিলে।

স্পিচ ডিলের বিভিন্ন কারণ : স্পিচ ডিলের কারণ অনেক। একটি শিশুর কথা বলার জন্য সঠিকভাবে কানে শোনা, মস্তিষ্ক দিয়ে অনুধাবন এবং মুখ দিয়ে সঠিকভাবে উচ্চারণ করা প্রয়োজন। এসব এরপর ২৮ পৃষ্ঠায়



# জগিংয়ের পর কী খাবেন, কী এড়িয়ে যাবেন?

ডা. হিমেল বিশ্বাস

সকালের জগিং শরীর ও মন সতেজ রাখার এক দারুণ অভ্যাস। কিন্তু ব্যায়ামের আসল উপকারিতা পেতে গেলে 'পোস্ট-ওয়ার্কআউট ডায়েট' বা জগিংপরবর্তী খাবার সম্পর্কে সচেতন থাকা গুরুত্বপূর্ণ। জগিংয়ের পর কী খাচ্ছেন বা খাচ্ছেন না, তার ওপর নির্ভর করে আপনার পেশি কত দ্রুত পুনরুজ্জীবিত হবে এবং আপনার শরীরের শক্তি কতটা দীর্ঘস্থায়ী হবে। সঠিক খাবার বেছে না নিলে উল্টো ক্লান্তি বা দুর্বলতা দেখা দিতে পারে।

জগিংয়ের সময় আমাদের পেশিগুলো শক্তি হিসেবে সঞ্চিত গাইকোজেন ব্যবহার করে। এ ছাড়া পেশি টিস্যুতে সামান্য ভাঙন ধরে। তাই জগিং শেষ করার ৩০ মিনিট থেকে ১ ঘণ্টার মধ্যে এমন খাবার খাওয়া জরুরি, যা দুটি প্রধান উদ্দেশ্য পূরণ করবে-

১. গাইকোজেন পুনরুদ্ধার

দ্রুত হজম হবে, এমন হালকা কার্বোহাইড্রেট-জাতীয় কিছু খেয়ে শরীরের হারানো শক্তি ফিরিয়ে আনা।

২. পেশি মেরামত

প্রোটিন গ্রহণ করে পেশির ক্ষতি মেরামত করা এবং পেশি গঠনে সহায়তা করা।

**জগিংয়ের পর কী খাবেন**

সকালে জগিংয়ের পর বাংলাদেশের প্রেক্ষাপটে সহজলভ্য কিছু উপকারী খাবার নিচে দেওয়া হলো-

**কার্বোহাইড্রেট (শক্তির জন্য)**

পাকা কলা: এটি দ্রুত শক্তি দেয় এবং পটাশিয়ামের ঘাটতি পূরণ করে।

ওটস বা সুজি: দুধ বা দইয়ের সঙ্গে মিশিয়ে খেলে এটি ধীরে ধীরে শক্তি সরবরাহ করে।

রুটি বা টোস্ট: অল্প জ্যাম, মধু কিংবা বাড়িতে বানানো তরকারি দিয়ে খেতে পারেন।

**প্রোটিন (পেশি মেরামতের জন্য)**

ডিম: সেদ্ধ বা অমলেট প্রোটিনের চমৎকার উৎস।

টক দই (চিনি ছাড়া): দইয়ের সঙ্গে ফল মিশিয়ে খেলে কার্বোহাইড্রেট ও প্রোটিনের মিশ্রণ পাওয়া যায়।

ডাল বা ছোলা সেদ্ধ: স্বাস্থ্যকর উদ্ভিজ্জ প্রোটিন সরবরাহ করে।

**পানি ও ইলেকট্রোলাইট**

জগিংয়ের পর প্রথম কাজটি হলো পর্যাপ্ত পানি খাওয়া। এরপর ৫৩ পৃষ্ঠায়

# গর্ভাবস্থায় মাড়ির প্রদাহ কেন হয়, করণীয় কী

ডা. জান্নাতুল ফেরদৌস



গর্ভাবস্থায় নারীদের দেহে হরমোনের পরিবর্তন হয়। এ কারণে তাঁদের নানা ধরনের শারীরিক সমস্যা দেখা দেয়। এর মধ্যে মুখগহ্বরের একটি সমস্যা হলো গর্ভকালীন প্রদাহ অথবা প্রেগন্যান্সি জিনজিভাইটিস। এর লক্ষণ সাধারণত দ্বিতীয় থেকে অষ্টম মাসের মধ্যে প্রকটভাবে দেখা দেয়।

**কেন হয়**

সাধারণত হরমোনের পরিবর্তনের কারণেই এমনটি হয়ে থাকে। গর্ভাবস্থায় ইস্ট্রোজেন ও প্রোজেস্টেরন হরমোনের মাত্রা বেড়ে যায়, যা মাড়ির টিস্যুকে সংবেদনশীল করে তোলে। এ ছাড়া এ সময়ে চিনিযুক্ত ও টক স্বাদযুক্ত খাবার খাওয়ার আকাঙ্ক্ষা বেড়ে যায়, যার ফলে দাঁতে প্ল্যাক জমে মাড়িতে প্রদাহ সৃষ্টি হতে পারে। দুর্বল রোগ প্রতিরোধক্ষমতা ও পুষ্টিহীনতার কারণে এটা হতে পারে।

**লক্ষণ**

মাড়ি লাল হয়ে ফুলে যায়।

মাড়ি নরম হয়ে দাঁত থেকে আলগা হয়ে যায়।

ব্রাশ করার সময় ও শক্ত খাবার খাওয়ার সময় রক্ত পড়ে।

মুখে দুর্গন্ধ হয় এবং ব্যথা শুরু হয়।

**জটিলতা**

এ রোগের জটিলতা মা ও গর্ভের শিশু-উভয়কেই প্রভাবিত করতে পারে। এরপর ৫৩ পৃষ্ঠায়

# জাপানিদের দীর্ঘায়ুর রহস্য

## কেন তারা খাওয়ার সময় পেটের ২০ শতাংশ খালি রাখে

আসহাবিল ইয়ামিন



দীর্ঘদিন সুস্থ শরীরে বেঁচে থাকার জন্য আমরা কঠিন কঠিন সব ডায়েট মেনে চলি। কিন্তু জাপানিরা মেনে চলে 'হারা হাচি বু' নামে খুব সহজ এক নিয়ম। সহজ কথায়, নিয়মটা হলো ভরপেট না খাওয়া। জাপানিরা খাওয়ার সময় পেটের ২০ শতাংশ খালি রাখে। কিন্তু এই সাধারণ অভ্যাস কি ওজন কমাতে ও সুস্থ থাকতে সত্যিই কার্যকর?

আমরা প্রতিনিয়ত ডায়েট, শরীরচর্চা ও নতুন নতুন স্বাস্থ্যকর কৌশলের খোঁজ করি। কারণ, দীর্ঘদিন সুস্থভাবে বেঁচে থাকার আকাঙ্ক্ষা সবার। অথচ দীর্ঘজীবী হওয়ার রহস্য লুকিয়ে আছে খুব সহজ ও প্রাচীন এক অভ্যাসে, যা জাপানের শতবর্ষী মানুষেরা মেনে চলেন।

এই অভ্যাসে কোনো কঠোর রুটিন নেই। আছে শুধু একটি সাধারণ নিয়ম। ভরপেট খাওয়া যাবে না। বরং খাওয়ার সময় পেটকে কেবল ৮০ শতাংশ ভর্তি হওয়া পর্যন্ত খাবার দিতে হবে, ফাঁকা রাখতে হবে ২০ শতাংশ জায়গা।

শুনতে কেমন লাগছে, তাই না? হয়তো মনে হচ্ছে, সামান্য ২০ শতাংশ খাবার কম খেলে কী আর হবে? তবে বিশ্বের সবচেয়ে সুস্থ ও দীর্ঘজীবী জাপানিরা এই নিয়মই মেনে চলেন। তাঁদের জীবনযাপনের এই বিশেষ পদ্ধতিকে বলা হয় 'হারা হাচি বু'।

**হারা হাচি বু কী**

হারা হাচি বু জাপানের কনফুসীয় শিক্ষা থেকে আসা এক অভ্যাস, যার মূল কথা পরিমিত বা অল্প খাওয়া। অর্থাৎ পেট কেবল ৮০ ভাগ ভর্তি হওয়া পর্যন্ত খাওয়া এবং বাকি ২০ ভাগ অংশ ফাঁকা রাখা। মনে করা হয়, এই এরপর ২৮ পৃষ্ঠায়

# ছেলেরা যে 'বিশেষ সমস্যায়' ভুগে



তাসনিম জারা



স্বপ্নদোষ! ঘুমের মধ্যে অনেকেরই বীর্যপাত হয় তাকেই স্বপ্নদোষ বলে। এটি হয়নি, এমন ছেলে-মেয়ে খুঁজে পাওয়া ভার। এনিয়ে অনেকের মধ্যেই নানারকম ভুল ধারণা আছে। বিশেষ এই সমস্যা নিয়ে অনেকে লজ্জায় মুখও খুলতে পারে না। তবে চিন্তার কোনো কারণ নেই। এটি সম্পূর্ণ একটি স্বাভাবিক প্রক্রিয়া। কিশোর বয়সে এটি বেশি হয় এবং বয়স বাড়ার সঙ্গে সঙ্গে কমেও যায়। শুধু ছেলেরাই নয় মেয়েরাও এ সমস্যায় মুখোমুখি হয়। স্বপ্নদোষ নিয়ে কথা বলেছেন কেমব্রিজ বিশ্ববিদ্যালয় হাসপাতালের চিকিৎসক এবং সহায় হেলথের সহপ্রতিষ্ঠাতা ডা. তাসনিম জারা।

স্বপ্নদোষ নিয়ে দুশ্চিন্তার কিছু নেই। সাধারণ মানুষের মধ্যে এনিয়ে অনেক রকমের ধারণা প্রচলিত আছে। এ কারণে সবাই দুশ্চিন্তা করেন। কিন্তু এটা খুবই স্বাভাবিক একটা ব্যাপার। এতে লজ্জার কিছু নেই। এতে অপরাধবোধেরও কিছু নেই। স্বপ্নদোষ সাধারণত কিশোরকালীন বয়সে শুরু হয়। তবে, কারোর তা ৯-১০ বছর বয়সেও প্রথম হতে পারে। কিশোরকালীন সময়ে এটা বেশি হয়। তবে বয়স বাড়ার সঙ্গে সঙ্গে তা কমে আসে।

তিনি বলেন, স্বপ্নদোষ নিয়ে দুশ্চিন্তার কিছু নেই। সাধারণ মানুষের মধ্যে এনিয়ে অনেক রকমের ধারণা প্রচলিত আছে। এ কারণে সবাই দুশ্চিন্তা করেন। কিন্তু এটা খুবই স্বাভাবিক একটা ব্যাপার।

**স্বপ্নদোষ কী?**

তাসনিম জারা বলেন, ঘুমের মধ্যে অনেকেরই বীর্যপাত হয়। সাধারণভাবে এটাকেই বলা হয় স্বপ্নদোষ বা স্বপ্নস্খলন।

অনেকেই মনে করেন, স্বপ্নদোষ হয় শুধুমাত্র ছেলেদের এবং মেয়েদের তা হয় না। এটাও ভুল ধারণা।

তাসনিম জানান, স্বপ্নদোষ ছেলে এবং মেয়ে উভয়ের হতে পারে। কিশোর বয়সেই তা বেশি হয়। মেয়েদের স্বপ্নদোষ হলে তার যোনিপথ ভেজা ভেজা মনে হতে পারে।

অনেকেই জানতে চান, স্বপ্নদোষ হওয়া স্বাভাবিক কী না তা নিয়েও।

তাসনিম জারা বলেন, এটা সম্পূর্ণ একটা স্বাভাবিক শারীরিক প্রক্রিয়া। এতে লজ্জার কিছু নেই। এতে অপরাধবোধেরও কিছু নেই।

তিনি বলেন, স্বপ্নদোষ সাধারণত কিশোরকালীন বয়সে শুরু হয়। তবে, কারোর তা ৯-১০ বছর বয়সেও প্রথম হতে পারে।

তাসনিম জারা বলেন, কিশোরকালীন সময়ে এটা এরপর ৫৩ পৃষ্ঠায়



ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

# বাংলাডেস্ক যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791


بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খয়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহরা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন নাহামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফিয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারুন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়াতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের দিকথেকে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রথমে আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে মা'উনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং আওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের নবীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় ফেল না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সম্মত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাঊযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর নিকটে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের মধ্যখানে হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন মহমিতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে মা'উনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু বীন্ নিয়াক' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে পরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই যুদ্ধাভিযানের কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম, এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই নিজ নিজ সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু আওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এক্ষণই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব সলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালামা বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা কুরবানিকে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মণ্ডী বাহাউদ্দিন জেলার সাহকেহ্রাহপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রেম দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠককুল! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কোনোই বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

**347-659-8842**

**7 DAYS OPEN**

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of

FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**

Franchise & Business Consulting Firm

37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.

Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590

Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১

সপ্তাহে ৭ দিনই খোলা

# রেনোভেশন/রিপিয়ার/কনস্ট্রাকশন

## আপনি কি বাসা-বাড়ির কাজের জন্য লোক খুঁজছেন? আমরা আপনাকে সহযোগিতা করতে পারি।



আমরা Binghamton এ কাজ করে থাকি

**আমাদের কাজসমূহ:**

* গরম পানির ট্যাঙ্ক ইনস্টলেশন/ মেরামত
* যে কোন প্রকার পাম্বিলিংয়ের কাজ/বাথরুম/কিচেন/অন্যান্য
* যে কোন প্রকার টাইলসের কাজ/নতুন ইনস্টলেশন/রিপ্লেস/ রেনোভেশন
* নতুন বাথরুম ইনস্টলেশন/রিপিয়ার
* কার্পেটিং/নতুন রুম/এক্সটেনশন
* ড্রাই ওয়াল/পেইন্ট/রি-পেইন্ট
* ব্যাকইয়ার্ড/ডক/বারান্দা/ছাদ
* উড ফ্লোর/পলিশ/নতুন ইনস্টলেশন/ক্লিনিং
* অয়েল হিটিং সিস্টেম পুরনোটি রিপ্লেস এবং নতুন থার্মাল ইনস্টলেশন।

Free ইস্টিমেট করা হয়ে থাকে

**যোগাযোগ:**

**WOVENA CONSTRUCTION INC**

172-11, 93 Ave, Jamaica, NY 114333

**Phone: 347-822-9052, 716-828-6677**

wovenatexusa@gmail.com

## বাতিলের পথে বহুল আলোচিত এইচ-১বি ভিসা পদ্ধতি!

৩ পৃষ্ঠার পর

মার্কিনীরা অগ্রাধিকার পাবে।'

'মার্কিনীরা বিশ্বের সেরা মেধাবী জাতি। যুক্তরাষ্ট্রের জনগণের প্রতি আমার পূর্ণ বিশ্বাস আছে। আমি শুধু মার্কিনিদের স্বার্থ দেখব এবং আমেরিকানদের সবসময় সামনে রাখব। আমাদের পরবর্তী প্রজন্মের মধ্যে যদি আমরা দেশপ্রেম জাগিয়ে তুলতে চাই, তাদেরকে দেশ নিয়ে স্বপ্ন দেখাতে চাই, তাহলে এইচ-১বি ভিসা আমাদের বাতিল করতে হবে।'

এইচ-ওয়ান বি একটি বিশেষ ভিসা কর্মসূচি, যার আওতায় মার্কিন কোম্পানিগুলো অস্থায়ীভাবে দক্ষ বিদেশি কর্মীদের নিয়োগ দিয়ে থাকে। ২০০৪ সাল থেকে শুরু হওয়া এই কর্মসূচি বা প্রকল্পের আওতায় প্রতি বছর ৮৫ হাজার বিদেশি কর্মীকে যুক্তরাষ্ট্রে প্রবেশ ও কাজ করার অনুমতি দেওয়া হয়।

মূলত বিজ্ঞান, তথ্যপ্রযুক্তি, প্রকৌশল বিদ্যা এবং ব্যবসায় প্রশাসনে দক্ষ বিদেশি কর্মীদের নিয়োগ দেওয়া হয় এ ভিসার আওতায়। যুক্তরাষ্ট্রের পরিসংখ্যান বিভাগের তথ্য বলছে, অ্যামাজন, মাইক্রোসফট, মেটা, অ্যাপল, গুগল প্রভৃতি কোম্পানিগুলো এই ভিসা কর্মসূচির সবচেয়ে বড় লাভবান বা সুবিধাভোগী। শত শত বিদেশি কর্মী এসব কোম্পানিতে কাজ করেন।

বিশ্বের যেসব দেশ এই ভিসা কর্মসূচিতে সবচেয়ে বেশি উপকৃত হয়েছে, সেসবের মধ্যে শীর্ষে আছে ভারত। যুক্তরাষ্ট্রের বিভিন্ন বহুজাতিক কোম্পানিতে যে হাজার হাজার ভারতীয় কর্মী কাজ করেন, তাদের একটি বড় অংশই এসেছেন এইচ-১বি ভিসায়।

এই ভিসার আরও একটি সুবিধা ছিল নাগরিকত্বের সুযোগ। এইচ-১বি ভিসাধারীদের স্থায়ীভাবে যুক্তরাষ্ট্রে বসবাসের জন্য সহজেই অনুমতি পেয়ে যান। আর স্থায়ীভাবে বসবাসের অনুমতি প্রাপ্তির ৫ বছর পর নাগরিকত্বের জন্য আবেদন করলে তা-ও মঞ্জুর করে যুক্তরাষ্ট্র।

## মৃত্যুদণ্ড প্রদানই যথেষ্ট নয়, কার্যকর করতে হবে

১২ পৃষ্ঠার পর

পুলিশপ্রধান চৌধুরী আবদুল্লাহ আল মামুন 'রাজসাক্ষী' হয়ে অপরাধ প্রমাণে সহায়তা করায় তার শাস্তির মাত্রা কম বলে জানিয়েছেন বিচারক। তাকে ৫ বছরের কারাদণ্ড দেওয়া হয়েছে।

জুলাই গণ-অভ্যুত্থানের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খানের মৃত্যুদণ্ডের রায়ে সন্তুষ্ট শহীদ পরিবারের সদস্যরা। তবে পুলিশের সাবেক মহাপরিদর্শক চৌধুরী আবদুল্লাহ আল মামুনের ৫ বছরের কারাদণ্ডের সাজা তারা মেনে নিতে পারছেন না। তার সাজা আরও বাড়ানোর দাবি তুলছে পরিবারগুলো। তারা দ্রুত রায় কার্যকরেরও দাবি জানিয়েছেন। শহীদ পরিবারের সদস্যদের এ প্রতিক্রিয়া খুবই স্বাভাবিক। আপনজনদের হারিয়ে তারা কি ক্ষমা অথবা প্রতিশোধ না গ্রহণের কথা বলতে পারেন? সর্বোচ্চ দণ্ডও তাদের দুঃখ লাঘবের জন্য যথেষ্ট নয়।

শেখ হাসিনা ও আসাদুজ্জামান খান কামালের যে কটি অপরাধ প্রমাণিত হয়েছে, সেগুলোই কি তাদের একমাত্র অপরাধ? সাড়ে ১৫ বছরের শাসনামলে শত শত ব্যক্তিকে বিচারবহির্ভূত হত্যা, গুম করে রাখা, আয়নাঘরে গোপন বন্দি হিসাবে রাখা, মিথ্যা ও গায়েবি মামলা দিয়ে লাখ লাখ মানুষকে জর্জরিত করা এবং ভিটামাটি ছাড়া করে ব্যবসা-বাণিজ্য ধ্বংস করা, এ ধরনের নৃশংস অপরাধের শিরোমণি ছিলেন শেখ হাসিনা, আসাদুজ্জামান খান কামাল, আওয়ামী লীগের অন্যান্য নেতা, পুলিশ ও সামরিক বাহিনীর বিপথগামী কিছু কর্মকর্তা। সব অপরাধ প্রমাণ করতে পারলে শেখ হাসিনাসহ অনেকেরই শতবার মৃত্যুদণ্ড হতে পারে। অবাক করা বিষয় হলো, এই অপরাধীরা তাদের অপকীর্তির জন্য অনুতপ্ত নয় এবং জাতির কাছে ক্ষমা চাইতে রাজি নয়। এদের ঔদ্ধত্য সব সীমা ছাড়িয়ে গেছে।

ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার মৃত্যুদণ্ডের রায়ের পর প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস বলেছেন, বাংলাদেশের আদালত যে রায় দিয়েছেন, তা সারা দেশ এবং বিশ্বের বিভিন্ন প্রান্তেও প্রতিধ্বনিত হচ্ছে। এই রায় ও সাজা একটি মৌলিক নীতিকে পুনঃপ্রতিষ্ঠিত করেছে-যত ক্ষমতাবানই হোক, কেউই আইনের ঊর্ধ্বে নয়। খুবই হক কথা। অনেকে মনে করেন, এ রায় ভবিষ্যতের ফ্যাসিস্ট ও স্বৈরাচারীদের জন্য একটি বড় সাবধানবাণী। তবে যতক্ষণ পর্যন্ত মানবতাবিরোধী এ অপরাধীদের মৃত্যুদণ্ড কার্যকর করা যাবে না, ততদিন পর্যন্ত এ ব্যাপারে নিশ্চিত হওয়া যায় না।

হাসিনাসহ পতিত ফ্যাসিস্টরা ভারতে আশ্রয় নিয়েছে। সেখানে তারা বহাল তবিয়তে আছে। ভারতের সমর্থন, সহযোগিতা ও প্রশ্রয়ে এরা বাংলাদেশে সহিংসতা ও নাশকতা সৃষ্টির ষড়যন্ত্রে অহর্নিশ লিপ্ত রয়েছে। তারা মনে করে, বাংলাদেশকে প্রচণ্ডভাবে অস্থিতিশীল করতে পারলে তারা তাদের হারানো মসনদ ফিরে পাবে এবং হাসিনার সংক্ষুব্ধ বাংলাদেশের মানুষজনের ওপর প্রতিশোধ গ্রহণ করতে পারবে। ভারতের আধিপত্যবাদী সরকার আওয়ামী খুনিদের মাথার ওপর থেকে হাত সরিয়ে নেবে না। কারণ বাংলাদেশে তাদের প্রধান স্বার্থরক্ষাকারী এবং অনুগতরা হলো আওয়ামী লীগওয়ালারা। এ কারণে ভারত কখনো আওয়ামী খুনি দস্যুদের বাংলাদেশের হাতে রায় কার্যকরের জন্য হস্তান্তর করবে না। ভারত সরকার যাতে হাসিনাসহ অন্য অপরাধীদের বাংলাদেশের কাছে সমর্পণ করে, তার জন্য বিশ্বব্যাপী বিশ্বাসযোগ্য ক্যাম্পেইন চালাতে হবে। মৃত্যুদণ্ড কার্যকর করা গেলে হাসিনার দৈহিক মৃত্যুর নিশ্চিত হবে বটে, তার চেয়েও বহুগুণ বেশি প্রয়োজন তার রাজনৈতিক মৃত্যু নিশ্চিতকরণ। হাসিনার মৃত্যুদণ্ড ইতিহাসের কাছে দায়মুক্তির যে পদক্ষেপ, তা যেন কার্যকর হয় মৃত্যুদণ্ড বাস্তবায়নে।

লেখক : শিক্ষাবিদ ও অর্থনীতিবিদ।

## রাজনীতিবিদদের হাড্ডিবিহীন জিহ্বাকে কুড়াল হিসেবে ব্যবহার ঠিক নয়

১০ পৃষ্ঠার পর

মারামারি সংগঠিত হয়। এই হাড্ডিবিহীন জিহ্বার আঘাত অনেক সময় মারাত্মক অস্ত্রের চেয়েও বেশি জখম, স্থায়ী ও ক্ষতিকর হয়। ত্রিশ দশকের বৃটিশ রাজনীতিবিদ Pearl Strachan Hurd এর ভাষায়, "Handle them carefully, for tongues have more power than atom bombs" (অর্থাৎ "এগুলো সাবধানে সামলাও, কারণ জিহ্বার শক্তি পরমাণু বোমার চেয়েও বেশি")।

তাই এই জিহ্বাকে হেফাজত বা নিয়ন্ত্রণ করার জন্য আমাদের প্রিয় ধর্ম কত না গুরুত্ব দিয়েছে! দুটি জিনিসের নিশ্চয়তা দিলে জান্নাতের (বেহেশতের) নিশ্চয়তা দেয়া হয়েছে। এর মধ্যে প্রথম ও অন্যতম হলো জিহ্বা। আমাদের প্রিয় নবী (স:) বলেছেন "যে আমাকে জিহ্বা ও লজ্জাস্থানের নিশ্চয়তা দেবে, আমি তাকে জান্নাতের নিশ্চয়তা দেব।" (সহিহ বুখারী: ৬৪৭৪)!

হাড্ডিবিহীন জিহ্বাকে কুড়াল হিসেবে ব্যবহার করে পতিত সরকার প্রধানের কী দশা হয়েছে তা একেবারে আমাদের চোখের সামনে। "শেখ হাসিনা পালায় না", "রাজাকারের নাতিপুতিরা কি পাবে" এমন কথা বলে তার আজকের পরিণতি! শহীদ জিয়া, বেগম জিয়া ও তারেক রহমান সম্পর্কে কি-না বিশ্রি ভাষায় তিনি গালিগালাজ করতেন। মুখ খুললেই যেন বের হতো গালিগালাজ। অনেকের মনে হতো জিহ্বাই যেন তার প্রধান শত্রু। আর পরিণামে হয়েছেও তাই। জনৈক মনীষীর ভাষায়, "A sharp tongue can cut your own throat" (অর্থাৎ "ধারালো জিহ্বা তোমার নিজের গলা কেটে ফেলতে পারে")।

রাজনীতিবিদদের সাবধান হওয়া উচিৎ। জিহ্বাকে কুড়াল হিসেবে ব্যবহার করবেন না। জনৈক দার্শনিক বলেছেন, "The tongue has no bones, but it is strong enough to break a heart. So be careful with your words" (অর্থাৎ জিহ্বার কোনো হাড় নেই, কিন্তু এটি হৃদয় ভেঙে ফেলার জন্য যথেষ্ট শক্তিশালী। তাই আপনার কথার ব্যাপারে সতর্ক থাকুন")। জিহ্বাকে কুড়াল হিসেবে ব্যবহারে আর যাই হোক জাতি গঠন হবে না, হবে না নিশ্চিত সুষ্ঠু গণতান্ত্রিক ধারা। বরং জিহ্বাকে কুড়াল হিসেবে ব্যবহারে অনেকটা নিজের পায়ে কুড়াল মারা।

নাজির আহমদ: বিশিষ্ট আইনজীবী, রাষ্ট্র চিন্তক, সংবিধান বিশেষজ্ঞ এবং ইংল্যান্ডের প্র্যাকটিসিং ব্যারিস্টার।

## দ্বিমতের অবসান কিংবা ঐকমত্যের সোনার হরিণ

৩ পৃষ্ঠার পর

দেওয়ার ঘোষণায় একটা সংকট তৈরি হলো। এই সংকট নিরসনের জন্যই জামায়াতসহ আটটি রাজনৈতিক দল প্রধান উপদেষ্টার বাসভবন যমুনার সামনে অবস্থান নেওয়ার যে কর্মসূচি ঘোষণা করেছিল, তা অব্যাহত রাখা হবে বলেও জানানো হয়। এর অর্থ হলো, রাজনৈতিক দলগুলোর মধ্যেকার দ্বিমত ও অনৈক্যের বিন্দুমাত্রও নিরসন হওয়ার লক্ষণ নেই।

গণভোটে চারটি বিষয়, প্রশ্ন একটি!

এদিকে, গণভোটে প্রশ্ন-সংক্রান্ত জটিলতা নিয়ে জনপরিসরে যে আলোচনা চলছিল, প্রধান উপদেষ্টার ভাষণে তারও নিরসন হয়নি। তিনি তাঁর ভাষণে বলেছেন, চারটি বিষয়ে অনুষ্ঠিত হবে গণভোট। গণভোটের দিন এই চারটি বিষয়ের ওপর একটিমাত্র প্রশ্নে 'হ্যাঁ' বা 'না' ভোট দিয়ে জনগণ মতামত জানাবেন। চারটি বিষয়ে একটি প্রশ্নে হ্যাঁ কিংবা না বলতে হবে, বিষয়টা অনেকেই কেমন যেন ধোঁয়াশা লাগছে। তো কী হবে সেই চারটি বিষয় ও একমাত্র প্রশ্নটি! প্রধান উপদেষ্টা নিম্নোক্তভাবে তা পাঠ করে শুনিয়েছেন।

'আপনি কি জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ, ২০২৫ এবং জুলাই জাতীয় সনদে লিপিবদ্ধ সংবিধান সংস্কার সম্পর্কিত নিম্নলিখিত প্রস্তাবগুলোর প্রতি আপনার সম্মতি জ্ঞাপন করছেন?

ক) নির্বাচনকালীন সময়ে তত্ত্বাবধায়ক সরকার, নির্বাচন কমিশন এবং অন্যান্য সাংবিধানিক প্রতিষ্ঠান জুলাই সনদে বর্ণিত প্রক্রিয়ার আলোকে গঠন করা হবে।

খ) আগামী সংসদ হবে দুই কক্ষবিশিষ্ট। জাতীয় সংসদ নির্বাচনে দলগুলোর প্রাপ্ত ভোটের অনুপাতে ১০০ জন সদস্যবিশিষ্ট একটি উচ্চকক্ষ গঠিত হবে এবং সংবিধান সংশোধন করতে হলে উচ্চকক্ষের সংখ্যাগরিষ্ঠ সদস্যের অনুমোদন দরকার হবে।

গ) সংসদে নারীর প্রতিনিধি বৃদ্ধি, বিরোধী দল থেকে ডেপুটি স্পিকার ও সংসদীয় কমিটির সভাপতি নির্বাচন, প্রধানমন্ত্রীর মেয়াদ সীমিতকরণ, রাষ্ট্রপতির ক্ষমতা বৃদ্ধি, মৌলিক অধিকার সম্প্রসারণ, বিচার বিভাগের স্বাধীনতা ও স্থানীয় সরকারসহ বিভিন্ন বিষয়ে যে ৩০টি প্রস্তাবে জুলাই জাতীয় সনদে রাজনৈতিক দলগুলোর ঐকমত্য হয়েছে, সেগুলো বাস্তবায়নে আগামী নির্বাচনে বিজয়ী দলগুলো বাধ্য থাকবে।

ঘ) জুলাই সনদে বর্ণিত অন্যান্য সংস্কার রাজনৈতিক দলগুলোর প্রতিশ্রুতি অনুসারে বাস্তবায়ন করা হবে।

এই চারটির প্রথম বিষয়টি ঐকমত্য কমিশনের আলোচনায় মীমাংসা হয়েছে। কিন্তু অন্য তিনটি বিষয়ের মধ্যে তো ৩০টির বেশি বিষয় রয়েছে! কাজেই এ বিষয়ে হ্যাঁ কিংবা না বলতে হলে বিষয়গুলো ভোটারদের জানতে হবে, যা শিক্ষাগত যোগ্যতার বিবেচনায়ও অসম্ভবই বটে। তা ছাড়া, এগুলোর বিষয়ে রাজনৈতিক অঙ্গনে দোদুল্যমানতা প্রবল। সুতরাং ফলাফল অজ্ঞাত।


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com

718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)

Wednesday (12 Pm to 5 Pm) Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432



# ইসলামে সহিষ্ণুতার গুরুত্ব

জুবায়ের আহমেদ



দুনিয়ার প্রথম মানব আদম (আ.)-এর মাধ্যমে শুরু হয়েছিল নবী-রাসুলদের মিশন। মহানবী মুহাম্মাদ (সা.)-এর মাধ্যমে দুনিয়ায় আল্লাহর রসুল পাঠানোর মিশনে সমাপ্তি টানা হয়েছে। মহানবী হজরত মুহাম্মাদ (সা.)-কে আল্লাহ যে ঐশীগ্রন্থ দান করেছেন, তাঁর উম্মতদের জন্য যে জীবনব্যবস্থা উপহার দিয়েছেন তা কেয়ামত পর্যন্ত বলবৎ থাকবে। মানুষের জন্য ধর্ম বা জীবনবিধান। মানুষই প্রতিটি ধর্মের প্রধান প্রতিপাদ্য বিষয়। মানবসভ্যতার বিকাশে রয়েছে ধর্মের অবদান।

প্রতিটি ধর্মের উদ্ভব ঘটেছে মানবকল্যাণের উদ্দেশ্য নিয়ে। মানুষের জাগতিক কল্যাণ কোন পথে সে গাইডলাইন ধর্ম মানুষকে দিয়েছে। জাগতিক জীবনের ওপারে যে অনন্ত জীবন সে জীবন শান্তিময় হবে কীভাবে সে শিক্ষাও দেয় ধর্মীয় বিধান। ইসলামি বিশ্বাস অনুসারে আল্লাহ মানুষকে সৃষ্টির পর জান্নাতে রেখেছিলেন। প্রথম মানবমানবী আদম (আ.) ও হাওয়াকে গন্দম খাওয়ার অপরাধে পৃথিবীতে পাঠানো হয় শাস্তি হিসেবে। পৃথিবীর জীবনে যারা মহান স্রষ্টার সন্তুষ্টি বিধানে সচেষ্ট থাকবে, যারা তাঁর নির্দেশ অনুযায়ী সুপথে চলবে তাদের আবার ফিরিয়ে নেওয়া হবে জান্নাতে। পক্ষান্তরে যারা বিপথগামী হবে, যারা সৃষ্টিকর্তার বাতলে দেওয়া আলোকিত পথের বদলে অন্ধকার পথের যাত্রী হবে তাদের ঠাঁই হবে জাহান্নামে। আল্লাহ যুগে যুগে যেসব নবী-রসুল বা প্রেরিত পুরুষ পাঠিয়েছেন তাঁরা মানুষকে আল্লাহপ্রদত্ত জীবনবিধান বাতলে দিয়েছেন। যা এখন নানা ধর্ম হিসেবে পরিচিতি লাভ করেছে।

তারার মতো ব্যাপক না হলেও পৃথিবীতে ধর্মের সংখ্যা কম নয়। ধর্ম, জাতিগোষ্ঠী ও তাদের বৈচিত্র্য মহান আল্লাহর কুদরত। এক জাতি যাতে আরেক জাতিকে বুঝতে পারে সেজন্যই এই বৈচিত্র্য। দেশ বা রাষ্ট্রের জন্য যেমন এরপর ২৬ পৃষ্ঠায়

# ইসলামে দারিদ্র্য বিমোচনে যাকাতের সম্ভাবনা

লুকমান হাসান

বর্তমানে বিশ্বজুড়ে সম্পদের বৈষম্য ভীতিকর এবং লজ্জাজনকভাবে বেড়ে চলেছে। লাখো মানুষ আজ চরম বেকারত্ব, ঋণগ্রস্ততা, দুর্দশা, শিক্ষার সুযোগের অভাব, ক্ষুধা এবং বিশুদ্ধ পানির অভাবসহ দরিদ্রতার অপ্রতিরোধ্য বিস্তারের মধ্য দিয়ে কোনোমতে বেঁচে আছে।

এ সমস্যাগুলো মোকাবিলা করার জন্য আল্লাহতায়ালা একটি শক্তিশালী উপায় দিয়েছেন। তা হলো, জাকাত। এর মধ্যে ক্ষুধা ও দারিদ্র্য দূর করার অভাবনীয় সক্ষমতা রয়েছে। তা ছাড়া এটি বিশ্বব্যাপী টেকসই উন্নয়নের জন্যও শক্তিশালী উপায়। কারণ, জাকাত হলো সামাজিক সম্পদ পুনর্বণ্টনের একটি মানবিক মডেল এবং মানুষের লোভ ও সামাজিক অসমতা নিয়ন্ত্রণ করার জন্য আল্লাহপ্রদত্ত ব্যবস্থা।

জাকাতের পরিচয় : জাকাত একটি আর্থিক ইবাদত; যা আল্লাহতায়ালা সামর্থ্যবানদের ওপর ফরজ করেছেন। ঈমান ও নামাজের পরই জাকাতের অবস্থান। এর মূল অর্থ হলো, পবিত্রতা, বৃদ্ধি, বরকত ও প্রশংসা।

যেহেতু জাকাত দেওয়ার মাধ্যমে সম্পদ পবিত্র হয় এবং জাকাত দেওয়ার কারণে সম্পদ বৃদ্ধি পায়, তাই জাকাতকে জাকাত বলে। শব্দটি কোরআনে কারিমে ৩৩ বারেরও বেশি ব্যবহৃত হয়েছে। আল্লাহতায়ালা বলেন, 'তুমি এরপর ২৬ পৃষ্ঠায়





# জীববৈচিত্র্য রক্ষায় ইসলাম

সাঈদ কাদির

জীববৈচিত্র্য বলতে সাধারণত একটি নির্দিষ্ট অঞ্চলে বিভিন্ন প্রকার জীবের একত্র সমাবেশকে বোঝানো হয়। অন্যভাবে বললে, কোনো অঞ্চলের নির্দিষ্ট প্রজাতির মধ্যে জীনগত, প্রজাতিগত ও বাস্তুতান্ত্রিক যে তারতম্য বা বিভিন্নতা, তা-ই জীববৈচিত্র্য। জীববিজ্ঞানী ম্যাকেঞ্জি বলেন, 'বিভিন্ন বাস্তুতন্ত্রের বিভিন্ন স্তরের জীবদের ক্ষেত্রে একই প্রজাতির জীবের জীনগত প্রকরণ থেকে বিভিন্ন প্রজাতির বৈচিত্র্যগুলোকে জীববৈচিত্র্য বলে।' জীবের এ বৈচিত্র্যময়তা আল্লাহতায়ালা প্রদত্ত ও নির্ধারিত। এরশাদ হচ্ছে, 'তাঁর নিদর্শনাবলির একটি হলো, আসমান ও জমিন এবং এর মাঝে বিস্তৃত জীবজন্তুর সৃষ্টি। নিশ্চয়ই তিনি চাইলেই সবকিছু একত্রিত করতে সক্ষম।' (সুরা শুরা : ২৯)।

প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় পদক্ষেপ : জীববৈচিত্র্য বা প্রকৃতির ভারসাম্য রক্ষার্থে প্রাণিজ ও উদ্ভিদজাত সব উপাদানকে কোরআন-সুন্নাহ নির্দেশিত পদ্ধতিতে ব্যবহার করা আবশ্যক। প্রকৃতি ও এরপর ২৮ পৃষ্ঠায়

# মাতৃত্বের কষ্ট সহ্য করা ইবাদত



ফারহান হাসনাত

মা হওয়ার সত্যিকারের অর্থ তখনই উপলব্ধি করা যায়, যখন একজন নারী নিজে মাতৃত্বের পথে পা রাখেন। মাতৃত্ব শুধু একটি শিশুর জন্ম দেওয়া নয়, এটি শারীরিক, মানসিক এবং আধ্যাত্মিক রূপান্তরের এক অসাধারণ যাত্রা। মহানবী মুহাম্মাদ (সা.)-এর শিক্ষা মায়েদের জন্য শক্তি ও প্রেরণার অফুরন্ত উৎস। তাঁর বাণী ও জীবনাদর্শ মায়েদের কষ্টকে পবিত্র ইবাদতে রূপান্তরিত করে।

মাতৃত্বের কষ্ট : মাতৃত্ব একটি শিশুকে বড় করার পাশাপাশি মায়ের নিজের রূপান্তরের গল্প। এটি শারীরিক ক্লান্তি, প্রসবোত্তর মানসিক চাপ, রাত জেগে শিশুর দেখাশোনা এবং সন্তানের জন্য সর্বোত্তম চাওয়ার অবিরাম প্রচেষ্টার মধ্য দিয়ে গড়ে ওঠে। এই যাত্রায় মায়েরা প্রায়ই নিঃসঙ্গতা ও দুশ্চিন্তায় ভোগেন। এ সময়ে ইসলামের শিক্ষা মায়েদের জন্য এক অমূল্য আশ্রয়।

মা তাকে কষ্টের পর কষ্ট সহ্য করে গর্ভে ধারণ করেছে। সুতরাং আমার এবং তোমার পিতা-মাতার প্রতি কৃতজ্ঞ হও। *(সুরা লুকমান : ১৪)*। পবিত্র কোরআন মায়েদের ত্যাগ ও কষ্টকে বারবার সম্মানিত করেছে। সুরা আহকাফে বলা হয়েছে, 'আমি মানুষকে তার পিতা-মাতার প্রতি সদাচরণের নির্দেশ দিয়েছি। তার মা তাকে কষ্টের সঙ্গে গর্ভে ধারণ করেছে এবং কষ্টের সঙ্গে প্রসব করেছে।' *(সুরা আহকাফ : ১৫)*।

এই আয়াত মায়ের শারীরিক ও মানসিক কষ্টের প্রতি আল্লাহর দৃষ্টি এবং তাঁর কাছে এর মূল্য তুলে ধরে। সুরা লুকমানে বলা হয়েছে, 'আমি মানুষকে তার পিতা-মাতার প্রতি নির্দেশ দিয়েছি। তার মা তাকে কষ্টের পর কষ্ট সহ্য করে গর্ভে ধারণ এরপর ৩৬ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি Prayer Times For New York City নভেম্বর-২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| 21 | 5:30 | 6:50 | 11:42 | 2:14 | 4:33 | 5:53 |
| 22 | 5:31 | 6:51 | 11:42 | 2:13 | 4:33 | 5:53 |
| 23 | 5:32 | 6:52 | 11:43 | 2:13 | 4:32 | 5:52 |
| 24 | 5:33 | 6:53 | 11:43 | 2:12 | 4:32 | 5:52 |
| 25 | 5:34 | 6:55 | 11:43 | 2:12 | 4:31 | 5:52 |
| 26 | 5:35 | 6:56 | 11:43 | 2:12 | 4:31 | 5:51 |
| 27 | 5:36 | 6:57 | 11:44 | 2:11 | 4:30 | 5:51 |

source: salahtimes.com

# Sheikh Hasina Sentence To Death

Continued from page 18

against humanity.

"We urge the Indian government to immediately hand over these two convicts to the Bangladeshi authorities. It is also a legal obligation for India as per the existing extradition treaty between the two countries," it said.

India's foreign ministry in a statement acknowledged the verdict but did not say whether it would hand the pair over to Dhaka.

"As a close neighbor, India remains committed to the best interests of people of Bangladesh, including in peace, democracy, inclusion and stability in that country. We will always engage constructively with all stakeholders to that end," it said.

India's failure to extradite the pair has created some tensions between the neighboring nations.

**Yunus and Hasina's archrival hail the verdict**

In a statement, Yunus said the verdict offered justice to the thousands who were harmed in the uprising: "No one, regardless of power, is above the law."

Ordering the use of lethal force against young people and children, whose only weapons were their voices, violated laws and the basic bond between government and citizens, Yunus added.

The Bangladesh Nationalist Party, or BNP, headed by Hasina's archrival, former Prime Minister Khaleda Zia, hailed the verdict.

BNP Secretary General Mirza Fakhrul Islam Alamgir said in a Facebook post that it wasn't just a judgment on Sheikh Hasina's crimes, but a "burial of all forms of dictatorship on this country's soil."

## ইসলামে সহিষ্ণুতার গুরুত্ব

২৫ পৃষ্ঠার পর

সংবিধান রচিত হয়, তেমনি প্রতিটি ধর্মাবলম্বীর গাইডলাইন বা সংবিধান হিসেবে বিবেচিত হয় ঐশী ধর্মগ্রন্থগুলো। পৃথিবীর প্রতিটি ধর্ম শান্তিপূর্ণ সহাবস্থানের কথা বলে। অন্যত্র অনুপম অবদানের পথ এড়িয়ে চলার শিক্ষা দেয়। দুর্ভাগ্যজনক হলেও সত্যি ধর্মের নামে যারা বাড়াবাড়ি করে তারা নিজেদের ধর্মের জন্যই অপমান বয়ে আনে। লজ্জা ডেকে আনে। সত্যিকারের ধার্মিক যারা তারা অন্য ধর্মের অনুসারীদের প্রতি অসহিষ্ণু হতে পারে না। অন্য ধর্মের উপাসনালয় বা কারোর ঘরবাড়িতে হামলা করতে পারে না। যারা এ ধরনের অপরাধ করে তারা ধার্মিক নয়। তারা মানুষ নামেরও কলঙ্ক।

মানবসভ্যতার সঙ্গে ধর্মের সম্পর্ক অতিঘনিষ্ঠ। প্রতিটি ধর্মকে একেকটি সভ্যতা বলেও অভিহিত করা যায়। আমাদের ধর্ম ইসলাম। ইসলাম শব্দের অর্থ শান্তি। শান্তির সমাজ প্রতিষ্ঠায় মানুষকে উদ্বুদ্ধ করেছে ইসলাম। পৃথিবীতে যখন অশান্তি ও হানাহানি মাথাচাড়া দিয়ে উঠেছিল, তখন ইসলামের উদ্ভব। আরব ভূমিতে ১৪০০ বছর আগে যখন অনাচার-অত্যাচার, হানাহানি দানা বেঁধে উঠেছিল, সেই দুঃসময়ে মানবতার মূর্ত প্রতীক হিসেবে আবির্ভূত হন মহানবী মুহাম্মদ (সা.)। আল্লাহ তাঁকে পাঠিয়েছেন তাঁর মনোনীত ধর্মের প্রচারক হিসেবে। সর্বশ্রেষ্ঠ মানবতাবাদী ও কুসংস্কারমুক্ত হিসেবে। ইসলাম নামের পরশপাথরের বদৌলতে নানা গোত্রে বিভক্ত, হানাহানিতে লিপ্ত আরবরা ঐক্যবদ্ধ জাতি হিসেবে আত্মপ্রকাশ করে। মাত্র কয়েক বছরের মধ্যে তারা দুনিয়ার পরিচালিকা শক্তিতে পরিণত হয়। যে আরব সমাজ ছিল অশ্লীলতা ও কুসংস্কারাচ্ছন্ন তারা আলোকিত জাতিতে পরিণত হয়। দুনিয়াজুড়ে মুসলমানরা হয়ে ওঠে নতুন সভ্যতার প্রবক্তা। সবার জন্য অনুকরণীয় ও অনুসরণীয়।

ধর্মীয় অনুশাসন থেকে বিচ্যুতির কারণেই আমরা আমাদের পথ হারিয়েছি। আলোকবর্তিকা জাতির চারদিকে এখন অন্ধকার। দুর্নীতির মূর্ত প্রতীক মুসলমানরা আদর্শহীনতার গলিতে আবদ্ধ হয়ে পড়ছে। অন্য-প্রণোদিত চেতনাই ইসলামকে মানবজাতির আলোকবর্তিকা বানিয়েছিল। সে চেতনা থেকে দূরে আসার কারণে নানা বেড়ি উঠেছে ঈমানের চেতনা। ক্ষতিগ্রস্ত হচ্ছে মানবিকতা। সুস্থ চিন্তা ও সুস্থ মানসিকতা হারিয়ে যাচ্ছে সমাজ থেকে। বিশ্বের মুসলিম দেশগুলো প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ। মানবসম্পদেও এগিয়ে। কিন্তু ইসলামি আদর্শের অনুসরণ কোথাও নেই বললেই চলে। আল কোরআন ও রাসুল (সা.)-এর নির্দেশনার বরখেলাপ আমাদের ব্যক্তিগত, পারিবারিক ও সামাজিক এমনকি রাষ্ট্রীয় জীবনকে দূষিত করছে। সংখ্যালঘুদের নিরাপত্তা দান ইসলামের অলঙ্ঘনীয় বিধান। একজনের অপরাধের জন্য আরেকজনকে শাস্তিদান ইসলাম কোনোভাবেই অনুমোদন করে না। এ ধরনের ঘটনা ইসলামের সুনাম কলুষিত করে। বিশ্ব সমাজে মুসলমান সম্পর্কে ভুল বার্তা পৌঁছে দেয়। দেশের সুনামও ক্ষুণ্ণ করে। কেউ এ ধরনের অপরাধে জড়িত হলে তাদের বিচারের মুখোমুখি করতে হবে। ইসলামের অবমাননার জন্যও তাদের শাস্তি হওয়া উচিত।

## ইসলামে দারিদ্র্য বিমোচনে যাকাতের সম্ভাবনা

২৫ পৃষ্ঠার পর

তাদের সম্পদ থেকে সদকা (জাকাত) গ্রহণ করো। যার মাধ্যমে তুমি তাদেরকে পবিত্র ও বরকতপূর্ণ করবে এবং তাদের জন্য দোয়া করো। নিশ্চয়ই তোমার দোয়া তাদের পক্ষে প্রশান্তিদায়ক। আল্লাহ সব কথা শোনেন, সবকিছু জানেন।' (সুরা তওবা : ১০৩)। রাসুল (সা.) মুয়াজ বিন জাবাল (রা.)-কে ইয়ামেনের গভর্নর হিসেবে প্রেরণ করার সময় বলেছিলেন, 'তুমি সেখানের অধিবাসীদের জানিয়ে দেবে যে, আল্লাহতায়ালা তাদের ধনীদের ওপর জাকাত ফরজ করেছেন; যা তাদের গরিবদের মধ্যে বিতরণ করা হবে।' (বোখারি : ১৩৯৫)।

জাকাতের গুরুত্ব ও ফজিলত : জাকাত আদায় সম্পদ বৃদ্ধির অন্যতম কারণ। কোরআনে কারিমে এসেছে, 'আল্লাহতায়ালা সুদকে নিশ্চিহ্ন করে দেন এবং দান-সদকাকে বর্ধিত করে দেন।' (সুরা বাকারা : ২৭৬)। জাকাত সম্পদকে নিরাপদ করে। এক হাদিসে এসেছে, 'তোমরা তোমাদের সম্পদকে জাকাত আদায়ের মাধ্যমে দুর্গ বেষ্টিত (সংরক্ষিত) করো।' (মারাসিল, আবু দাউদ : ১০৫)। আরেকটি হাদিসে এসেছে, 'দান-সদকা (জাকাত) কখনই সম্পদ হ্রাস করে না।' (মুসলিম : ২৫৮৮)। অন্যদিকে জাকাত আদায় না করার ক্ষয়ক্ষতিও অনেক বেশি। আল্লাহতায়ালা বলেন, 'যারা স্বর্ণ-রূপা পুঞ্জীভূত করে এবং তা আল্লাহর পথে ব্যয় (জাকাত আদায়) করে না, তাদেরকে যন্ত্রণাময় শাস্তির সংবাদ দাও। সেদিন সে ধন-সম্পদ জাহান্নামের আগুনে উত্তপ্ত করা হবে, তারপর তা দ্বারা তাদের কপাল, তাদের পাঁজর ও পিঠে দাগ দেওয়া হবে। (বলা হবে) এই হচ্ছে সেই সম্পদ, যা তোমরা নিজেদের জন্য পুঞ্জীভূত করতে। সুতরাং তোমরা যে সম্পদ পুঞ্জীভূত করতে, তার মজা ভোগ করো।' (সুরা তওবা : ৩৪-৩৫)।

জাকাত আদায় না করার পরিণতি : হাদিসে জাকাত আদায় না করার পরিণতি সম্পর্কে বলা হয়েছে, 'যেই ব্যক্তিকে আল্লাহতায়ালা সম্পদ দান করেছেন, অতঃপর সে তার জাকাত আদায় করেনি, কেয়ামতের দিন তার পুঞ্জীভূত সম্পদকে অতিশয় বিষধর সাপের রূপ দেওয়া হবে। যার চোখের ওপর দুটি কালো দাগ থাকবে। তারপর ওই সাপ তার গলায় পেঁচিয়ে দেওয়া হবে। সাপটি তার মুখের দুই পাশে দংশন করবে। বলবে, আমি তোমার সম্পদ, আমি তোমার সঞ্চয়।' (বোখারি : ১৪০৩)।

জাকাতের লক্ষ-উদ্দেশ্য : জাকাত ফরজ করার প্রধান উদ্দেশ্য হলো, আর্থিকভাবে আল্লাহর দাসত্ব ও গোলামি করা। (কিতাবুল আমওয়াল : ৫৭)। এ ছাড়াও উক্ত ইবাদতের আরও কিছু গুরুত্বপূর্ণ উদ্দেশ্য রয়েছে। যেমন-গরিবদের প্রাপ্য প্রদান করা এবং দারিদ্র্য বিমোচন করা। (সুরা জারিয়াত : ১৯)। সম্পদ শুধু ধনী শ্রেণির হাতে পুঞ্জিভূত হতে না দেওয়া ইত্যাদি। (সুরা হাশর : ৭)। এগুলো জাকাত ফরজ করার প্রধান ও মৌলিক উদ্দেশ্য।

জাকাতের সামাজিক ও অর্থনৈতিক দৃষ্টিকোণ : জাকাত একটি আর্থিক ইবাদত। ইবাদত আদায়ের জায়গাকে সম্মান ও ভক্তি করতে হয়। যেমন- মসজিদ নামাজের স্থান হওয়ার কারণে তা সম্মান ও ভক্তির জায়গা। জাকাত আদায়ের ক্ষেত্র গরিব মানুষ। সুতরাং তারা সম্মান ও ভক্তির পাত্র। তাদের প্রতি সম্মান ও ভালোবাসা রেখে জাকাত দিতে হবে। দ্বিতীয়ত ইবাদতে আদায়ের স্থানে গিয়ে তা আদায় করতে হয়। সুতরাং গরিবের কাছে গিয়ে জাকাত দিতে হয়। কারণ, সে ইবাদত আদায়ের ক্ষেত্র। এর ফলে ধনি-গরিবের মাঝে দূরত্ব কমে আসে। জাকাত মূলত সম্পদের ভারসাম্যহীনতা দূর করে মানবিক সম্পর্কের সূত্রে পরস্পরকে আবদ্ধ করে। অতীত থেকে এর বাস্তব উদাহরণ খলিফা ওমর বিন আবদুল আজিজ (রহ.)-এর শাসনামল। তখন প্রাতিষ্ঠানিকভাবে জাকাতের পূর্ণাঙ্গ ব্যবস্থাপনা ছিল। মানুষের মাঝে সম্পদের ভারসাম্যহীনতা ছিল না। সুদূর আফ্রিকার অঞ্চলগুলোতেও সরকারি কর্মচারীরা জাকাতের উপযুক্ত লোক খুঁজে না পেয়ে বলেছিল, 'ওমর বিন আবদুল আজিজ সব মানুষকে ধনী বানিয়ে দিয়েছে। জাকাত এখন কোথায় দেব?।' (সিরাতু ওমর ইবনু আবদিল আজিজ)।

শায়খ ইউসুফ কারজাভি লিখেছেন, 'জাকাত মূলত অলস জমে থাকা সম্পদকে বাজারে নিয়ে আসার একটি বাধ্যতামূলক ব্যবস্থা। কারণ, আল্লাহতায়ালা সুরা তওবায় জাকাত না দিয়ে সম্পদকে পুঞ্জিভূত করে রাখতে হারাম করেছেন। সুতরাং জাকাত ব্যবস্থার কারণে বাজারে অর্থের প্রবাহ বৃদ্ধি পায় এবং বাণিজ্যিক চাঞ্চল্য তৈরি হয়। তাই জাকাতের অর্থনৈতিক প্রভাব বলার অপেক্ষা রাখে না।' (ফিকহুজ জাকাত : ৮৮৪)।

দারিদ্র্য বিমোচনে জাকাত : মুসলিম প্রধান বাংলাদেশে জাকাতের সম্ভাবনা অনেক। প্রাতিষ্ঠানিকভাবে আজ যদি জাকাত ব্যবস্থাপনার যথাযথ উদ্যোগ থাকত, আর সম্পদশালী সবাই স্বতঃস্ফূর্তভাবে জাকাত প্রদান করত, তাহলে রাষ্ট্রীয় বাজেটের উল্লেখযোগ্য একটি অংশ এ খাত থেকে পূর্ণ হয়ে যেত। শিক্ষা খাতে প্রতি বছরই বাজেটের একটি বৃহৎ অংশ নির্ধারিত থাকে। চলতি ২০২১-২২ অর্থবছরের বাজেটে শিক্ষা খাতে মোট বরাদ্দ ৭১ হাজার ৯৫৩ কোটি টাকা। যা জাতীয় মোট বাজেটের ১১.৯২ শতাংশ। এ থেকে দরিদ্র শিক্ষার্থীদের বই-খাতা ও বৃত্তি প্রদান করা হয়। এ অংশটি খুব সহজেই জাকাতের মাধ্যমে ব্যবস্থা করা যায়। শুধু তাই নয়, জাকাতের মাধ্যমে দেশের সব দরিদ্র জনগোষ্ঠীর জন্য মাসিক ভাতা নির্ধারণ করা যেত। প্রতিবন্ধী, বয়স্ক ও বিধবা মানুষগুলো আমাদের সমাজে চরম অবহেলার শিকার। এ জনগোষ্ঠীকে খুব সহজে রাষ্ট্রীয় জাকাতের মাধ্যমে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনা সম্ভব। গরিবদের জন্য চলতি অর্থ বছরে বরাদ্দ ছিল ১ লাখ ৭ হাজার ৬১৪ কোটি টাকা। এর প্রায় পুরোটাই জাকাত থেকে সরবরাহ করা সম্ভব।

বহু মানুষ অর্থের অভাবে সুচিকিৎসা গ্রহণ করতে পারে না। প্রতিটি হাসপাতালে দরিদ্র রোগীদের জন্য জাকাতের অর্থ বরাদ্দ রাখা যায়। সমাজের বহু পরিবার এমন আছে, যাদের সামান্য একটু পুঁজির ব্যবস্থা হলে তারা স্বাবলম্বী হতে পারে। দেশের বিভিন্ন তথাকথিত এনজিওগুলো এর সুযোগ নিচ্ছে। দারিদ্র্য বিমোচনের নামে সুদভিত্তিক ক্ষুদ্র ঋণ প্রদান করে দরিদ্রতার যাতাকলে মানুষকে নিষ্পেষিত করছে।

অনেক পিতা দরিদ্রতার কারণে মেয়েকে ভালো পাত্রস্থ করতে পারছেন না। অনেক অসহায় বিধবা নারী একটি সেলাই মেশিন হলে হালালভাবে উপার্জন করে জীবন ধারণ করতে পারেন। এ রকম বহু অভাব দূর করা যায় জাকাতের মাধ্যমে।

বাংলাদেশের বিত্তবানদের সাকুল্য জাকাত বছরে (একটি বিশেষজ্ঞ পর্যায়ের অনুসন্ধান অনুযায়ী) অন্তুন আট হাজার কোটি টাকা আসতে পারে। এ টাকা পরিকল্পিতভাবে ব্যয় করতে পারলে পাঁচ বছরেই বাংলাদেশের কঠিন দারিদ্র্য বিমোচন সম্ভব। তবে প্রয়োজন শুধু সততা ও সঠিক পরিকল্পনা এবং ব্যবস্থাপনার। বস্তুত জাকাত এমন একটি উন্নত ব্যবস্থা, এর মাধ্যমে ধনীদের অর্থ সরাসরি দরিদ্রদের কাছে চলে যায়। সম্পদে এক-কেন্দ্রিকতা হ্রাস পায়।

## গোবিন্দর পরকীয়ার গুঞ্জনে কড়া জবাব দিলেন স্ত্রী সুনীতা

৪৬ পৃষ্ঠার পর

এমন শিক্ষা দেননি। এ তো ঘোর কলি!" গোবিন্দ-সুনীতার দাম্পত্য নিয়ে বিতর্ক যখন আবার মাথাচাড়া দিচ্ছে, ঠিক সেই সময়েই সুনীতার এই স্পষ্ট অবস্থান নতুন করে আলোচনার জন্ম দিয়েছে।

## নিষিদ্ধ গন্দম ও বাংলাদেশের রাজনীতি

৭ পৃষ্ঠার পর

হত্যাকাণ্ড' বলে বর্ণনা করা সত্ত্বেও তারা এ হত্যাকাণ্ড চালিয়েছে। বিস্ময়ের ব্যাপার হলো, এখন স্বয়ং শেখ হাসিনাই আইসিটিকে 'ক্যাঙারু কোর্ট' এবং তার বিরুদ্ধে হত্যাকাণ্ডের মামলাকে 'প্রহসনের বিচার' বলে বর্ণনা করছেন।

গত বছরের জুলাই-আগস্টে শেখ হাসিনার নির্দেশে বাংলাদেশে যে গণহত্যা পরিচালিত হয়েছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ সেই গণহত্যার প্রথম মামলার রায় ঘোষণা করবে আগামীকাল ১৭ নভেম্বর সোমবার। এ মামলায় ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রীর সঙ্গে সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামালও জড়িত। রাজসাক্ষী আছেন পুলিশের সাবেক আইজি চৌধুরী আবদুল্লাহ আল-মামুন। আইসিটি-১-এর বিচারপতি হিসেবে আছেন মো. গোলাম মর্তুজা মজুমদার, মো. শফিউল আলম মাহমুদ ও মো. মোহিতুল হক এনাম চৌধুরী।

এ মামলায় পাঁচটি অভিযোগ এনে শেখ হাসিনা ও আসাদুজ্জামান খাঁন কামালের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড চেয়েছে প্রসিকিউশন। সেদিন রায় ঘোষণার তারিখ নির্ধারণ করা হয়, সেদিন থেকেই ঢাকা নগরীর গুরুত্বপূর্ণ স্থানসমূহে অতিরিক্ত পুলিশ, র‍্যাব ও বিজিবি সদস্যদের মোতায়েন করা হয়েছে। আওয়ামী লীগের কোনো প্রদর্শন মোকাবিলা করতে বিএনপি এবং জামায়াতে ইসলামীর নেতা-কর্মীরাও প্রয়োজনীয় প্রস্তুতি নিয়ে রেখেছিলেন। অতএব সার্বিক পরিস্থিতি বিবেচনায় নিশ্চিত বলা যেতে পারে যে শেখ হাসিনার বিরুদ্ধে গণহত্যার মামলার সম্ভাব্য রায়কে কেন্দ্র করে তেমন গোলযোগের আশঙ্কা নেই।

কারণ আওয়ামী লীগ ১৩ নভেম্বর যে লকডাউন ঘোষণা করেছিল, তা মাঠে মারা গেছে। আওয়ামী মহলে হতাশার কথা জানা গেছে। ১৫ মাস ধরে ক্ষমতার রাজনীতি থেকে বঞ্চিত আওয়ামী লীগের এখন 'ছেড়ে দে মা কেঁদে বাঁচি' অবস্থা। দেশবাসী এবং প্রতিটি রাজনৈতিক দল এখন নির্বাচনমুখী। সর্বত্র আলোচনার বিষয়বস্তু গণভোট ও সংসদ নির্বাচন। এ পরিস্থিতিতে আওয়ামী লীগের দ্বারা নাশকতা সৃষ্টির অপচেষ্টা তাদের জন্যই বিপদ ডেকে আনবে।

লেখক: সাংবাদিক, লেখক ও মুক্তিযুদ্ধ প্রবাসী। (লেখাটি বাংলাদেশ প্রতিদিন থেকে সংগৃহিত। শেখ হাসিনার বিরুদ্ধে মৃত্যুদণ্ডের রায়ের একদিন আগের লেখা)

## শেখ হাসিনার ফাঁসির রায় এবং তাঁর রাজনৈতিক মৃত্যু

৫ পৃষ্ঠার পর

তৈরির জন্য বাংলাদেশের জনগণের সঙ্গে সম্পর্ক তৈরি করতে চায়, তাহলে শেখ হাসিনার ব্যাপারে তাদের সিদ্ধান্ত পুনর্বিবেচনা করতে হবে।

মৃত্যুদণ্ডবিরোধী অবস্থানের কারণে জাতিসংঘ এবং আন্তর্জাতিক সংস্থার মাধ্যমে শেখ হাসিনাকে ফেরানোর জন্য ভারতের ওপর চাপ তৈরি করা প্রায় অসম্ভব হবে। তবে বাংলাদেশ সরকারের উচিত হবে সরাসরি ভারত সরকারের ওপর শেখ হাসিনাকে হস্তান্তরের জন্য চাপ তৈরি করা। ভারত সরকারকে ভাবতে হবে, তারা যদি শেখ হাসিনার সময়ের মতো শুধু একজন ব্যক্তি বা একটি দলের সঙ্গে সম্পর্ক না করে একটি টেকসই দ্বিপক্ষীয় সম্পর্ক তৈরির জন্য বাংলাদেশের জনগণের সঙ্গে সম্পর্ক তৈরি করতে চায়, তাহলে শেখ হাসিনার ব্যাপারে তাদের সিদ্ধান্ত পুনর্বিবেচনা করতে হবে।

শেখ হাসিনার বিচার নিয়ে আন্তর্জাতিক মহলে কিছু প্রশ্ন তৈরি হতেই পারে। জাতিসংঘসহ পশ্চিমা বিশ্ব মৃত্যুদণ্ডের বিরুদ্ধে। এটা ছাড়াও মানবতাবিরোধী অপরাধের মতো কোনো অপরাধে কারও অনুপস্থিতিতে বিচার আন্তর্জাতিক মানদণ্ডের বরখেলাপ হিসেবেই দেখা হয়। রোম স্ট্যাটিউটেও কোনো অভিযুক্তের বিরুদ্ধে বিশেষ পরিস্থিতিতে অভিযোগ নিশ্চিতকরণের শুনানি কারও অনুপস্থিতিতে হতে পারে, কিন্তু মূল বিচার এবং শুনানি অভিযুক্তের অনুপস্থিতিতে হওয়ার কোনো সুযোগ নেই।

আমরা আশা করতে পারি, সরকার, বিশেষ করে প্রধান উপদেষ্টা তাঁর আন্তর্জাতিক অবস্থানকে ব্যবহার করে এসব চাপ সামাল দিতে পারবেন। জাতিসংঘের মানবাধিকার হাইকমিশনকে দিয়ে একটি পূর্ণাঙ্গ তদন্ত করানো শেখ হাসিনার বিচারের ক্ষেত্রে অন্তর্বর্তী সরকারের একটা অসাধারণ সিদ্ধান্ত হিসেবে বিবেচিত হবে।

সেই তদন্তের রিপোর্টে সংস্থাটি জানিয়েছিল, জুলাই গণ-অভ্যুত্থানের সময় বাংলাদেশে উচ্চমাত্রায় মানবতাবিরোধী অপরাধ সংঘটিত হয়েছিল। এসব অপরাধের সিদ্ধান্ত, নেতৃত্ব, পরিচালনা এবং সমন্বয়ের ক্ষেত্রে শেখ হাসিনাই ছিলেন প্রধান ব্যক্তি। সময়ই বলবে শেখ হাসিনাকে এনে রায় কার্যকর করা যাবে কি না, তবে সেটা করা না গেলেও এই রায়ের মাধ্যমে এটা নিশ্চিত হলো শেখ হাসিনার রাজনৈতিক ভবিষ্যৎ এখানেই শেষ হচ্ছে। দল হিসেবে আন্তর্জাতিক আদালতে আওয়ামী লীগের বিচার হওয়ার কথা আলোচনায় আছে। আলোচনার সুবিধার জন্য যদি এটা ধরেও নিই যে, সেই বিচারে আওয়ামী লীগের বিরুদ্ধে সংগঠন হিসেবে মানবতাবিরোধী অপরাধের প্রমাণ না পেয়ে দলটিকে নিষিদ্ধ করা হলো না।

তারপরও এটা বলতেই হচ্ছে যে, বয়স শেখ হাসিনার পক্ষে নেই। আর এই রায়ের পর সেই প্রেক্ষাপট তৈরি হলেও বাংলাদেশে ফিরে এসে শেখ হাসিনার পক্ষে দলের নিয়ন্ত্রণ গ্রহণ করা এবং নেতৃত্ব দেওয়া একেবারেই অসম্ভব হবে বলে মনে হয়। কিছু অডিও বক্তব্যের মাধ্যমে (তাঁর পরাজিত চেহারা দেখাবেন না বলে তিনি ভিডিও বার্তায় আসবেন না সম্ভবত) তিনি হয়তো উসকানি দিয়ে যেতে পারবেন, যা আদতে তাঁর দলের প্রতি নেতিবাচক প্রভাবই ফেলবে।

শেখ হাসিনা এবং তাঁর ক্ষমতার কেন্দ্রে থাকা মানুষদের অনেকটা চেনা আছে বলেই এটা অপ্রত্যাশিত নয় যে তাঁরা সেই সময়ে মানবতাবিরোধী অপরাধের সঙ্গে জড়িতরা কোনোভাবে তাঁদের দায় স্বীকারের আশপাশেও যাবেন না। কিন্তু দলটির সমর্থকদের একটা বড় অংশ এখনো শেখ হাসিনা এবং তাঁর সহযোগীদের অপরাধের মাত্রা এবং ব্যাপ্তি অনুধাবন করছেন না; এটা হতাশার। এই রায় সাধারণ সমর্থকদের মনে কিছু ভিন্ন চিন্তার উদ্রেক করবে বলে আশা করতে চাই আমরা।

মানুষ রাষ্ট্র তৈরি করেছিল এমন একটা ব্যবস্থা নিশ্চিত করতে, যার মাধ্যমে সব মানুষ কিছু নিয়মনীতির মধ্যে বসবাস করবে এবং এর ব্যত্যয় হলে ন্যায়বিচার নিশ্চিত করার মাধ্যমে রাষ্ট্র ও সমাজে নজির স্থাপিত হবে। কোনো রাষ্ট্র যদি ন্যায়বিচার করতে ব্যর্থ হয়, বিশেষ করে মানবতাবিরোধী অপরাধের মতো ক্ষেত্রে, সেটা সেই রাষ্ট্রের আর যেকোনো বিচার করার অধিকারকেই প্রশ্নবিদ্ধ করে। আমরা স্মরণ রাখব মার্টিন লুথার কিং এর বিখ্যাত উক্তি-'যেকোনো অবিচারই সব ক্ষেত্রে ন্যায়বিচারের জন্য হুমকি।'

জাহেদ উর রহমান: শিক্ষক ও রাজনৈতিক বিশ্লেষক।

## রুনা লায়লার 'মাস্ত কালান্দার'-এর পেছনের গল্প জানেন কি

৪৬ পৃষ্ঠার পর

'লাল শাহবাজ কালান্দার', যার প্রতিটি অংশের আলাদা আলাদা অর্থ রয়েছে। তিনি লাল বা গেরুয়া রঙের পোশাক পরতেন। আবার প্রিয়জন বোঝাতেও ব্যবহার করা হয় 'লাল' শব্দ। সুফিবাদে লাল রং ভক্তি, প্রেম ও আধ্যাত্মিক শক্তির প্রতীক। 'লাল' শব্দটি তাই লাল শাহবাজ কালান্দারের যৌবন, তাঁর কিংবদন্তি রক্তিম আভা কিংবা তাঁর লাল পোশাকরূপবিভূতির দিকেই ইঙ্গিত করে। শাহ অর্থ রাজা, বাজ বলতে বাজপাখি। সাধক হিসেবে তাঁর উচ্চমান আর আধ্যাত্মিকতাকে বোঝাতে তাঁকে শাহবাজ বলা হয়। কালান্দার ভ্রাম্যমাণ সুফিসাধক। দুনিয়ার মোহ থেকে মুক্ত বোঝাতেও বলা হয়ে থাকে। তাই 'লাল শাহবাজ কালান্দার' নামের মধ্যেই তাঁর প্রতি ভক্তদের শ্রদ্ধা ও ভালোবাসা লুকিয়ে আছে।

লাল শাহবাজ কালান্দার ইরানের মারওয়ান্দ অঞ্চলে আনুমানিক ১১৭৭ সালের দিকে জন্মগ্রহণ করেন। তরুণ বয়সে আধ্যাত্মিক সাধনা ও জ্ঞানার্জনের জন্য তিনি মধ্যপ্রাচ্য ও উপমহাদেশের বিভিন্ন জায়গা ভ্রমণ করেন। অবশেষে পাকিস্তানের সিন্ধু প্রদেশের সেহওয়ান শরিফে এসে স্থায়ী হন। এখানেই তিনি মানুষের মধ্যে আধ্যাত্মিক জ্ঞান প্রচার করেন। ১২৭৪ সালে তিনি সেহওয়ান শরিফে মৃত্যুবরণ করেন। সেহওয়ান শরিফে তাঁর দরগাহ দক্ষিণ এশিয়ার অন্যতম গুরুত্বপূর্ণ সুফি তীর্থস্থান।

'মাস্ত কালান্দার' গান : 'দামা দাম মাস্ত কালান্দার'-এর প্রতিটি শব্দ ভক্তি, প্রেম, আধ্যাত্মিক উচ্ছ্বাস এবং আনন্দ প্রকাশ করে। পাঞ্জাবি ভাষায় রচিত গানটির কয়েকটি লাইনের অর্থ জানা যাক, 'ও লাল মেরি, পাট রাখিওবালা, ঝুলেলালান/ সিন্দরি দা, সেহওয়ান দা, সাখি শাহবাজ কালান্দার। দামা দাম মাস্ত কালান্দার/ আলী দা পেহলা নাম্বার'। এর অর্থ হলো 'হে আমার লাল, আমাকে সর্বদা রক্ষা করো, ঝুলেলাল। সিন্ধ ও সেহওয়ানের বন্ধু, প্রিয়জন শাহবাজ কালান্দার। প্রতি শ্বাসে, প্রতি মুহূর্তেকালান্দার মগন। সবার আগে আলী (রা.)।' এ ছাড়া গানে আছে 'হার দম পীরা তেরে খের হোভে/ নাম-এ-আলী বেদা পার লাগা ঝুলে লালান', যার অর্থ 'হে পীর, তোমার নাম সর্বদা কল্যাণে ভরা থাকুক। আলী (রা.)-এর নামে, আমার নৌকাকে তীরে পৌঁছে দাও, প্রিয় ঝুলেলাল।'

গানটি হিন্দু-মুসলমান ঐক্যেরও সংগীত। মুসলমানদের কাছে তিনি ছিলেন হজরত শাহবাজ কালান্দার; হিন্দুদের কাছে ঝুলেলাল। সিন্ধি হিন্দুরা তাঁকে স্নেহভরে 'ঝুলেলাল' নামেও ডাকত। কারণ, তারা বিশ্বাস করত, সমুদ্র বা পানির দেবতা 'ঝুলেলাল' তাঁর মধ্যে পুনর্জন্ম লাভ করেছে। সিন্ধিরা যেহেতু সমুদ্রগামী মানুষ আর ঝুলেলাল হলেন সমুদ্রের রক্ষাকর্তা, তাই এখানে একটি বিনম্র প্রার্থনা লুকিয়ে আছে। সিন্ধি জনগোষ্ঠীর কাছে ঝুলেলাল অত্যন্ত পূজনীয়। স্থানীয় হিন্দুরা তাঁকে জলদেবতা বরুণের অবতার মনে করেন। মুসলিমরাও তাঁকে শ্রদ্ধা করেন। সিন্ধি জনগোষ্ঠীর জীবন ও সংস্কৃতি যেহেতু সিন্ধু নদকেন্দ্রিক, তাই নদের রক্ষক হিসেবে ঝুলেলাল পুরো অঞ্চলের এক সম্মিলিত আধ্যাত্মিক প্রতীকে পরিণত হন। এমনকি ভারত ও পাকিস্তান দুই দেশের মধ্যে রাজনৈতিক বৈরিতা থাকলেও কাঁটাতার অতিক্রম করে দুই দেশেই জনপ্রিয়তা পায় গানটি। 'দামা দাম মাস্ত কালান্দার' শুধু একটি গান নয়; এটি প্রতিষ্ঠিত শক্তির বিরুদ্ধে বিদ্রোহ, ধর্মীয় সহিষ্ণুতা ও সাংস্কৃতিক ঐক্যের প্রতীক। গানটি যেন এই উপমহাদেশের মানুষের প্রতি বার্তাপ্রেম, সংগীত আর নৃত্য কখনো বিভাজনের কাছে হার মানে না। হিন্দু ও মুসলমানভুক্তির ভাবধারার মূল্যবোধ একই বাক্যের মধ্যে মিলিত হয়েছে। গানটি সাধক ও ভক্তদের মধ্যে এক আধ্যাত্মিক যোগ তৈরি করে। ভক্তিমূলক গানটির সৌন্দর্য হলো এটি ধর্মীয় পার্থক্যকে অতিক্রম করে যায়। তাই তো উপমহাদেশে ধর্ম-বর্ণনির্বিশেষে সব মানুষের মধ্যে এটি জনপ্রিয়।

যাঁরা গেয়েছেন : লাল শাহবাজ কালান্দারের দরগাহ ঘিরে প্রচলিত কিংবদন্তি, তেরো শতকে মূল গানটি রচনা করেন সুফি কবি আমির খসরু। পরে আঠারো শতকে আরেক পাঞ্জাবি কবি ও বিপ্লবী বুল্লে শাহ এটি পরিমার্জন করেন। সাধারণ মানুষের কাছে জনপ্রিয় হওয়ার অনেক আগে থেকেই শাহবাজ কালান্দারের দরগাহে এই গান গাওয়া হতো। ১৯৫৬ সালে কিছু কথা বদল করে পাকিস্তানি ছবি 'জানবাজ'র জন্য গানটির একটি 'ধামাল' (একধরনের সুফি নৃত্যানুষ্ঠান) সংস্করণ তৈরি করেন সুরকার আশিক হুসাইন। এটিতে কণ্ঠ দেন ইনায়েত হোসেন ভাট্টি, ফজল হুসেন এবং এ আর বিসমিল। পরে ১৯৬৯ সালে 'দিলান দে সৌদে' ছবির জন্য এটিতে আরও কিছুটা পরিবর্তন আনেন নাজির আলী। নূরজাহানের কণ্ঠে ব্যাপক পরিচিতি পায় এই সংস্করণ। পরে নানা সময়ে বহু শিল্পী ও সুরকার এই সুফিগান করেছেন। পাকিস্তানে এই গান গেয়েছেন নুসরাত ফতেহ আলী খান, আজিজ মিয়াঁ, আবিদা পারভীন, শাজিয়া খুশক, সাবরি ব্রাদার্স, রেশমা, কোমল রিজভি, জুনুন।

ভারতের হংসরাজ হংস, ওয়াদালি ব্রাদার্স, হরশদীপ কৌর, মুরাদ সিদ্দিকি, আশিস চিনাই, অমিত কুমার, বাবা সেহগাল ও অলকা ইয়াগনিক, রেখা ভরদ্বাজ, রাশি মলিক মতবাদীকরাও এটি গেয়েছেন।

বাংলাদেশ থেকে এটি গেয়েছেন রুনা লায়লা, দুই দফা। প্রথমবার কবে গেয়েছিলেন, সেটা তাঁর এখন আর মনে নেই। তবে প্রথম অ্যালবামের জন্য রেকর্ড করেছিলেন ১৯৭০ সালে, নিসার বাজমির সংগীতায়োজনে আর কোক স্টুডিও বাংলার জন্য সায়ান চৌধুরী অর্ণব ও আদিত রহমানের প্রযোজনায় গাইলেন সম্প্রতি।

তবে অনেকে গাইলেও নূরজাহান, আবিদা পারভীন, শাজিয়া খুশক ও রুনা লায়লার কণ্ঠেই গানটি পরিচিতি পেয়েছে বেশি। 'দামা দাম মাস্ত কালান্দার' শুধু একটি গান নয়; এটি প্রতিষ্ঠিত শক্তির বিরুদ্ধে বিদ্রোহ, ধর্মীয় সহিষ্ণুতা ও সাংস্কৃতিক ঐক্যের প্রতীক। গানটি যেন এই উপমহাদেশের মানুষের প্রতি বার্তাপ্রেম, সংগীত আর নৃত্য কখনো বিভাজনের কাছে হার মানে না। তথ্য, জেকান ক্রনিকল অবলম্বনে

## হাসিনার দণ্ড : ভারতের সঙ্গে সম্পর্কে কী প্রভাব ফেলবে

১২ পৃষ্ঠার পর

অভিপ্রেত পেনীর নয় তথা ভারতের হস্তগত হয়েছে বলে অভিজ্ঞ মহল মনে করে।

সুতরাং শেখ হাসিনাকে এখন ভারত দাবার ঘুঁটি হিসাবে বাংলাদেশের বিরুদ্ধে কাজে লাগাবে। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় শেখ হাসিনাকে ফেরত চেয়ে কয়েক দফা আনুষ্ঠানিক পত্র ভারতকে দিয়েছে। ভারত সেসব উপেক্ষা করে চলেছে। এটা কূটনৈতিক শিষ্টাচারবহির্ভূত দাম্ভিক আচরণ। সুতরাং 'স্বংগ্রহস্বরূপ অংশের'-কে ভারতের হাতছাড়া করার কোনো সম্ভাবনা আছে বলে মনে হয় না।

আগামীতে আওয়ামী লীগকে ক্ষমতাসীন করে শেখ হাসিনাকে বাংলাদেশে পাঠানোর লক্ষ্যে ভারত কাজ করছে বলে মনে করা হচ্ছে।

মনে রাখতে হবে, বাবরি মসজিদ ধ্বংসের মাধ্যমে উগ্র হিন্দু সম্প্রদায়ের দল আরএসএস/বিজেপি ভারতের রাজনীতির মাঠ দখলে নেয়। ২০০২ সালে তারা গুজরাটে ২০০০ মুসলিম নিধনের মাধ্যমে দিল্লির ক্ষমতা দখলের পথ করে নেয়। ২০১৪ সালে বিজেপি কেন্দ্রীয় শাসক হিসাবে ক্ষমতায় আসার পর থেকেই ভারতে মুসলমানদের ওপর অত্যাচারের খড়গ নেমে আসে। নির্বাচনের সময় এর মাত্রা অনেক বেড়ে যায়। মুসলিমপ্রধান দেশ বাংলাদেশের জন্য এটি গভীর উদ্বেগের একটি বিষয়। প্রতিবেশী দেশে যদি মুসলিম নিধনযজ্ঞ চলে, তাহলে অবশ্যই বাংলাদেশ-ভারতের সম্পর্কে আরও ফাটল ধরবে।

লেখক: সাবেক রাষ্ট্রদূত।

## বিভেদ নয়, মুক্তিযোদ্ধাদের ঐক্য চাই

১০ পৃষ্ঠার পর

যাওয়া ব্যবস্থা ও আমলাদের এক প্রকার ষড়যন্ত্রেরই ফসল। তবে বিভেদ করে নয়, মুক্তিযোদ্ধাদের ঐক্য গড়ে তুলে এবং সেই ঐক্যকে গণতন্ত্রকামী প্রগতিশীল সব রাজনৈতিক দলের সঙ্গে বৃহত্তর জাতীয় ঐক্যে পরিণত করে গণমানুষের কাঙ্ক্ষিত প্রত্যাশা পূরণ করতে হবে। প্রমাণ করতে হবে- 'দেশ ও জনগণের অতন্দ্র প্রহরী বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ'।

দেশটি মুক্তিযুদ্ধের ফসল। কিন্তু ভারতের পাশাপাশি সাম্রাজ্যবাদী-পুঁজিবাদী বিশ্বব্যবস্থায় পরিচালিত বৃহৎ শক্তিগুলোর আধিপত্য বিস্তারের তৎপরতা এখনও বিদ্যমান। এ সুযোগে তাদের তাঁবেদার স্বাধীনতাবিরোধী ব্যবসায়ী রাজনীতিক ও জ্ঞানপাপীরা মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধা সংসদকে প্রশ্নবিদ্ধ করার পাশাপাশি একাত্তরকে চব্বিশের মুখোমুখি দাঁড় করানোর কৌশলী চেষ্টা চালাচ্ছে। দেশি-বিদেশি ষড়যন্ত্র ও কৌশলী কার্যকলাপ রোধে মুক্তিযোদ্ধাদের ঐক্যবদ্ধ হতে হবে। মুক্তিযোদ্ধা সংসদ পুনর্গঠন প্রক্রিয়ায় কোনো রাজনৈতিক দলের পদাধিকারী নেতা সংসদের নেতৃত্বে নেই। এটি একটি সুযোগ বিশেষত দলীয় আনুগত্যের বাইরে অবস্থানকারী মুক্তিযোদ্ধাদের জন্য। এখন ভুয়া মুক্তিযোদ্ধাদের (অমুক্তিযোদ্ধা) আখড়ায় পরিণত করা যাবে না মুক্তিযোদ্ধা সংসদকে। বরং মুক্তিযোদ্ধাদের প্রশ্নবিদ্ধ করা দালাল নেতাদের চিহ্নিত করা সহজ হতে পারে। এ প্রক্রিয়ায় যুক্ত হয়ে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদকে দেশ ও জনগণের অতন্দ্র প্রহরী হিসেবে গড়ে তোলাই হবে এখন জাতীয় ঐক্যকামী সব মুক্তিযোদ্ধার দায়িত্ব।

এসকে মজিদ মুকুল: মুক্তিযোদ্ধা-সাংবাদিক।






## বেকার আলাপে গড্ডলিকা প্রবাহ

৬ পৃষ্ঠার পর

ও রাষ্ট্র যখন চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেয়-তুমি সংখ্যালঘু-তখন আসলে আপনি না ভেবে পারবেন না। এক যে সংবিধান সংস্কারের কথা বলা হচ্ছে, কোথাও তো এই বড় বড় নতুন সংবিধান বিশেষজ্ঞদের বলতে শুনলাম না, সংবিধানে কোনো বিশেষ ধর্মের প্রতি পক্ষপাতিত্ব থাকবে না। রাষ্ট্র কোনো ধর্মের হতে পারে না। রাষ্ট্র হবে সব ধর্ম ও সব জাতিগোষ্ঠীর মানুষের। দেশে তো জাতিগতভাবে ক্ষুদ্র নৃগোষ্ঠীরাও সংখ্যালঘু। তাদের ব্যাপারেও তো একই রকম অবহেলা ও অবজ্ঞা নজরে পড়ে। একে তো ইদানীং রাস্তাঘাটে চলাচলই হয়ে পড়েছে অত্যন্ত বিপজ্জনক। পায়ের দিক থেকে শুরু করে নির্মাণাধীন ভবনের ইট কিংবা মেট্রোরেলের বিয়ারিং প্যাড, যেকোনো জিনিস যেকোনো সময় মানুষের মাথায় এসে পড়তে পারে এবং আপনি প্রাণ হারাতে পারেন। তার ভেতর এখন যুক্ত হচ্ছে রাজনৈতিক অস্থিরতা। সকাল-বিকেল বাসে আগুন, গাড়িতে আগুন। নির্বাচন যত ঘনিয়ে আসছে ততই যেন আমরা নাগরিক নিরাপত্তা হারাতে দেখছি।

একদিকে সংখ্যালঘুরা নিরাপত্তাহীনতার ভেতর আছে, অপর দিকে রাষ্ট্রীয়ভাবেও নাগরিকেরা তীব্র রকমভাবে বঞ্চিত ও অনিরাপদ। ডেঙ্গুর প্রকোপ বেড়েছে, প্রতিদিন মানুষ আক্রান্ত হচ্ছে ও মারা যাচ্ছে। তারপরও দেখবেন দায়িত্বশীল ব্যক্তিরা বেকার আলাপ করে সমাজে শুধু নিরর্থক প্রতিক্রিয়া সৃষ্টি করছেন তা নয়, প্রতিবেশী দেশকেও খেপিয়ে তুলছেন। হাইডেগার বেঁচে থাকলে এ ধরনের আলাপকে বলতেন উন্মাদনিমূলক প্রলাপ। সরকারের দায়িত্বে থাকা মানে দেশের মানুষের জানমালের নিরাপত্তার দায়িত্ব নেওয়া। কেবল তা-ই নয়, মানুষের গণতান্ত্রিক অধিকার নিশ্চিত করা এবং একই সঙ্গে আন্তর্জাতিকভাবে দেশের ভাবমূর্তিকে ঊর্ধ্বে তুলে রাখা। অথচ পরিতাপের সঙ্গে আমরা লক্ষ করছি, এসব পদে বসে থাকা মানুষেরা নিজেদের ব্যর্থতা ঢাকতে একের পর এক মিথ্যাচার শুধু না, প্রলাপ বকে যাচ্ছেন। এ থেকে বোঝা যায়, হয় তাঁরা গভীর চিন্তা করতে অক্ষম, নয়তো গভীরভাবে চিন্তা করেই দেশের ভেতর ও বাইরে একধরনের নৈরাজ্য সৃষ্টি করতে চান। গড্ডলকে ব্যস্ত রাখাই যেন তাঁদের একমাত্র কর্তব্য। যেন গড্ডলেরা মানুষের মতো চিন্তা করতে না পারে। যেন তাঁদের ফাঁকফোকরগুলো নিয়ে মানুষ কার্যকর আলাপ করতে না পারে।

আমাদের দেশের পুরো কর্মকাণ্ড পাখির দৃষ্টিতে দেখলে হাস্যরসের সৃষ্টি করবে, কারণ, আমাদের দেশের মানুষের যেটা অত্যন্ত প্রয়োজন, মানুষ হিসেবে বেঁচে থাকার প্রাথমিক শর্তগুলো পূরণ করা, সেগুলোই আমরা এখন পর্যন্ত পূরণ করতে পারিনি। সরকারি হাসপাতালে উঁকি দিলেই এই কথার কিছুটা সত্যতা মিলবে। ফুটপাতের দিকে তাকালেও বোঝা যাবে ন্যূনতম নাগরিক সুযোগ-সুবিধার কতটুকু আমরা পাই। একটি দেশে যে ব্যাপক বৈষম্য, অনিয়ম ও বঞ্চনা রয়েছে, সে সম্পর্কে মানুষকে অচেতন করে রাখা যাচ্ছে, এর পেছনের কারণ একটি প্রক্রিয়ার ভেতর দিয়ে তাদের গড্ডলে পরিণত করা হয়েছে। এই গড্ডলকে রাজনৈতিক ফায়দা আদায়ের জন্য শুধু ব্যবহার করা হয়। এই ব্যবহৃত গড্ডল কবে মানুষ হয়ে উঠবে, তা একমাত্র ওই গড্ডলই জানে।

লেখক: প্রাবন্ধিক ও চলচ্চিত্র গবেষক।

## জীববৈচিত্র্য রক্ষায় ইসলাম

২৫ পৃষ্ঠার পর

পরিবেশকে মানবসৃষ্ট সব কৃত্রিম নিয়মনীতি ও অনিষ্ট থেকে বাঁচিয়ে রাখতে পারলে জীববৈচিত্র্যে কোনো নেতিবাচক প্রভাব পড়বে না। গ্রীন হাউজ এফেক্ট বা পরিবেশ বিপর্যয়ের মতো অভাবনীয় সংকট থেকে বাঁচতে হলে প্রকৃতিকে তার আসল চরিত্র ও নিজস্ব অবস্থায় অক্ষত রাখতে হবে। যদি নিজেরাই জীববৈচিত্র্যে নেতিবাচক প্রভাব ফেলি, আল্লাহ প্রদত্ত নেয়ামতকে যথার্থ ও যথানির্দিষ্ট পদ্ধতিতে ব্যবহার না করি, তাহলে পরিবেশ আমাদের সঙ্গে বিরূপ আচরণ করবে। পৃথিবী হারিয়ে ফেলবে তার নিজস্ব রূপ, গতিময়তা ও কাঠামো। আল্লাহতায়ালা বলেন, 'জলে-স্থলের সব বিপদ মানুষের হাতের কামাই। যাতে তারা তাদের কৃতকর্মের কুফল ভোগ করে এবং তা থেকে ফিরে আসে।' (সুরা রুম : ৪১)।

বনাঞ্চল ও বৃক্ষভূমি বৃদ্ধির গুরুত্ব : প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় প্রধানত গাছপালা, তরুলতা, জলবায়ু, জীবজন্তু ও পশুপাখির যথার্থ সংরক্ষণ ও উপযুক্ত ব্যবহারবিধি নিশ্চিত করা দরকার। রাসুল (সা.) পরিবেশ ও প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় যে নির্দেশনা দিয়েছেন, তা সর্বকালে সমানভাবে টেকসই ও প্রযোজ্য। বনাঞ্চল ও বৃক্ষভূমি বৃদ্ধির ক্ষেত্রে রাসুল (সা.) ব্যাপক উৎসাহিত করেছেন। তিনি গাছপালা রোপণের প্রতি অত্যধিক গুরুত্বারোপ করেছেন। রাসুল (সা.) বলেন, 'যদি কারও হাতে রোপণ করার কোনো চারা থাকে, এমতাবস্থায় কেয়ামত এসেও যায় এবং রোপণ করার সময় পাওয়া যায়, তাহলে তা রোপণ করা ছাড়া সে যেন দাঁড়িয়ে না থাকে।' (উমদাতুল কারি : ১২/১৫৪)। অন্য এক হাদিসে রাসুল (সা.) বৃক্ষরোপণকে সদকায়ে জারিয়া বা ধারাবাহিক পুণ্যের আমল হিসেবে আখ্যা দিয়েছেন। তিনি বলেন, 'যে ব্যক্তি অন্যায়-জুলুম না করে কিছু নির্মাণ করল অথবা কোনো চারা রোপণ করল, যতদিন পর্যন্ত আল্লাহর সৃষ্টি তা থেকে উপকৃত হবে, ততদিন রোপণকারী সওয়াব পেতে থাকবে।' (উমদাতুল কারি : ১২/১৫৫)।

উদ্ভিদ প্রকৃতির প্রধানতম প্রাণ : উদ্ভিদের মাধ্যমে পরিবেশ, প্রাণী ও আবহাওয়া সপ্রাণ থাকে। উদ্ভিদবিজ্ঞানীদের মতে, প্রতিটি দেশে মোট ভূখণ্ডের ২৫ শতাংশ বনভূমি থাকা জরুরি। কারণ পরিবেশ বিপর্যয়ের বড় কারণ হলো, প্রত্যেক ভূখণ্ডে পর্যাপ্ত বনভূমি না থাকা। রাসুল (সা.) একদিকে বনভূমি বৃদ্ধির তাগিদ দিয়েছেন, অন্যদিকে গাছপালা কাটা ও বন উজাড় করার ক্ষেত্রে কঠোর নিষেধাজ্ঞা আরোপ করেছেন। তিনি বলেন, 'যুদ্ধক্ষেত্রেও তোমরা কোনো খেজুরগাছ বা অন্যান্য উদ্ভিদ কেটে ফেলো না।' (এরশাদুল ফকিহ : ২/৩২০)।

পানির অপচয় রোধ ও পানিতে বর্জ্যত্যাগ পরিহার : জলবায়ু পরিবর্তন, আবহাওয়ার চরম বৈরিতা ও জলদূষণ দূরীকরণে রাসুল (সা.)-এর নির্দেশনা মেনে চললে সহজে ও কার্যকরীভাবে পরিবেশের ভারসাম্য রক্ষা করা যাবে। কারণ পানির অপচয় রোধ ও পানিতে সবধরনের আবর্জনা ও বর্জ্যত্যাগ পরিহার করলে আবহাওয়াজনিত দূষণ থেকে বেঁচে থাকা সহজ। আর পানির অপচয় রোধে রাসুল (সা.) খুব যত্নবান ছিলেন।

একবার সাদ (রা.) অজুতে অতিরিক্ত পানি ব্যবহার করছিলেন; রাসুল (সা.) তাকে বললেন, 'সাদ! পানির অপচয় করছ কেনো?' তিনি বললেন, 'অজু করার ক্ষেত্রেও কী অপচয় হয়?' রাসুল বললেন, 'অবশ্যই। এমনকি তুমি যদি বহমান নদী বা সাগরে বসেও অজু করো, তাহলেও অতিরিক্ত পানি ব্যবহার অপচয় হিসেবে গণ্য হবে।' (সুনানে ইবনে মাজাহ : ৪১৯)।

যত্রতত্র মলমূত্র ত্যাগ জলবায়ু দূষণের কারণ : যত্রতত্র মলমূত্র ত্যাগ জলবায়ু দূষণের অন্যতম কারণ। সেজন্য রাসুল (সা.) ছায়াদার গাছের নিচে, মানুষের চলাচলের রাস্তায় ও স্থির পানিতে মলমূত্র ত্যাগ করতে নিষেধ করেছেন। তিনি বলেন, 'তোমরা দুই অভিশপ্ত লোক থেকে বেঁচে থাকো।' সাহাবিরা বললেন, 'তারা কে কে?' তিনি বললেন, 'যে ব্যক্তি লোকদের হাঁটাচলার রাস্তায় মলমূত্র ত্যাগ করে এবং যে মানুষের ছায়া গ্রহণস্থলে পায়খানা-প্রস্রাব করে।' (মুসলিম : ১/১৮৮)। আরেক হাদিসে রাসুল (সা.) বলেন, 'তোমাদের কেউ যেন স্থির পানিতে প্রস্রাব না করে।' (মুসলিম : ১/৭৩)।

পরিচ্ছন্ন পরিবেশ মুক্তির সোপান : ঘরবাড়ি, আঙিনা, রাস্তাঘাট ও শহর-বন্দর পরিষ্কার-পরিচ্ছন্ন থাকলে পরিবেশ বিপর্যয়মুক্ত হবে। পরিচ্ছন্নতার অভাবেই পৃথিবীর অনেক দেশ, অসংখ্য শহর ও নানা ভূখণ্ড ধীরে ধীরে বসবাসের উপযোগিতা হারিয়ে ফেলছে। পরিণত হচ্ছে জনজীবন বিপন্নকারী হিসেবে। এ ব্যাপারেও রাসুল (সা.) যথার্থ দিকনির্দেশনা প্রদান করেছেন। তিনি বলেন, 'তোমরা তোমাদের আঙিনা পরিষ্কার রাখো, ইহুদিরা তাদের বসবাসস্থলের চারপাশ অপরিচ্ছন্ন রাখে।' (তাবারানি : ২/১১)।

পশুপাখি ও জীবজন্তুর মাধ্যমে পরিবেশের বিপর্যয় রোধ : পশুপাখি ও জীবজন্তু দ্বারা ব্যাপকভাবে পরিবেশের বিপর্যয় রোধ হয়। আল্লাহতায়ালা আমাদের পরিচিত-অপরিচিত অসংখ্য জীবজন্তু সৃষ্টি করে পৃথিবীর ভারসাম্য ঠিক রেখেছেন। মানুষ যদি অহেতুক প্রাণীহত্যার সংস্কৃতি চালু করে, তা হবে পরিবেশ বিপর্যয়ের বড় কারণ। এ জন্য রাসুল (সা.) কোনো প্রাণী অযথা মেরে ফেলা থেকে বিরত থাকতে নির্দেশ দিয়েছেন। তিনি বলেন, 'কেউ যদি চড়ুই পাখি বা তার চেয়ে ছোট কোনো প্রাণীকেও অকারণে হত্যা করে, কেয়ামতের দিন তাকে জবাবদিহিতা করতে হবে।' (মিরকাত : ২৬৫৮)।

## শিশুদের স্পিচ থেরাপি কখন দরকার হয়

২০ পৃষ্ঠার পর

প্রক্রিয়ার কোনোটিতে বিচ্যুতি হলেই শিশুর কথা বলা বিলম্বিত হতে পারে। শিশু যদি কানে কম শোনে অথবা শ্রবণপ্রতিবন্ধী হয়।

শিশুর যদি স্নায়ুর বিকাশজনিত সমস্যা থাকে, যেমন: সেরিব্রাল পালসি, অটিজম, বুদ্ধিপ্রতিবন্ধিতা।

বিভিন্ন ধরনের সিনড্রোমিক চাইল্ড, বিশেষ করে ডাউন সিনড্রোমের রোগীদের মধ্যে এটি বেশি দেখা যায়।

বিভিন্ন ধরনের ডেভেলপমেন্টাল ল্যাঙ্গুয়েজ ডিজঅর্ডার যেমন তোতলানো, সিলেকটিভ মিউটিজম ইত্যাদি কারণেও শিশুর স্পিচ ডিলে হতে পারে।

এ ছাড়া মুখগহ্বরের বিভিন্ন সমস্যা যেমন টাং টাই, তালুকাটা, ঠোঁটকাটা বাচ্চাদেরও কথা বলতে সমস্যা হয় বলে স্পিচ ডিলে হতে পারে।

শিশুদের অতিরিক্ত ইলেকট্রনিক ডিভাইসে বুঁদ হয়ে থাকা। এতে একদিকে যেমন পারস্পরিক যোগাযোগ স্থাপন ব্যাহত হয়, অন্যদিকে বহু ভাষার সংস্পর্শে এসে বিকাশের সময়টায় দুই ভাষার দ্বন্দ্বে অনেক সময় শিশুদের কথা বলা শিখতে দেরি হয়ে যায়।

বর্তমান কালের একক পরিবারগুলোয় শিশুদের কথা বলার সঙ্গীর অভাব। সামাজিক যোগাযোগের সুযোগ কম পাওয়াও শিশুর দেরিতে কথা বলার একটি অন্যতম কারণ।

শিশুর স্পিচ ডিলের চিকিৎসার জন্য সবার আগে দরকার সঠিক কারণ নির্ণয়। এ জন্য শিশুবিশেষজ্ঞ অথবা শিশুস্নায়ুরোগ বিশেষজ্ঞের শরণাপন্ন হতে হবে। এ জন্য শিশুটির ইতিহাস খুব ভালোমতো নিতে হবে।

জন্মের সময় কোনো সমস্যা ছিল কি না, মানসিক বিকাশ ঠিকমতো হচ্ছে কি না, পরিবারে এ ধরনের সমস্যা আর কারও আছে কি না, এসব খুঁজে দেখতে হবে।

এসব ইতিহাস নিয়ে এবং শিশুটিকে খুব ভালোভাবে পর্যবেক্ষণ করে প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা যেমন হিয়ারিং অ্যাসেসমেন্ট বা কানে শোনার পরীক্ষা, সাইকোলজিক্যাল অ্যাসেসমেন্ট বা বুদ্ধি পরীক্ষা এবং শিশুটিকে যদি অটিস্টিক মনে হয় সেই অনুযায়ী কিছু পরীক্ষা করে রোগ নির্ণয় করে সে অনুযায়ী চিকিৎসা করাতে হবে।

শিশুর যদি শ্রবণ সমস্যা থাকে তবে স্পিচ থেরাপির আগে কানের চিকিৎসা করাতে হবে। হিয়ারিং এইড অথবা কক্লিয়ার ইমপ্ল্যান্টেশনের প্রয়োজন হতে পারে। এরপর স্পিচ থেরাপি দিলে শিশুর কথা শিখতে উপকার হয়।

টাং টাই যদি কথা বলার সমস্যা তৈরি করে তবে অস্ত্রোপচারের মাধ্যমে জোড়াটা ছাড়িয়ে পরে স্পিচ থেরাপি দিলেই শিশুর কথা বলতে আর সমস্যা হয় না।

সেরিব্রাল পালসি অথবা শিশুর অন্যান্য বিকাশজনিত সমস্যায় স্পিচ থেরাপি দিলে উন্নতি হয়।

শিশু অটিস্টিক হলে বিভিন্ন ধরনের আর্লি ইন্টারভেনশন থেরাপি, স্পিচ অ্যান্ড ল্যাঙ্গুয়েজ থেরাপি, অকুপেশনাল থেরাপি, স্পেশাল স্কুলিংসহ বিভিন্ন ওষুধের প্রয়োজন হতে পারে শিশুটির চিকিৎসায়।

ডেভেলপমেন্টাল ল্যাঙ্গুয়েজ ডিজঅর্ডার ভাষাজনিত এমন একটি সমস্যা, যেখানে শিশুদের বুদ্ধিমত্তা, শ্রবণক্ষমতা বয়স অনুযায়ী ঠিক থাকলেও কথা বলায় বয়সের তুলনায় পিছিয়ে থাকে।

এর মধ্যে আছে স্ট্যামারিং বা তোতলানো, স্থানভেদে চুপ থাকা। এই সমস্যা পরিবারের অন্য সদস্যদেরও থাকতে পারে। এই শিশুদের স্পিচ থেরাপি দিলে উন্নতি হয়। তাই কথা বলতে দেরি করলে কারণ নির্ণয় করে যত দ্রুত ব্যবস্থা নেওয়া যাবে, তত দ্রুত শিশুটির উন্নতি আশা করা যায়।

লেখক: বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর।

## জাপানিদের দীর্ঘায়ুর রহস্য

২০ পৃষ্ঠার পর

ধারণা জাপানে প্রায় তিন শ বছর ধরে প্রচলিত।

এখনকার ডায়েটের নিয়মগুলো বেশির ভাগই ক্যালরি কমিয়ে খাদ্যতালিকা তৈরির ওপর জোর দেয়। তবে হারা হাচি বুর মতো সহজ নিয়ম আমাদের সচেতনভাবে ও পরিমিত পরিমাণ খাওয়ার কথা বলে।

এই নিয়ম মানলে সুবিধা হলো, এতে কোনো খাবার বাদ দিতে হয় না। ফলে সুষম ও পুষ্টিকর খাবারের চাহিদা পূরণ হয়। যেহেতু অতিরিক্ত খাওয়া ওজন বাড়ার প্রধান কারণ।

তাই হারা হাচি বু সব দিক ঠিক রেখে শুধু ২০ ভাগ কম খাওয়ার মাধ্যমে ওজন কমাতে কাজ করে। এর ফলে শরীর প্রয়োজনীয় পুষ্টি পায়, আবার অতিরিক্ত খাওয়াও সহজে এড়ানো যায়।

মূলত এই অভ্যাস মানলে প্রতিদিনের মোট ক্যালরি গ্রহণ কমে আসে। ফলে এটি দীর্ঘ মেয়াদে বাড়তি ওজন কমাতে ও বডি মাস ইনডেক্স (বিএমআই) কম রাখতে সাহায্য করে।

### হারা হাচি বুর সুবিধা কী কী

ওজন কমানো ছাড়াও এই নিয়ম মানলে শরীরে আরও অনেক ইতিবাচক পরিবর্তন আসে।

১. দীর্ঘজীবী হতে সাহায্য করে

হারা হাচি বু অভ্যাসের সঙ্গে দীর্ঘজীবী হওয়ার সরাসরি সম্পর্ক আছে। ২০১৬ সালের 'আমেরিকান জার্নাল অব লাইফস্টাইল মেডিসিনে' প্রকাশিত এক গবেষণায় এ তথ্য জানা যায়। জাপানের ওকিনাওয়াবাসীরা শতবর্ষী হিসেবে বিখ্যাত।

তাঁরা এই অভ্যাসকেই তাঁদের দীর্ঘজীবনের রহস্য মনে করেন। ডায়েটিশিয়ানদের মতে, অতিরিক্ত খাওয়া এড়িয়ে চলার কারণে কোষের স্বাস্থ্য ভালো থাকে এবং বার্ধক্যপ্রক্রিয়া ধীর হয়।

২. ওজন কমাতে সাহায্য করে

হারা হাচি বুর অন্যতম শিক্ষা মনোযোগসহ খাওয়া। ২০১৫ সালে প্রকাশিত গবেষণায় দেখা যায়, এই অভ্যাস খাবারের ক্রেভিং বা তীব্র আকাঙ্ক্ষা কমায় এবং মানসিক চাপের কারণে অতিরিক্ত খেয়ে ফেলার ঝুঁকিও বাড়তে দেয় না।

বিশেষজ্ঞদের মতে, পেট পুরো ভরে যাওয়ার আগেই থেমে গেলে অপ্রয়োজনীয় ওজন বৃদ্ধির ঝুঁকি কমানো সম্ভব।

৩. হজমশক্তি উন্নত করে

পেট ভরে খেলে পাচনতন্ত্রের ওপর চাপের সৃষ্টি হয়। ফলে পেট ফোলা বা অ্যাসিডিটির সমস্যা দেখা দিতে পারে। হারা হাচি বু পাকস্থলীকে অতিরিক্ত চাপ না দিয়ে খাবার সহজে হজম করতে সাহায্য করে।

বিশেষজ্ঞদের মতে, পরিমিত খাওয়ার ফলে হজমকারী এনজাইম ও অন্ত্রের ব্যাকটেরিয়াগুলো আরও ভালোভাবে কাজ করে। ফলে পুষ্টির শোষণ বাড়ে এবং হজমের সমস্যা অনেক কমে আসে।

৪. দীর্ঘস্থায়ী রোগের ঝুঁকি কমায়

২০২২ সালের জার্নাল অব ইটিং ডিজঅর্ডারসের একটা গবেষণায় দেখা গেছে, প্রক্রিয়াজাত খাবার অতিরিক্ত খেলে হৃদ্‌রোগ ও ডায়াবেটিসের ঝুঁকি বাড়ে। বিশেষজ্ঞরা মনে করেন, হারা হাচি বু অতিরিক্ত খাবার গ্রহণে বন্ধ করে রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণে রাখে।

এ ছাড়া এই পরিমিত খাদ্যাভ্যাস শরীরের প্রদাহ কমিয়ে আনতে সাহায্য করে, ফলে হৃদরোগের ঝুঁকিও কার্যকরভাবে কমে আসে।

৫. কাজের ক্ষমতা বৃদ্ধি করে

বেশি খেলে বেশির ভাগ মানুষের ক্ষেত্রে আলসেমি বা ঘুম ঘুম ভাব দেখা দেয়। কারণ, অতিরিক্ত খাবার খেলে তা হজম করতে শরীরকে অনেক শক্তি খরচ করতে হয়। ফলে শরীর ক্লান্ত হয়ে পড়ে।

হারা হাচি বু নিয়ম মেনে চললে অতিরিক্ত না খেয়ে কেবল শরীরের প্রয়োজনীয় খাবার খাওয়া হয়। তাই সারা দিন শক্তির মাত্রা স্থিতিশীল থাকে এবং কাজে ক্লান্তি আসে না।

### কীভাবে বুঝবেন যে ৮০ ভাগ পেট ভরেছে

পেটটা যে পুরোপুরি ভরা, তা ঠিকঠাক বুঝতে আমাদের মস্তিষ্কের লাগে প্রায় ২০ মিনিট। তাই তাড়াহুড়া না করে ভালোভাবে চিবিয়ে ও বিরতি নিয়ে খান। ছোট থালায় খাবার পরিবেশন করুন। এতে খাবারের পরিমাণ নিয়ন্ত্রণে থাকে এবং অল্প খেলেও প্লেট ভর্তি লাগার অনুভূতি তৈরি হয়।

যখন সত্যিই ক্ষুধা পাবে, তখনই কেবল খেতে শুরু করুন। মানসিক চাপ বা অভ্যাস থেকে খাবেন না।

খাওয়ার সময় টিভি বা মুঠোফোন দেখবেন না। খাবারের দিকে মনোযোগ দিন এবং খাবার ভালোমতো চিবিয়ে স্বাদ উপভোগ করুন।

পুরোপুরি পেট ভরে যাওয়ার অপেক্ষা না করে যখন মনে হবে যে পেট প্রায় ৮০ শতাংশ ভরে গেছে, তখনই খাওয়া বন্ধ করুন।

প্লেটে আগে যতটুকু খাবার নিতেন, তার চেয়ে ২০ ভাগ কম খাবার নিয়ে শুরু করতে পারেন হারা হাচি বু। কিংবা খাবার আগে কিছুটা পানি খেয়ে শুরু করতে পারেন।

### হারা হাচি বু অভ্যাসের পার্শ্বপ্রতিক্রিয়া আছে কি

এই অভ্যাস স্বাস্থ্যের জন্য ভালো হলেও মেনে চলার সময় কিছু ছোটখাটো সমস্যা দেখা দিতে পারে। যদি ঠিকমতো নিয়ম না মানা হয়, তাহলে কেউ কেউ খুব কম খেয়ে ফেলতে পারেন এবং শরীরে প্রয়োজনীয় পুষ্টির অভাব দেখা দিতে পারে।

এ ছাড়া যাঁরা পেট ভরে খেতে অভ্যস্ত, তাঁদের কাছে প্রথমে ৮০ ভাগ খেয়ে থামাটা অস্বস্তিদায়ক লাগতে পারে। তবে নিয়মিত চেষ্টা করলে শরীর এতে অভ্যস্ত হয়ে যায়।

আর ঠিক কতটুকু খেলে পেট ৮০ ভাগ পূর্ণ হবে, তা বুঝতে শুরুতে সমস্যা হলেও নিজের শরীরের প্রতি মনোযোগ দিলে ধীরে ধীরে তা আয়ত্তে আনা সম্ভব।

সব দিক থেকে দেখলে হারা হাচি বু খুব সহজ কিন্তু কার্যকর অভ্যাস। এটি দীর্ঘদিন বাঁচতে ও ওজন কমাতে সাহায্য করে। নিয়মিত চেষ্টা করলে হারা হাচি বু পরিণত হয় আজীবনের স্বাস্থ্যকর অভ্যাসে।

সূত্র: দ্য কনভারসেশন, হেলথ শটস, ক্লিভল্যান্ড ক্লিনিক।


LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372


মহিলাদের জন্য
মহিলা গাইডের
সুব্যবস্থা আছে
KARNAFULLY
TRAVEL INC.
EXCLUSIVE UMRAH
PACKAGE FOR NOVEMBER 2025
JFK-JEDDAH
19TH NOV
MADINA-JFK
29TH NOV.
TOTAL DAYS
9 DAYS
(2 Jummah Makka & Madina)
PACKAGE INCLUDES
1. Round Trip Ticket From Jfk To Jedda & Madina To JFK.
2. 1 Year Multiple Entry Tourist Visa (Us Passport) & Perform Umrah With Guide.
3. 5* Star Hotel Makka & Madina Near to Haram With VIP Breakfast Buffet in Hotel.
4. Full Ground Transportation With Luxury Bus From Jedda Airport To Makka Hotel, Makka To Madina, Madina To Airport.
5. Historical & Religius Tours With Guidance (Makka & Madina).
6. Extra Visit Makka Tayef & Madina Wadi-E-Jinn.
7. Individual Family Package Also Available. *
KARNAFULLY TRAVEL INC.
37-16 73rd St. Suite # 201 FR, Jackson Heights, NY 11372
Tel: +1-718-205-6050, Cell: +1-646 724 5933
karnafullytravel@yahoo.com I www.karnafullytravel.com

NY INSURANCE
BROKEAGE INC.
TLC INSURANCE SPECIALIST
718 476-2025
NY I
NY INSURANCE BROKERAGE

NY CAR & LIMO
SERVICES INC
BLACK & GREEN CAR BASE
718 727 4444
NY CAR & LIMO SERVICES INC B02902

BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730

DMV EXPRESS
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR

# হবিগঞ্জ জেলা কল্যাণ সমিতি যুক্তরাষ্ট্র ইন্‌ক
# Habigonj District Welfare Society USA Inc

EST : 1988

## নব নির্বাচিত কার্যকরী পরিষদ ২০২৫-২০২৭


সাব্বির হোসেন
সভাপতি


আকবর হোসেন সর্পণ
সহ-সভাপতি


সৈয়দ মোশাররফ হোসেন
সহ-সভাপতি


মোঃ দেলোয়ার হোসেন মানিক
সাধারণ সম্পাদক


আবুল কামাল আজাদ টিপু
সহ সাধারণ সম্পাদক


মোঃ রুবেল মিয়া
কোষাধ্যক্ষ


ইমরান আলী টিপু
সাংগঠনিক সম্পাদক


সৈয়দ জিয়াউল হাসান আসাদ
প্রচার ও দপ্তর সম্পাদক


জহির আহমেদ রাহুল
সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক


মোঃ ফখরুল আবেদীন মাছুম
আইন ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক


আব্দুল মুকছিত চৌধুরী রাজীব
ক্রিড়া ও যুব সম্পাদক


মোঃ জালাল উদ্দিন তালুকদার
সমাজ কল্যাণ ও আপ্যায়ন সম্পাদক


নুর জাহান চৌধুরী রোমা
মহিলা সম্পাদিকা


আজদু মিয়া তালুকদার
পদাধিকার বলে কার্যকরী সদস্য


মোঃ শফিউদ্দিন তালুকদার
কার্যকরী সদস্য


আতাউর রহমান
কার্যকরী সদস্য


রেজাউল আজাদ ভূঁইয়া রিজু
কার্যকরী সদস্য


মোঃ আবু তাহের চৌধুরী
কার্যকরী সদস্য


গোলাম মুহিত
কার্যকরী সদস্য


মোঃ মানিক মিয়া
কার্যকরী সদস্য

GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

# PCA HOME CARE সেবা

আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

Please Contact

**Shah Nawaz** MBA
*President & CEO*
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-7
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনিং

**JACKSON HTS OFFICE**
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

**BRONX OFFICE**
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

**HILLSIDE AVE. O**
170-18A Hillside
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-4

Email: info@goldenagehomecare.c

AGE
RE

HHA/PCA SERVICE

SKILLED NURSING

নিতে চান?
াথে যোগাযোগ করুন

প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো



Design by: ihopeprint.com, 929-538-7903

7852
96 Text: 646-591-8396
denagehomecare.com

ং স্কুল আছে

FFICE
e Ave
432
320
115

BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115

We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES

আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি

om | www.goldenagehomecare.com





## হাসিনার ফাঁসির রায়ে প্যাট্রিয়টস অব বাংলাদেশের মিলাদ

৬৪ পৃষ্ঠার পর

হাওলাদার,আব্দুল কাদের, দেলোয়ার হোসেন শিপন, লায়ন সোহেল আহমেদ, দিপন গাজী, জুয়েল জাকির,আতিক হোসন, মনির হোসেন,মোহাম্মদ দিপু, মোহাম্মদ মিজান,মোঃ নুর আমিন ও মোঃ কাউসার।

## তত্ত্বাবধায়ক পুর্নবহাল, ইউনূসের অধীনেই এবারের নির্বাচন

১ পৃষ্ঠার পর

রায় অবৈধ ঘোষণা করেছেন আপিল বিভাগ। একইসঙ্গে ত্রয়োদশ সংশোধনী বৈধ ঘোষণা করে সংবিধানে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা পুনর্বহাল করেছেন দেশের সর্বোচ্চ আদালত। তবে ফেব্রুয়ারিতে অনুষ্ঠেয় নির্বাচনে এই আদেশ প্রযোজ্য হবে না। এবারের নির্বাচন হবে অর্ন্তবর্তি সরকারের প্রধান ড. মুহাম্মদ ইউনূসের অধীনে। তবে ইউনূসের ক্যাবিনেটে কেউ নির্বাচন করতে চাইলে তাদেরকে তফসিল ঘোষণার আগেই সরকার থেকে পদত্যাগ করতে হবে।

বৃহস্পতিবার বাংলাদেশ সময় সকাল ৯টা ৪০ মিনিটে প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বে ৭ বিচারপতির পূর্ণাঙ্গ আপিল বিভাগ ঐতিহাসিক এক রায়ে তত্ত্বাবধায়ক ব্যবস্থা পুনর্বহাল করেন। বেঞ্চের অপর ৬ বিচারপতি হলেন বিচারপতি মো. আশফাকুল ইসলাম, বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী, বিচারপতি মো. রেজাউল হক, বিচারপতি এস এম ইমদাদুল হক, বিচারপতি এ কে এম আসাদুজ্জামান ও বিচারপতি ফারাহ মাহবুব।

এ রায়ের মাধ্যমে সংবিধানে স্বয়ংক্রিয়ভাবে তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা ফিরলেও আসন্ন ত্রয়োদশ জাতীয় সরকার নির্বাচন অনুষ্ঠিত হবে অর্ন্তবর্তি সরকারের অধীনে। চতুর্দশ জাতীয় সংসদ নির্বাচন থেকে তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা কার্যকর হবে বলে রায়ে বলা হয়েছে। প্রধান বিচারপতিসহ আপিল বিভাগের ৭ বিচারপতি সর্বসম্মতিক্রমে এ রায় দিয়েছেন।

এর আগে গত ১১ নভেম্বর নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা ফেরাতে আপিলের শুনানি শেষ হয়। এ বিষয়ে রায় ঘোষণার জন্য ২০ নভেম্বর দিন ধার্য করা হয়। টানা ১০ দিন শুনানি শেষে দেশের সর্বোচ্চ আদালত ঐতিহাসিক এ মামলার রায়ের দিন ঠিক করেন। আদালতে রিটের পক্ষে শুনানি করেন আইনজীবী ড. শরীফ ভূঁইয়া, বিএনপির পক্ষে শুনানি করেন জ্যেষ্ঠ আইনজীবী জয়নুল আবেদীন, ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজল। জামায়াতে ইসলামীর পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট মোহাম্মদ শিশির মনির। ইন্টারভেনর হিসেবে শুনানি করেন ব্যারিস্টার এহসান আবদুল্লাহ সিদ্দিকী, ব্যারিস্টার বদরুদ্দোজা বাদল, অ্যাডভোকেট মহসীন রশিদ, ব্যারিস্টার শাহরিয়ার কবির। রাষ্ট্রপক্ষে শুনানি করেন অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান, অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার অনীক আর হক।

গত ২১ অক্টোবর নির্বাচনকালীন তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা ফেরাতে আপিলের শুনানি শুরু হয়। এর আগে গত ২৭ আগস্ট তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বাতিলের রায় পুনর্বিবেচনা (রিভিউ) চেয়ে করা আবেদনের শুনানি শেষে আপিলের অনুমতি দেওয়া হয়।

এরপর ড. বদিউল আলম মজুমদারসহ পাঁচজন বিশিষ্ট ব্যক্তি, বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার আপিল করেন।

সংবিধানে তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা অর্ন্তভুক্ত করে সংবিধানের ত্রয়োদশ সংশোধনী জাতীয় সংসদে গৃহীত হয় ১৯৯৬ সালে। এ সংশোধনীর বৈধতা চ্যালেঞ্জ করে ১৯৯৮ সালে অ্যাডভোকেট এম সলিম উল্লাহসহ তিনজন আইনজীবী হাইকোর্টে রিট করেন। ২০০৪ সালের ৪ আগস্ট হাইকোর্ট বিভাগ এ রিট খারিজ করেন এবং তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থাকে বৈধ ঘোষণা করা হয়।

